

ট্রাম্পের শুল্কারোপ যুক্তরাষ্ট্রের ইতিহাসে বড় ভুল

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্ব বাণিজ্য সংস্থার নিয়ম অমান্য করে বিভিন্ন দেশের ওপর শুল্কারোপ করেছেন ডোনাল্ড *৮-এর পৃষ্ঠায় দেখুন*

সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট নজরদারির নির্দেশ

যুক্তরাষ্ট্রে ভ্রমনিচ্ছুদের জন্য নতুন সতর্কতা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ভিসার জন্য প্রত্যাশী ও আবেদন করা ব্যক্তির সামাজিক যোগাযোগ মাধ্যমের কর্মকাণ্ড খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। আমেরিকা ও ইসরায়েলি প্রশাসনের সমালোচকদের যুক্তরাষ্ট্রে প্রবেশ ঠেকাতেই এমন পদক্ষেপ নিচ্ছে *৫-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 27 / April 07, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৭ ॥ সোমবার, চৈত্র ২৪, ১৪৩১ ॥ শাওয়াল ৮, ১৪৪৬

হোমকেয়ার নিয়ে কাটেনি অনিশ্চয়তা

১৪ এপ্রিল আদালতের সিদ্ধান্ত

- দুই পক্ষকে আলোচনার পরামর্শ আদালতের
- যারা ট্রান্সফার হয়েছেন তাদের সার্ভিস দিবে পিপিএল

বাংলা পত্রিকা রিপোর্ট: বহুল আলোচিত হোম কেয়ার সার্ভিস নিয়ে আদালতে ৪ এপ্রিল দুই পক্ষের শুনানী হলেও চূড়ান্ত কোন সিদ্ধান্ত হয়নি। তবে এ নিয়ে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। সিডিপ্যাপ এজেন্সীগুলো আগামীতে এফআই হিসেবে কাজ করতে পারবে কিনা, নাকি পিপিএল একাই এফআই সিডিপ্যাপ হিসেবে কাজ করবে তা নিয়ে শুক্রবার আদালতে শুনানী হয়। শুনানীতে হোমকেয়ার এজেন্সীগুলো পিপিএল এর নিকট ষ্টেট হোমকেয়ার সিডিপ্যাপ প্রোগ্রাম স্থানান্তর আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বর্ধিত করার প্রস্তাব করে। তবে এরকম প্রস্তাবে দ্বিমত পোষণ করে স্টেট হেলথ ডিপার্টমেন্ট আগামী ৩০ এপ্রিল পর্যন্ত রাখার পক্ষে মত দেয়। শুনানী শেষে নিউইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্ট ও হোমকেয়ার এজেন্সী সংশ্লিস্ট দুই পক্ষকে নতুন করে আলোচনার পরামর্শ দিয়েছেন বিচারক এবং এ মামলার রায়ের পরবর্তী তারিখ ১৪ এপ্রিল নির্ধারণ করা হয়েছে।

এদিকে নির্দেশনা যেটি দেয়া হোক ইতিমধ্যে পিপিএলে যারা ট্রান্সফার ও রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন তারা ওই এজেন্সীর (পিপিএল) অধীনে হোমকেয়ার সিডিপ্যাপ সেবা গ্রহণ করবেন। আর যারা এখনো ট্রান্সফার ও রেজিস্ট্রেশন সম্পন্ন কোনটাই করেননি তাদের সার্ভিস কোন এজেন্সীর অধীনে হবে সেটি নিশ্চিত হওয়া যাবে ১৪ এপ্রিল আদালতের সিদ্ধান্তের পর। এমনটি জানিয়েছেন হোমকেয়ার সার্ভিস সংশ্লিষ্টরা।

এ ব্যাপারে ''বেস্ট কেয়ার'' হোমকেয়ার এজেন্সীর এডমিনিস্ট্রেটর সৈয়দ আল আমীন জানান, যে এজেন্সীরা তাদের কাছে থাকা সিডিপ্যাপ গ্রাহকদের ট্রান্সফার করেনি এমন প্রতিষ্ঠানগুলো আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সময় চেয়ে আদালতে পিটিশন দাখিল করে। অর্থ্যাৎ সিডিপ্যাপ সার্ভিসের সেবা গ্রহীতা যারা ট্রান্সফার হননি ও যারা ট্রান্সফার প্রসেসিং এ আছেন শুধু তাদের জন্য। শুক্রবার শুনানীতে বিচারক এ প্রস্তাবে রাজি হলেও নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ এ বিষয়ে দ্বিমত করেছে। হেলথ ডিপার্টমেন্ট আগামী ৩০ এপ্রিল পর্যন্ত দেয়া সময় রাখতে চাচ্ছে। পরে বিচারক দুই পক্ষকে এ সময়সীমা নিয়ে আলাপ-পরামর্শ করার প্রস্তাব দেন এবং আগামী ৮ এপ্রিল পর্যন্ত সময়সীমা বেধে দেন। এরপর আগামী ১৪ এপ্রিল এ বিষয়ে সিদ্ধান্ত দিবে আদালত। এছাড়া যারা নির্দিষ্ট ৩১ মার্চের মধ্যে ট্রান্সফার হননি তাদের অথরাইজেশন অটোমেটিকেলী চলে গেছে ১ এপ্রিল থেকে। আর যারা ট্রান্সফার হয়েছেন পিপিএলে তাদের অথরাইজেশন *১২-এর পৃষ্ঠায় দেখুন*

লঘু পাপে গুরুদণ্ড

দুই বাংলাদেশী শিক্ষার্থীর ভিসা বাতিল, গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে দুই বাংলাদেশী শিক্ষার্থীকে গ্রেপ্তার ও তাদের ভিসা বাতিল করেছে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি। এদের একজন নারী শিক্ষার্থী, যিনি ইসরায়েল বিরোধী বিক্ষোভ সমাবেশে অংশ নেওয়ায় অভিযোগে এবং আরেকজন চুরির মামলা সংক্রান্ত কারণে গ্রেপ্তার হয়েছেন অভিবাসনবিরোধী ফেডারেল অভিযানে। আমেরিকান ইন্টারন্যাশনাল বার *৭-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্পের নির্দেশ মানবে না শিক্ষা বিভাগ

নিউইয়র্কে ডাইভার্সিটি বিরোধী কর্মসূচী বিলোপের উদ্যোগ

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের ডাইভার্সিটি বিরোধী কর্মসূচী বিলুপের আদেশ মানতে অস্বীকৃতি জানিয়েছে নিউইয়র্ক স্টেট পাবলিক স্কুল ডিপার্টমেন্ট।

এপি নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, নিউইয়র্ক স্টেট পাবলিক স্কুল ডিপার্টমেন্টের কর্মকর্তারা ট্রাম্প প্রশাসনের দাবির মুখে স্পষ্ট জানিয়ে দিয়েছেন যে, তারা জনসাধারণের স্কুলগুলোতে বৈচিত্র, সমতা ও অন্তর্ভুক্তি (diversity, equity & inclusion. DEI) সংক্রান্ত নীতিমালা বন্ধ করার নির্দেশ মানবেন না। যদিও প্রশাসন এই নীতিমালা বন্ধ না করলে ফেডারেল শিক্ষা তহবিল বাতিল করার কঠোর *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রে প্রবেশকারীদের

মোবাইলসহ ডিভাইস চেকিং বাধ্যতামূলক!

বাংলা পত্রিকা রিপোর্ট: এবার যুক্তরাষ্ট্রে বৈধ ভিসাধারী ও গ্রীনকার্ড হোল্ডারদের যুক্তরাষ্ট্রে প্রবেশ বা ফিরে আসারসময় তাঁর সাথে থাকা মোবাইলসহ যত ডিভাইস রয়েছে সেসব কাস্টমস এন্ড বর্ডার প্রটেকশন এজেন্টদের চেকিং করতে দিতে হবে। এ সময় যদি যুক্তরাষ্ট্র বিরোধী কিংবা পররাষ্ট্রনীতি বহির্ভূত কোন কিছু ডিভাইসে থাকে তাহলে সিবিপি কর্মকর্তারা ওই ব্যক্তিকে ডিপোর্ট ও ভিসা বাতিল করতে পারবেন। এরকম সিদ্ধান্তে যুক্তরাষ্ট্রে প্রাইভেসী ক্ষুণ্ন হতে পারে বলে মত বিশ্লেষকদের।

জানা গেছে, সম্প্রতি ইসরায়েল বিরোধী (ইহুদী বিদ্বেষ) দমাতে ট্রাম্প প্রশাসন বিদেশী শিক্ষার্থীদের ও গ্রীন কার্ডধারীদের গ্রেপ্তার এবং তাদের ভিসা বাতিলে অভিবাসী বিরোধী অভিযান অব্যাহত রেখেছে। বিশেষ করে ইসরাইল পন্থীরা এ অভিযানে ধারপাকড়ের শিকার হচ্ছেন। ইতিমধ্যে যুক্তরাষ্ট্রে প্রবেশের সময় একাধিক গ্রীন কার্ডধারীকেও ডিপোর্ট করেছে এয়ারপোর্ট থেকে। সর্বশেষ ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী যুক্তরাষ্ট্র প্রবেশের সময় নন সিটিজেনদের মোবাইলসহ সাথে থাকা সকল ডিভাইস চেকিংয়ের নির্দেশনা দেয়া হয়েছে। এ *৭-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

ট্রাম্পের গণ ডিপোর্টেশন অব্যাহত

লক্ষাধিক অবৈধ অভিবাসী বহিষ্কার, গ্রেফতার

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী অভিযানে চলতি বছরের তিন মাসে ১ লাখ ১৩ হাজার অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার ও ডিপোর্ট করা হয়েছে লাখ অভিবাসীকে। যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে অবৈধভাবে অবস্থানরত ও সীমান্ত দিয়ে অবৈধ প্রবেশের সময় এসব অভিবাসীকে *৫-এর পৃষ্ঠায় দেখুন*

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বাংলাদেশসহ ১৩ দেশের ওপর সৌদি ভিসা নিষেধাজ্ঞা

বাংলা পত্রিকা ডেস্ক: হজ মৌসুমকে সামনে রেখে বাংলাদেশসহ ১৩ দেশের ওপর অস্থায়ী ভিসা নিষেধাজ্ঞার ঘোষণা দিয়েছে সৌদি আরব। এই স্থগিতাদেশ ওমরাহ, ব্যবসায়িক এবং পারিবারিক ভিসার ক্ষেত্রে প্রযোজ্য হবে বলে জানিয়েছে দেশটির কূটনৈতিক সূত্র। জুনের মাঝামাঝি পুনরায় ভিসা চালু করার কথা রয়েছে। এ খবর দিয়েছে পাকিস্তানের সংবাদমাধ্যম এআরওয়াই নিউজ।

এতে বলা হয়, অস্থায়ী ভিসা নিষেধাজ্ঞার আওতায় পড়া দেশগুলো হলো- বাংলাদেশ, পাকিস্তান, ভারত, মিশর, ইন্দোনেশিয়া, ইরাক, নাইজেরিয়া, জর্ডান, আলজেরিয়া, সুদান, ইথিওপিয়া, তিউনিসিয়া এবং ইয়েমেন। ওমরাহ ভিসাধারীরা ১৩ই এপ্রিল পর্যন্ত সৌদিতে প্রবেশ করতে পারবেন বলে নিশ্চিত করে সৌদি কর্তৃপক্ষ।

অবৈধভাবে হজপালন ঠেকাতে এই পদক্ষেপ নিয়েছে দেশটির সরকার। কেননা আগে অনেক হজযাত্রী মাল্টিপল-এন্ট্রি ভিসায় সৌদিতে প্রবেশ করে সেখানে অবৈধভাবে অবস্থানের চেষ্টা করেছে। যার ফলে হজের সময় অতিরিক্ত ভিড় এবং নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়। এই অস্থায়ী নিষেধাজ্ঞার পেছনে আরেকটি বড় কারণ হচ্ছে- সেখানে ভ্রমণ ভিসায় যাওয়া ব্যক্তিরা অবৈধ উপায়ে কাজ করে। ব্যবসায়িক এবং পারিবারিক ভিসায় প্রবেশ করা অনেক ব্যক্তি সেখানে অননুমোদিতভাবে কাজের চেষ্টা করেন, যা ভিসার শর্ত ভঙ্গ করে এবং শ্রমবাজারে ব্যাঘাত সৃষ্টি করে।

৮ লাখের মধ্যে ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গা ফেরত যাওয়ার যোগ্য: মিয়ানমার

বাংলা পত্রিকা ডেস্ক: কক্সবাজারে আশ্রয় নেওয়া তালিকাভুক্ত ৮ লাখ রোহিঙ্গার মধ্যে ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গা মিয়ানমারে ফেরত যাওয়ার যোগ্য বলে জানিয়েছে দেশটির জান্তা সরকার। চূড়ান্ত যাচাই বাছাইয়ের পর্যায়ে আছে আরও ৭০ হাজার রোহিঙ্গা।

বাংলাদেশের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যাবিষয়ক বিশেষ প্রতিনিধি খলিলুর রহমানকে এ কথা জানিয়েছেন মিয়ানমারের জান্তা সরকারের উপপ্রধানমন্ত্রী ইউ থান শিউ। থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে বিমসটেক শীর্ষ সম্মেলনের ফাঁকে শুক্রবার বৈঠক করেন তাঁরা।

প্রধান উপদেষ্টার ফেসবুক পেজে শুক্রবার দেওয়া এক পোস্টে এ তথ্য জানানো হয়েছে।

বাংলাদেশ ২০১৮-২০ সালে ছয় ধাপে মিয়ানমারকে রোহিঙ্গাদের তালিকা দেয়। সেই তালিকা থেকে ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গা নিয়ে মিয়ানমারের নতুন দৃষ্টিভঙ্গিকে দীর্ঘদিন ধরে ঝুলে থাকা রোহিঙ্গা সংকট সমাধানের পথে বড় অগ্রগতি বলছে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার।

মিয়ানমারের পক্ষ থেকে জানানো হয়, বাংলাদেশের দেওয়া তালিকায় থাকা ৮ লাখ রোহিঙ্গার মধ্যে মিয়ানমার ১ লাখ ৮০ হাজার রোহিঙ্গাকে ফেরত যাওয়ার যোগ্য বলে শনাক্ত করেছে। এ ছাড়া চূড়ান্ত যাচাই-বাছাইয়ের পর্যায়ে ৭০ হাজার রোহিঙ্গার নাম ও ছবি আরও খতিয়ে দেখা হচ্ছে। এর বাইরে আরও সাড়ে ৫ লাখ রোহিঙ্গার যাচাই-বাছাইয়ের কাজ জরুরি ভিত্তিতে



করবে জান্তা সরকার।

শুক্রবারের বৈঠকে মিয়ানমারে ভূমিকম্পে নিহতদের জন্য শোক জানানো হয় বাংলাদেশের পক্ষ থেকে। পাশাপাশি মিয়ানমারের দুর্যোগপীড়িত জনগণের জন্য মানবিক সহায়তা পাঠাতে বাংলাদেশ প্রস্তুত থাকার কথা জানানো হয়।

জানতে চাইলে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মো. মিজানুর রহমান বলেন, '২০১৮ সালে আমরা মিয়ানমারকে ৮ লাখ রোহিঙ্গার তালিকা দিয়েছি। সম্ভবত ওই তালিকা থেকে ভ্যারিফাই (যাচাই-বাছাই) করে তারা একটা ফিগার (সংখ্যা) জানিয়েছে সরকারকে।'

১ হাজার ১০০ রোহিঙ্গাকে ফেরত পাঠানোর জন্য ২০২৩ সালে একটি পরীক্ষামূলক প্রকল্প নেওয়া হয়েছিল জানিয়ে মিজানুর রহমান বলেন, 'সেটিও সফল হয়নি। এখন যেহেতু সরকারি পর্যায়ে ঘোষণা এসেছে, আমরা রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়ে প্রস্তুত আছি।'

উল্লেখ্য, ২০১৮ সালের জানুয়ারিতে রোহিঙ্গাদের রাখাইনে ফিরিয়ে নিতে বাংলাদেশের সঙ্গে চুক্তি সই করেছিল মিয়ানমার। চুক্তি সইয়ের দুই মাসের মধ্যে প্রত্যাবাসনপ্রক্রিয়া শুরুর কথা ছিল। কিন্তু প্রত্যাবাসন কবে শুরু হবে, তা কেউ নিশ্চিত করতে পারেনি তখন। পরে প্রত্যাবাসনও শুরু করা যায়নি। সে সময় নাগরিকত্ব, নিরাপত্তা, নিজ জমিতে ফেরার নিশ্চয়তাসহ ৮ দফা দাবি জানিয়েছিল রোহিঙ্গারা।

ওই সময় জাতিসংঘ মানবাধিকার কমিশনের মিয়ানমারবিষয়ক দূত ইয়াংহি লি রোহিঙ্গাদের ফেরত পাঠানোর বিষয়টি স্বেচ্ছায় হতে হবে বলে জানিয়েছিলেন কাতারভিত্তিক টিভি চ্যানেল আল-জাজিরাকে।

এরপর ২০২৩ সালের অক্টোবরে চীনের মধ্যস্থতায় ১ হাজার ১০০ রোহিঙ্গাকে ফেরত পাঠাতে একটি প্রকল্প নেওয়া হয়। এর অংশ হিসেবে বান্দরবানের নাইক্ষ্যংছড়ি ও কক্সবাজারের টেকনাফে পৃথক পাঁচটি ট্রানজিট কেন্দ্র নির্মাণ করা হয়েছিল। ২০২৩ সালের নভেম্বর মাসের মধ্যে কেন্দ্রগুলোর নির্মাণকাজ শেষ করে ডিসেম্বরে প্রত্যাবাসন শুরু হওয়ার কথা থাকলেও সেটি আলোর মুখ দেখেনি। কক্সবাজারের উখিয়া ও টেকনাফের ৩৩টি আশ্রয়শিবিরে বর্তমান নিবন্ধিত রোহিঙ্গার সংখ্যা সাড়ে ১২ লাখ। এর মধ্যে ৮ লাখ এসেছে ২০১৭ সালের ২৫ আগস্টের পরের কয়েক মাসে। কিন্তু গত প্রায় আট বছরে একজন রোহিঙ্গাকেও মিয়ানমারে ফেরত পাঠানো যায়নি।



রাষ্ট্রের মূলনীতি প্রশ্নে বিপরীত অবস্থানে বিএনপি-জামায়াত

ঢাকা ডেস্ক: সংবিধান ও রাষ্ট্র পরিচালনার মূলনীতি পরিবর্তনের বিষয়ে ভিন্ন অবস্থান নিয়েছে বিএনপি ও জামায়াতে ইসলামী। সংবিধানের মূলনীতি ও রাষ্ট্র পরিচালনার মূলনীতি থেকে ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র ও জাতীয়তাবাদ বাদ দেওয়ার সুপারিশ করেছে সরকার গঠিত সংবিধান সংস্কার কমিশন। এতে একমত নয় বিএনপি। কিন্তু জামায়াত এ বিষয়ে একমত জানিয়েছে। এমনকি দলটি এ বিষয়ে সংস্কার কমিশনের সুপারিশে একাত্ম হয়ে আর কোনো ব্যাখ্যার প্রয়োজন মনে করেনি।

তবে সংবিধান সংস্কার কমিশন সংবিধানের মূলনীতি হিসেবে 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্র' অন্তর্ভুক্ত করার যে সুপারিশ করেছে, সেখান থেকে 'বহুত্ববাদ' শব্দটি বাদ দিতে বলেছে জামায়াত। 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্র'-এর আগে সংবিধানের মূলনীতি হিসেবে 'সর্বশক্তিমান আল্লাহর ওপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ' কথাগুলো যুক্ত করার মতামত তুলে ধরেছে দলটি।

জাতীয় ঐকমত্য কমিশনে জমা দেওয়া সংবিধান সংস্কার কমিশনের সুপারিশের ওপর জামায়াত এ মতামত তুলে ধরেছে। গত ২০ মার্চ দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সংবিধানসহ পাঁচ সংস্কার কমিশনের সুপারিশের ওপর মতামত জমা দেয়। এর দুই দিন পর ২৩ মার্চ মতামত জমা দেয় বিএনপি। পৃথক মতামতে সংবিধান ও রাষ্ট্র পরিচালনার মূলনীতির প্রশ্নে দল দুটির ভিন্ন ভিন্ন অবস্থান প্রকাশ পায়। যদিও দল দুটি দীর্ঘদিন একই জোটে ছিল। সাম্প্রতিক সময়ে তাদের মধ্যে রাজনৈতিক বৈরিতা ক্রমেই বাড়ছে।

সংবিধান সংস্কার কমিশনের প্রস্তাবে সংবিধানের মূলনীতি হিসেবে বলা হয়েছে, 'বাংলাদেশ একটি বহুত্ববাদী, বহুজাতি, বহুধর্মী, বহুভাষী ও বহু সংস্কৃতির দেশ, যেখানে সব সম্প্রদায়ের সহাবস্থান ও যথ যথ মর্যাদা নিশ্চিত করা হবে।' এ বিষয়ে জামায়াত আংশিকভাবে একমত জানিয়ে 'বহুত্ববাদী' শব্দটি বাদ দেওয়া এবং 'জাতি, ধর্ম, বর্ণ ও নৃ-তাত্ত্বিক পরিচয় নির্বিশেষে বাংলাদেশের নাগরিকগণ যথাযথ মর্যাদা ও অধিকতর ভোগ করবে' এ কথাগুলো প্রতিস্থাপন করার প্রস্তাব করেছে।

অন্যদিকে এ বিষয়ে বিএনপি দ্বিমত জানিয়ে বলেছে, সংবিধানের ৮, ৯, ১০ ও ১২ অনুচ্ছেদ পঞ্চদশ সংশোধনীর আগের অবস্থায় ফিরিয়ে নেওয়া অধিকতর যুক্তিযুক্ত। সংবিধানের ৮ অনুচ্ছেদে বলা হয়েছে, 'জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাড়এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এই ভাগে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্র পরিচালনার মূলনীতি বলিয়া পরিগণিত হইবে।' অনুচ্ছেদ ৯, ১০, ও ১২-এ জাতীয়তাবাদ, সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা ও ধর্মনিরপেক্ষতা নীতি বাস্তবায়নের কথা বলা হয়েছে।

এই অনুচ্ছেদগুলো পঞ্চদশ সংশোধনীর আগের অবস্থায় নেওয়াকে সমীচীন মনে করে বিএনপি। মূলত তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করে আওয়ামী লীগ সরকারের আমলে ২০১১ সালের ৩০ জুন জাতীয় সংসদে সংবিধানের পঞ্চদশ সংশোধনী আইন পাস করা হয়।

রাষ্ট্রীয় মূলনীতি প্রশ্নে বিএনপির এ অবস্থানকে একেবারেই দলীয় দৃষ্টিকোণ থেকে বলে মনে করেন লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ। তিনি বলেন, বিএনপি সর্বশেষ যখন ক্ষমতায় ছিল, তখন তারা যে অবস্থায় সংবিধানকে রেখে গিয়েছিল, সেই অবস্থাতেই ফেরত চাইছে। তারা বাহাত্তরের চার মূলনীতিও চায় না। ১৯৭৬ সালে অধ্যাদেশের মাধ্যমে যেটা হয়েছিল, তারা মূলত সেটা চায়। ১৯৭৬ সালে অধ্যাদেশের মাধ্যমে জিয়াউর রহমান বাহাত্তরের সংবিধানের চার মূলনীতি বাদ দিয়েছিলেন। এটা রাজনৈতিকভাবে জামায়াতকে সুবিধা দেয়। এ জন্য ওই চার মূলনীতি জামায়াত বাতিল চায়।

তবে সংস্কার কমিশন সংবিধানের মূলনীতিতে 'বহুত্ববাদ'-এর যে সুপারিশ করেছে, সেটাকে খুবই 'প্রাসঙ্গিক' বলে উল্লেখ করেন মহিউদ্দিন আহমদ। তিনি 'ধর্মনিরপেক্ষতার' বিষয়ে রাষ্ট্রীয়ভাবে চর্চা এবং এর ধারণাগত দিককে 'বিভ্রান্তিমূলক' মনে করেন।

জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের দল জাতীয় নাগরিক পার্টিও (এনসিপি) সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি থেকে জাতীয়তাবাদ, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা বাদ দিয়ে 'সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ ও গণতন্ত্র' অন্তর্ভুক্ত করার সুপারিশের সঙ্গে একমত পোষণ করেছে। তবে তারা সংবিধান সংস্কার কমিশন রাষ্ট্রের নাম পরিবর্তনের যে সুপারিশ করেছে, তাতে আপত্তি জানিয়েছে। পাশাপাশি বহুত্ববাদের সংজ্ঞা সুনির্দিষ্ট করার ওপর জোর দিয়েছে।

সংবিধানের ৭০টি প্রশ্নের ৩১টিতে একমত

ঐকমত্য কমিশনে জমা দেওয়া স্প্রেডশিটে দেখা যায়, সংবিধান সংস্কার কমিশনের সুপারিশে ৭০টি প্রশ্নের মধ্যে ৩১টিতে জামায়াত একমত। ২৩টি প্রশ্নে তারা একমত নয়। আর ১৬টি প্রশ্নে দলটি আংশিকভাবে একমত হয়েছে।

সংবিধান সংস্কার কমিশনের সুপারিশে বলা হয়, নাগরিকতন্ত্র হিসেবে 'প্রজাতন্ত্র' এবং 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' শব্দগুলোর পরিবর্তে 'নাগরিকতন্ত্র' এবং 'জনগণতন্ত্রী বাংলাদেশ' ব্যবহৃত হবে। এ বিষয়ে জামায়াত একমত নয়।

নাগরিকতন্ত্রে 'সংবিধানবিষয়ক অপরাধ ও সংবিধান সংশোধনের সীমাবদ্ধতা, অনুচ্ছেদ ৭ক এবং ৭খ বিলুপ্ত' করার সুপারিশ করেছে কমিশন। এ বিষয়ে জামায়াত অনুচ্ছেদ ৭খ বিলুপ্ত করার সুপারিশে একমত। তবে অনুচ্ছেদ ৭ক বিলুপ্তির সুপারিশের ব্যাপারে জামায়াত 'যদি কোনো গণবিপ্লব বা গণ-অভ্যুত্থানের মাধ্যমে এ সংবিধানের রদ, রহিত, বাতিল বা স্থগিত করা হয়, অথবা উহার উদ্যোগ গ্রহণ করা হয়, তাহলে এটা কোনো অপরাধ হিসেবে গণ্য হবে না' বিষয়টি সংযুক্ত করার কথা বলেছে।

'সংসদীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ন্যূনতম বয়স কমিয়ে ২১ বছর করার' সুপারিশের বিষয়ে জামায়াত একমত জানিয়েছে। তবে আইনসভায় ৪০০ আসনের মধ্যে ৩০০টি আসন উন্মুক্ত এবং ১০০টিতে কেবল নারী প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করবেন এমন সুপারিশের বিষয়ে জামায়াতের দ্বিমত রয়েছে। দলটি বলেছে, 'আনুপাতিক প্রতিনিধিত্বমূলক (পিআর) নির্বাচনব্যবস্থার আওতায় ৩০০টি সাধারণ আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। নারীদের জন্য সংরক্ষিত ৫০ আসনে সংখ্যাভিত্তিক পিআর পদ্ধতিতে রাজনৈতিক দলসমূহ দ্বারা মনোনীত হবে।'

সংসদে দুজন ডেপুটি স্পিকার, যাঁদের মধ্যে একজন বিরোধী দল থেকে মনোনীত হবেন এ সুপারিশের বিষয়ে জামায়াত আংশিক একমত। দলটি বলেছে, বিরোধী দলের ডেপুটি স্পিকার সরকারি দলের বাইরে অন্য সদস্যদের ভোটে নির্বাচিত হবেন।

' এ ক জ ন *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

জ্যাকসন হাইটস মুনা সেন্টারে ঈদ জামাত

নিউইয়র্ক: নিউইয়র্ক সিটিতে বাংলাদেশীদের বাণিজ্যিক রাজধানী হিসেবে খ্যাত জ্যাকসন হাইটসে ৩৫-৩৫,৭১ স্ট্রিটে মুনা ঈদগাহে ঈদুল ফিতরের জামাত অনুষ্ঠিত হয়েছে। মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটস (মসজিদ নামিরাহ) আয়োজিত সেন্টারের পাশে নিজস্ব জায়গায় খোলা আকাশে নিচে অনুষ্ঠিত ঈদের নামাজের ইমামতি করেন মসজিদের ইমাম ও খতিব মাওলানা ওলিউর রহমান সিরাজী। নামাজের পূর্বে উপস্থিত মুসল্লিদের শুভেচ্ছা জানান সেন্টার পরিচালনা কমিটির সভাপতি মমিনুল ইসলাম মজুমদার, নিউইয়র্ক সিটির ডিস্ট্রিক্ট-২৫'র কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান।

ঈদের জামাতের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন কায়কোবাদ কবির, নাসির উদ্দিন আহমেদ, মু. ফখরুল ইসলাম মাছুম, আজগর আলী, প্রফেসর সোলায়মান, ইকবাল মান্নান, হামিমুর রহমান হামিম, লোকমান হোসেন, আতাউর রহমান, আবু হক রুমি, সিদ্দিকুর রহমান, আরাফাত রহমান, আব্দুল হাকিম মিয়া, আব্দুর রহমান, আশরাফুল আলম মিলন, ফকির গোলাম মোস্তফা, ফেরদৌস আলম, আকলিম চৌধুরী, আব্দুর রশিদ সানা, মিজানুর রহমান, আহসান খান, সাঈদ আহমেদ, আনোয়ার হোসেন সহ আরো অনেকে।

উল্লেখ্য 'জ্যাকসন হাইটস মুনা ঈদগাহে' খোলা আকাশের নীচে ঈদের নামাজের বিপুল সংখ্যক মুসল্লি অংশগ্রহন করেন। এতে মহিলাদের জন্য নামাজের ব্যবস্থা করা হয় মসজিদে দ্বিতীয় ও তৃতীয় তলায়। জামাত শেষে উপস্থিত মুসল্লিদেরকে আপ্যায়য়ন এবং শিশু-কিশোরদেরকে বেলুন ও খেলনা প্রদান করা হয়।-- প্রেস বিজ্ঞপ্তি

মেয়র এরিক অ্যাডামসের দুর্নীতি মামলা স্থায়ীভাবে বাতিল

প্রাইমারিতে স্বতন্ত্র প্রার্থী হিসেবে পুনর্নির্বাচনের ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের বিরুদ্ধে আনা যুক্তরাষ্ট্রের ইতিহাসের অন্যতম বড় ফেডারেল দুর্নীতি মামলাটি স্থায়ীভাবে বাতিল হয়েছে। গত ২ এপ্রিল বুধবার ফেডারেল জজ ডেল হো মামলাটি 'উইথ প্রিজুডিস' ঘোষণা করেন, যার অর্থ অ্যাডামসকে একই অভিযোগে ভবিষ্যতে আর কখনও অভিযুক্ত করা যাবে না। এই রায়ের মধ্য দিয়ে দীর্ঘ ৮ মাসের আইনি অনিশ্চয়তার অবসান হয়েছে ডেমোক্র্যাট মেয়রের জন্য। যিনি ২০২৫ সালের মেয়র নির্বাচনে লড়াই করার প্রস্তুতি নিচ্ছেন। মামলা থেকে মুক্তি পেয়ে অ্যাডামসের আইনজীবী অ্যালেক্স স্পিরো বলেছেন, 'এই মামলা রাজনৈতিক উদ্দেশ্যে প্ররোচিত ছিল।'

এদিকে মেয়র এরিক অ্যাডামস ডেমোক্র্যাটিক প্রাইমারি থেকে সরে এসে স্বতন্ত্র প্রার্থী হিসেবে পুনর্নির্বাচন করার ঘোষণা দিয়েছেন। বৃহস্পতিবার (৩ এপ্রিল) এক্সে প্রকাশিত এক ভিডিও বার্তায় তিনি এ ঘোষণা দেন। ভিডিও বার্তায় এরিক অ্যাডামস বলেন, আগামী জুনে ডেমোক্র্যাটিক প্রাইমারিতে তিনি প্রতিদ্বন্দ্বিতা করবেন না। কারণ হিসেবে তিনি বলেছেন, তার বিরুদ্ধে আনিত মিথ্যা ফৌজদারি মামলা 'অনেক দীর্ঘায়িত ছিল যা তার প্রচারণায় বাধা দিয়েছিল। এবং বর্তমানে প্রচারণা চালানো অনেক কঠিন হয়ে পড়েছে'। অ্যাডামস ডেমোক্র্যাটিক প্রাইমারিতে থাকবেন কিনা তা নিয়ে তীব্র জল্পনা-কল্পনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যা নিউইয়র্কের বেশ কয়েকজন গুরুতর প্রতিপক্ষকে অবাকই করেছে।



The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

ট্রাম্পের ৩৭ শতাংশ শুল্কারোপ; বাংলাদেশের অশনিসংকেত

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগেই বলে রেখেছিলেন, ২ এপ্রিল শুল্ক নিয়ে কথা বলবেন। বিভিন্ন দেশের সঙ্গে আমেরিকার বাণিজ্য করার সময় বাণিজ্য ঘাটতি থাকে ১ দশমিক ২ ট্রিলিয়ন ডলার।

সেই ঘাটতি কমিয়ে আনার জন্যই তিনি শুল্ক বাড়িয়ে আমেরিকা লাভবান হতে পারে, এ রকম একটি আবহ সৃষ্টি করতে চাইছেন।

এতে যুক্তরাষ্ট্রের সঙ্গে পৃথিবীর যে দেশগুলো বাণিজ্য করে আসছিল, তারা বিপদে পড়বে। ট্রাম্পের এই নীতির সঙ্গে বোঝাপড়া করার জন্য বিভিন্ন দেশ তৈরি হচ্ছে। যুক্তরাষ্ট্র শুল্ক বাড়িয়েছে, পাল্টা ব্যবস্থা হিসেবে তারাও যুক্তরাষ্ট্রের পণ্যের ওপর শুল্ক বাড়িয়ে দেবে এ রকম ভাবনাও আছে কারও কারও। তবে বাংলাদেশ এই পরিস্থিতি কীভাবে মোকাবিলা করবে তা নিয়ে ভাবাটাই এখন সবচেয়ে জরুরি।

আমরা জানি, এত দিন বাংলাদেশের পণ্য যুক্তরাষ্ট্র দেশে ঢোকার সময় ১৫ দশমিক ৬২ শতাংশ শুল্ক দিতে হতো। এখন দিতে হবে ৩৭ শতাংশ। অঙ্কের হিসাবে এই শুল্কের অর্থ কী, তা হয়তো অনভিজ্ঞ মানুষের নজর এড়িয়ে যাবে। কিন্তু আমাদের পোশাকশিল্প যে এতে ভয়াবহভাবে ক্ষতিগ্রস্ত হবে, সে ব্যাপারে কোনো সন্দেহ নেই। মূলত পোশাকশিল্প সেক্টরে আমাদের প্রতিদ্বন্দ্বী চীন, ভারত ও ভিয়েতনাম। এই দেশগুলোর জন্যও যুক্তরাষ্ট্র শুল্ক আরোপ করেছে। কিন্তু একমাত্র ভিয়েতনাম ছাড়া অন্য দুটি দেশে শুল্ক বৃদ্ধির পরিমাণ বাংলাদেশের চেয়ে কম। এতে যা হবে, তা হলো, প্রতিদ্বন্দ্বিতা বা প্রতিযোগিতার পর বাংলাদেশের পণ্য মার্কিন দেশে ঢোকার ক্ষেত্রে যথেষ্ট বেগ পেতে হবে। এর সরাসরি প্রভাব পড়বে আমাদের দেশের তৈরি পোশাকশিল্পে। যে সংখ্যক কর্মচারী এই প্রতিষ্ঠানগুলোর সঙ্গে যুক্ত, তাঁদের অনেকেই চাকরি হারাবেন। এমনিতেই বেকার সমস্যায় জর্জরিত এই দেশে নতুন করে বিপুলসংখ্যক মানুষ বেকার হয়ে যেতে পারেন। কীভাবে এই মহাসংকট এড়ানো যায়, তা নিয়ে অবিলম্বে ভেবে এ থেকে বের হওয়ার উপায় খুঁজতে হবে।


যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি বেশি, তাদের ওপরই বাড়তি শুল্ক আরোপ করার কথা ভেবেছে ট্রাম্প সরকার। যে ৪৮টি দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বড় ধরনের বাণিজ্য ঘাটতি আছে, তার মধ্যে শীর্ষে রয়েছে চীন, মেক্সিকো আর ভিয়েতনাম। এই তালিকায় বাংলাদেশের অবস্থান ২৫তম। বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি মাত্র ৬ বিলিয়ন ডলার। দুই দেশের মধ্যে ব্যবসাই হয় ১০ দশমিক ৬ বিলিয়ন ডলারের। যুক্তরাষ্ট্র বাংলাদেশে ২ দশমিক ২ বিলিয়ন ডলারের পণ্য পাঠায়। বাংলাদেশ যুক্তরাষ্ট্রে পাঠায় ৮ দশমিক ৪ বিলিয়ন ডলারের পণ্য। বিশাল বাণিজ্য ঘাটতির তুলনায় এ পরিসংখ্যান খুবই নগণ্য। কিন্তু তারপরও ট্রাম্পের দৃষ্টিতে বাংলাদেশের পণ্যে শুল্ক বাড়ানোর প্রয়োজন আছে বলে মনে হয়েছে।

বাংলাদেশের জন্য এ এক অশনিসংকেত। আমাদের সরকার, আমাদের অর্থনীতি ও পরিকল্পনার সঙ্গে সংশ্লিষ্ট মানুষেরা এই বিপর্যয় মোকাবিলার জন্য এখনই কূটনৈতিকভাবে তৎপর হতে পারেন। বিশ্বের অন্য দেশগুলো কীভাবে এই বিপর্যয় মোকাবিলা করে, সেদিকেও লক্ষ রাখতে হবে। ট্রাম্পের এই ঘোষণা সারা বিশ্বের বাণিজ্যের জন্যই ভয়াবহতা বয়ে আনতে পারে। সতর্ক হওয়া দরকার।



নির্বাচন নিয়ে ধোঁয়াশা

আহমেদ শমসের



দেশে জাতীয় সংসদ নির্বাচন কবে হবে, তা নিয়ে একধরনের ধোঁয়াশা তৈরি হয়েছে। রাজনৈতিক দলগুলোর মধ্যে নির্বাচন ইস্যুতে ঐকমত্যের অভাব রয়েছে। মহান স্বাধীনতা দিবস ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, 'নির্বাচনের ব্যাপারে আমি আগেও বলেছি, আবারও বলছি, এ বছর (২০২৪) ডিসেম্বর থেকে আগামী বছরের জুনের মধ্যে নির্বাচন হবে।'

প্রধান উপদেষ্টার বক্তব্যের প্রতিক্রিয়ায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, নির্বাচনের বিষয়ে প্রধান উপদেষ্টার বক্তব্য 'অস্পষ্ট'। তিনি বলেন, 'ডিসেম্বর থেকে জুন পর্যন্ত ছয় মাস। এখনো কোনো রোডম্যাপ দেওয়া হয়নি। আমরা বারবার স্পষ্ট রোডম্যাপ এবং দ্রুত নির্বাচনের কথা বলে আসছি। তা না হলে যেসব সংকট সৃষ্টি হচ্ছে, সেগুলো কাটবে না।'

অন্যদিকে নবগঠিত রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, সংস্কার ও বিচার ছাড়া নির্বাচন দিলে মেনে নেওয়া হবে না।

বিএনপি নেতাদের কথা থেকে মনে হয়, দ্রুত প্রয়োজনীয় সংস্কার করে চলতি বছরের ডিসেম্বরের মধ্যে সংসদ নির্বাচন করার রোডম্যাপ না দিলে মাঠের আন্দোলন শুরু করতে পারে দলটি। আবার এনসিপিও শুরু করতে পারে আন্দোলন। তবে তারা আন্দোলন করবে সংস্কার, শেখ হাসিনাসহ 'আওয়ামী দুর্বৃত্তদের' বিচারের দাবিতে।

এখন প্রশ্ন উঠছে, কাদের দাবি অন্তর্বর্তী সরকারের কাছে বেশি মান্যতা পাবে? নিশ্চয়ই বিএনপির চেয়ে এনসিপির দাবি সরকারের কাছে অগ্রাধিকার পাবে। কারণ, শেখ হাসিনা সরকারের পতনের যে আন্দোলন তাতে বড় ভূমিকা বিএনপির ছিল না, সেটা ছিল যাঁরা এনসিপি গঠন করেছেন, তাঁদের।

আবার বিএনপির দীর্ঘদিনের মিত্র জামায়াতে ইসলামীর অবস্থান এখন বিএনপির চেয়ে এনসিপির বেশি কাছাকাছি। তারা বলছে, নির্বাচন এবং সংস্কার সমান গুরুত্বপূর্ণ। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকার আমলের অন্তিম লগ্নে নিষিদ্ধ হওয়া এবং এখনো নিবন্ধন না হওয়া দলটি মনে করে, আগামী বছরের জুনের মধ্যেই নির্বাচন ও সংস্কার সম্ভব।

রাজনৈতিক অঙ্গনে এখন নানা ধরনের জল্পনাকল্পনা চলছে। ড. মুহাম্মদ ইউনূসের সরকারকে অন্তত ২০২৯ সাল পর্যন্ত রাখার প্রস্তাব উঠছে। কিন্তু সেটা কীভাবে সম্ভব, তা কারও কাছেই খুব স্পষ্ট নয়। আবার এমন প্রস্তাবও দেওয়া হয়েছে যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের অভিজ্ঞতার ভান্ডার আরও সমৃদ্ধ করার জন্য তাঁকে উপপ্রধান উপদেষ্টার পদে বসিয়ে ড. ইউনূসের নেতৃত্বে দায়িত্ব পালনের সুযোগ দেওয়া হোক।

এগুলো সব অবাস্তব ও আজগুবি প্রস্তাব বলে উড়িয়ে দিতে চাওয়ার আগে এটা ভাবতে হবে যে বাংলাদেশকে তো সব সম্ভবের দেশ বলেও অভিহিত করা হয়। জুলাই মাসে যখন কোটাবিরোধী আন্দোলন শুরু হয়, তখন কেউ কি এটা ভেবেছিলেন যে ওই আন্দোলনে শেখ হাসিনা সরকারের পতন হবে? কিন্তু হয়েছে এবং অত্যন্ত স্বল্পতম সময়েই।

আওয়ামী লীগকে নিষিদ্ধ করার দাবি জানিয়েছে এনসিপিসহ আরও কিছু দল। ড. ইউনূস যদিও বলেছেন আওয়ামী লীগ নিষিদ্ধের কোনো পরিকল্পনা তাঁর সরকারের নেই। কিন্তু যাঁদের কারণে এই সরকার গঠিত হয়েছে, তাঁরা চাইলে সেটা শেষ পর্যন্ত না মেনে উপায় থাকবে কি? আওয়ামী লীগ নিষিদ্ধের দায় বিএনপিও নিতে চায় না। আবার 'ফ্যাসিবাদ' ফিরে আসারও বিরুদ্ধে তারা।

এটা অস্বীকার করার উপায় নেই যে মাঠের রাজনীতি নিয়ে চলছে এখন নানান হিসাব-নিকাশ। আওয়ামী লীগের পতনের পর বিএনপি ক্ষমতায় যাওয়ার স্বপ্নে বিভোর ছিল এবং আছে। এই বছরের মধ্যে নির্বাচন হলে হয়তো বিএনপির স্বপ্ন পূরণ হওয়া কঠিন হতো না। আওয়ামী লীগের পর ক্ষমতার প্রধান প্রতিদ্বন্দ্বী তো অবশ্যই বিএনপি। কিন্তু বিএনপির সহজ হিসাব গরমিল হয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। আওয়ামী লীগের অনুপস্থিতিতে বিএনপির সামনে নতুন রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীর আভাস মিলছে। এর একদিকে ক্ষমতাপ্রত্যাশী হয়ে ওঠা জামায়াতে ইসলামী, অন্যদিকে গণ-অভ্যুত্থানে নেতৃত্বদানকারী তরুণদের দল জাতীয় নাগরিক পার্টি। রাজনীতির মাঠের এই নতুন বাস্তবতা বিএনপি নেতাদের কপালে চিন্তার ভাঁজ ফেলছে বলেই মনে হচ্ছে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, একটি শক্তি ক্ষমতায় থাকার জন্য নতুন নতুন পন্থা বের করছে; কিন্তু ফ্যাসিস্টরা দাঁড়াতে পারেনি। এই শক্তিও যাতে দাঁড়াতে না পারে, সে জন্য বাংলাদেশের মানুষ প্রস্তুত রয়েছে। চট্টগ্রামে দলের নেতা-কর্মীদের সঙ্গে ঈদের কুশল বিনিময়ের সময় আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, ফ্যাসিস্টের পতনের পর এখন দেশে নির্বাচনী হাওয়া বইছে। আজ সবার মধ্যে আনন্দ-উচ্ছ্বাস বিরাজ করছে। উৎসবমুখর পরিবেশ দেখা যাচ্ছে। সবার মধ্যে নির্বাচনের উৎসাহ ও আগ্রহ দেখা যাচ্ছে। সবার মনে হচ্ছে, দেশ নির্বাচনের দিকে যাচ্ছে। এখানে যেভাবে উৎসবমুখর পরিবেশে নির্বাচন হয়, আজ মনে হচ্ছে, বাংলাদেশের মানুষ সেভাবে বহু বছর পর নির্বাচনের সে আনন্দঘন পরিবেশের দিকে এগিয়ে যাচ্ছে।

অন্যদিকে বিএনপির স্থায়ী কমিটির আরেক সদস্য ড. আবদুল মঈন খান রয়টার্সের সঙ্গে এক সাক্ষাৎকারে আগামী ডিসেম্বরের মধ্যে জাতীয় নির্বাচন না হলে 'জনগণের মধ্যে জোরালো অসন্তোষ' এবং দেশে অস্থিরতা তৈরি হবে বলে সতর্ক করেছেন। নির্বাচন পিছিয়ে ২০২৬ সালে যেতে পারে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান মুহাম্মদ ইউনূসের এ কথার পরিপ্রেক্ষিতে বিএনপির পক্ষ থেকে এই সতর্কবার্তা দেওয়া হয়।

ঈদের আগের দিন বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, 'প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের উচিত সেইসব উপদেষ্টার অপসারণ করা, যাঁরা তাঁর সরকারের নিরপেক্ষতা নষ্ট করছেন এবং সরকারকে প্রশ্নবিদ্ধ করছেন।'

মির্জা ফখরুল বলেন, 'আসন্ন নির্বাচনের আগে সরকার নিরপেক্ষতা হারালে বিএনপি তা কোনোভাবেই মেনে নেবে না। আমরা সরকারের পূর্ণ নিরপেক্ষতা প্রত্যাশা করি, বিশেষ করে অধ্যাপক ইউনূসের কাছ থেকে। যদি তিনি অনুভব করেন যে তাঁর উপদেষ্টা পরিষদের কেউ নিরপেক্ষতা নষ্ট করছেন, তবে তাঁদের অপসারণ করা উচিত। তাঁকে (ড. ইউনূস) সম্পূর্ণ স্বচ্ছ থাকতে হবে।' বিএনপি মহাসচিব বলেন, 'যদি প্রধান উপদেষ্টা এ বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ না নেন, তাহলে জনগণের মধ্যে এমন ধারণা তৈরি হবে যে এ সরকার নিরপেক্ষতা বজায় রাখতে ব্যর্থ হয়েছে।'

মির্জা ফখরুল বলেন, 'সম্প্রতি বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন আমাদের হতাশ করেছে। কিছু উপদেষ্টার কার্যক্রম দেখে আমরা সরকারের নিরপেক্ষতা নিয়ে গভীর সন্দেহ প্রকাশ করছি।

'সরকারের কিছু উপদেষ্টা একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের স্বার্থে সরকারি সম্পদ অপব্যবহার করছেন, যা নিরপেক্ষতার পরিপন্থী এবং এটি গণতান্ত্রিক নির্বাচনের পরিবেশ বিঘ্নিত করছে। সরকারি সম্পদ রাজনৈতিক স্বার্থে ব্যবহৃত হচ্ছে। নির্দিষ্ট কিছু অঞ্চলে উন্নয়ন প্রকল্প ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর জন্য তহবিল বরাদ্দ দেওয়া হচ্ছে, যা স্পষ্টভাবে নিরপেক্ষতার নীতির লঙ্ঘন।' দেখা যাক, কোথাকার পানি কোথায় গড়ায়।

লেখক: সাংবাদিক

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন:
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট নজরদারির নির্দেশ

প্রথম পৃষ্ঠার পর

ও য়া শিং ট ন। সংবাদমাধ্যম নিউইয়র্ক টাইমস বুধবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনের তথ্যমতে, গত ২৫ মার্চ এক চিঠিতে কূটনীতিকদের ওই নির্দেশনা দেন পররাষ্ট্রমন্ত্রী রুবিও। নির্দেশনা অনুযায়ী, কিছু শিক্ষার্থীর ভিসার আবেদন পাঠানো হয়েছে ফ্রড প্রিভেন্ট ইউনিট বা প্রতারণা প্রতিরোধ ইউনিটের কাছে। বিশেষ এই ইউনিট ওই শিক্ষার্থীদের সোশ্যাল মিডিয়ায় তৎপরতা যাচাই করবে। যুক্তরাষ্ট্রবিরোধী ও ইহুদিবিরোধী মনোভাবের ইঙ্গিত মিললে তাঁকে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

প্রতিবেদনে বলা হয়েছে, এই নির্দেশনার মূল লক্ষ্য, ফিলিস্তিনপন্থী আবেদনকারীদের ভিসা প্রত্যাখ্যান করা। নির্দেশনায় বলা হয়েছে, যেসব আবেদনকারীর আচরণ বা অনলাইন কর্মকাণ্ড 'যুক্তরাষ্ট্র বা এর সংস্কৃতির প্রতি বিদ্বেষপূর্ণ মনোভাব' প্রকাশ করে, তাঁদের ভিসার আবেদন প্রত্যাখ্যান করা হবে।

পররাষ্ট্র দপ্তর ইতিমধ্যে তিন শতাধিক ভিসার আবেদন প্রত্যাখ্যান করেছেন, যাদের বেশির ভাগই শিক্ষার্থী। রুবিও বলেন, 'আমরা তাদের যুক্তরাষ্ট্রে পড়াশোনার সুযোগ দিচ্ছি, অ্যাকটিভিস্ট সেজে আন্দোলনের নামে বিশৃঙ্খলা তৈরির জন্য নয়।'

ট্রাম্প প্রশাসনের ইহুদিবিদ্বেষ (অ্যান্টি সেমিটিজম) বিরোধী ব্যবস্থার আওতায় নেওয়া হচ্ছে এসব সিদ্ধান্ত। এরই মধ্যে নতুন নীতির আওতায় বহু বিদেশি শিক্ষার্থীকে আটক করা হয়েছে, অনেক শিক্ষার্থীকে দেশে ফেরতও পাঠানো হয়েছে। শিক্ষার্থীদের গ্রেপ্তারের প্রক্রিয়া নিয়েও বিতর্ক তৈরি হয়েছে। সম্প্রতি তুর্কি শিক্ষার্থী রুমাইসাকে আটকের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। তিনি বোস্টন টাফটস ইউনিভার্সিটিতে পিএইচডি করছিলেন। একটি ইফতারের আয়োজনে যোগ দিতে বাসা থেকে বের হয়েছিলেন তিনি। এ সময় একদল মুখোশধারী তাঁকে ধরে নিয়ে যায়। পরে জানা যায় মুখোশধারীরা ইমিগ্রেশন ও কাস্টমস এনফোর্সমেন্টের কর্মকর্তা ছিলেন। রুমাইসার হাতে থাকা মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে হাতকড়া পরিয়ে তাঁকে নিয়ে যান তাঁরা। রুমাইসার 'অপরাধ' তিনি ক্যাম্পাস ম্যাগাজিনে একটি নিবন্ধ লিখেছিলেন, যেখানে তিনি ফিলিস্তিনে গণহত্যার বিষয়ে সবার দৃষ্টি আকর্ষণ করেন এবং টাফটস বিশ্ববিদ্যালয়কে ইসরায়েল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর অনুদান প্রত্যাখ্যানের আহ্বান জানান। এরই ভিত্তিতে তাঁকে হামাসের সমর্থক হিসেবে চিহ্নিত করে মার্কিন কর্তৃপক্ষ।

এরই জেরে ক্যানারি মিশন নামক একটি ইসরায়েলপন্থি ওয়েবসাইটের কালোতালিকাভুক্ত হন রুমাইসা। ওই ওয়েবসাইটে মূলত ফিলিস্তিনপন্থি শিক্ষার্থীদের তথ্য সংরক্ষণ করা হয়।

বাংলাদেশ সোসাইটি ব্রঙ্কসে'র

শেষ পৃষ্ঠায় পর

নির্বাচন কমিশন জানিয়েছে, কমিশনের অস্থায়ী কার্যালয় ব্রঙ্কসের স্টারলিং-বাংলাবাজার এলাকার নিরব রেস্টুরেন্টে থেকে সকল নির্বাচনী কার্যক্রম পরিচালিত হবে। খবর ইউএনএ'র।

সম্প্রতি নির্বাচন কমিশন ঘোষিত নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ১০ এপ্রিল বৃহস্পতিবার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত মনোনয়ন পত্র বিতরণ, ২০ এপ্রিল রোববার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত মনোনয়ন পত্র দাখিল, ২১ এপ্রিল সোমবার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত মনোনয়ন পত্র প্রত্যাহার এবং চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। নির্বাচনে ভোট গ্রহণের তারিখ ২৭ এপ্রিল রোববার বিকেল ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত।

নির্বাচনী কমিশন কর্তৃক সংগঠনের নির্বাহী কমিটির ২৫ সদস্যের মধ্যে সভাপতি পদে মনোনয়ন পত্র ফি ২০০ ডলার, সহ সভাপতি পদে মনোনয়ন পত্র ফি ১০০ ডলার, সাধারণ সম্পাদক পদে মনোনয়ন পত্র ফি ১৫০ ডলার, সহ সাধারণ সম্পাদক-কোষাধ্যক্ষ পদে মনোনয়ন পত্র ফি ৭৫ ডলার, সকল সম্পাদকীয় পদে মনোনয়ন পত্র ফি ৫০ ডলার এবং নির্বাহী সদস্য পদে মনোনয়ন পত্র ফি ৪০ ডলার নির্ধারন করা হয়েছে। নির্বাচন কমিশন জানিয়েছে, সংগঠনের সদস্যরা কেবলমাত্র এ নির্বাচনে অংশ নিতে পারবেন। নির্বাচনী পরিচালনায় কমিশন সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেছেন।

উল্লেখ্য, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস, নিউইয়র্ক-এর তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনাররের দায়িত্ব পালন করছেন মাহবুব আলম। কমিশনের সদস্যদ্বয় হচ্ছেন মোহাম্মদ শামীম মিয়া ও আবু কায়সার।

ট্রাম্পের নির্দেশ মানবে না শিক্ষা বিভাগ

প্রথম পৃষ্ঠার পর

হুমকি দিয়েছে।

শুক্রবার একটি চিঠিতে নিউইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের আইনজীবী ও ডেপুটি কমিশনার ড্যানিয়েল মর্টন-বেন্টলি বলেছেন, তারা মনে করেন না যে ফেডারেল শিক্ষা বিভাগ এ ধরনের দাবির জন্য যথাযথ ক্ষমতা রাখে।

তিনি আরো লিখেছেন, ''আমরা বুঝি যে বর্তমান প্রশাসন যা কিছু 'বৈচিত্র, সমতা ও অন্তর্ভুক্তি' বলে মনে করে, তা সেন্সর করতে চায়। কিন্তু ডিইআই এর মূলনীতিগুলো নিষিদ্ধ করার জন্য কোনো ফেডারেল বা রাজ্য আইন নেই।''

ফেডারেল শিক্ষা বিভাগ তাৎক্ষণিকভাবে এই বিষয়ে মন্তব্য করেনি।

এর আগে বৃহস্পতিবার ট্রাম্প প্রশাসন দেশব্যাপী কে-১২ (K-12) স্কুলগুলোকে নির্দেশ দিয়েছে যে, তারা যেন ১০ দিনের মধ্যে নিশ্চিত করে জানতে চায় যে তারা ফেডারেল নাগরিক অধিকার আইন মেনে চলছে এবং ডিইআই নীতিমালা পরিত্যাগ করছে। এই শর্ত পূরণ না করলে ফেডারেল তহবিল বন্ধ করে দেয়া হবে। নিউ ইয়র্কের কে-১২ স্কুলগুলোর মোট বাজেটের প্রায় ৬% আসে ফেডারেল তহবিল থেকে।

ট্রাম্প প্রশাসনের ক্রেগ ট্রেইনার বলেছেন, ''ফেডারেল আর্থিক সহায়তা অধিকার নয়, এটি একটি সুবিধা।'' তিনি অভিযোগ করেছেন যে, অনেক স্কুল ডিইআই প্রোগ্রামের মাধ্যমে একদল আমেরিকানের বিরুদ্ধে বৈষম্য করে অন্যদের সুবিধা দিচ্ছে।

তবে মর্টন-বেন্টলি বলেছেন যে, রাজ্য ইতোমধ্যে একাধিকবার ফেডারেল সরকারকে নিশ্চিত করেছে যে তারা ১৯৬৪ সালের নাগরিক অধিকার আইন (Title VI) মেনে চলছে। তিনি দাবি করেছেন যে ফেডারেল বিভাগের এই নতুন দাবি আইনি ব্যাখ্যার ভুল বোঝাবুঝির ওপর ভিত্তি করে করা হয়েছে।

মর্টন-বেন্টলি উল্লেখ করেছেন যে, এটি ট্রাম্প প্রশাসনের পূর্ববর্তী অবস্থানের থেকে একটি আকস্মিক পরিবর্তন। ২০২০ সালে তখনকার শিক্ষা সচিব বেটসি ডেভোস বৈচিত্র ও অন্তর্ভুক্তিকে "উচ্চতর সাংগঠনিক কার্যকারিতার মূল ভিত্তি" বলে উল্লেখ করেছিলেন। তিনি প্রশ্ন তুলেছেন, প্রশাসন কেন তাদের অবস্থান পরিবর্তন করেছে, এর কোনো ব্যাখ্যা দেওয়া হয়নি।

সমালোচকরা বলেছেন, এই দাবি ট্রাম্পের সেই প্রতিশ্রুতির সঙ্গে সাংঘর্ষিক, যেখানে তিনি শিক্ষা ব্যবস্থাকে রাজ্য ও স্থানীয় স্কুলগুলোর হাতে ফিরিয়ে দেওয়ার কথা বলেছিলেন।

লক্ষাধিক অবৈধ অভিবাসী বহিষ্কার, হোমকেয়ার নিয়ে কাটেনি অনিশ্চয়তা

গ্রেপ্তার ও ডিপোর্ট করেছে হোমল্যান্ড সিকিউরিটি এবং বর্ডার কর্তৃপক্ষ। এদিকে সীমান্ত দিয়ে অবৈধ প্রবেশ গত বছরের তুলনায় প্রায় ৯০ থেকে ৯৫ শতাংশ কমেছে এ বছর।

তথ্যমতে, ২০ জানুয়ারি প্রেসিডেন্ট ট্রাম্প এর শপথ গ্রহণের দিন থেকে প্রশাসনের অভিবাসন বিরোধী অভিযান ধারাবাহিকভাবে চলমান আছে। ফেডারেল এজেন্টদের অভিযানে ব্যাপক ধরপাকড় আর সীমান্তে সামরিক বাহিনীর কঠোর অবস্থানে অবৈধ অভিবাসী গ্রেপ্তার আর ডিপোর্টেশনের কারণে সীমান্ত দিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ হ্রাস পেয়েছে। চলতি বছরের তিন মাসে সীমান্ত দিয়ে প্রবেশ ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে অবস্থানরত অবৈধ ও অপরাধী ১ লাখ ১৩ হাজার অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার ও এদের মধ্যে ১ লাখেরো বেশি অভিবাসীকে ডিপোর্ট করা হয়েছে।

দ্য নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা হয়, মেক্সিকো সীমান্ত দিয়ে এ বছরের জানুয়ারিতে ২৯,১০১ জন, ফ্রেব্রুয়ারিতে ৮,৩৪৭ ও মার্চ মাসে ৭,০০০ জন প্রবেশের সময় আটক হয়। এর আগে গত বছরের মার্চ মাসে ১লাখ ৩৭ হাজার অবৈধ অভিবাসী যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছিলো। যা এ বছর ৯৫ শতাংশ কম।

ডিএইচএস সুত্র বলছে প্রেসিডেন্ট ট্রাম্পের কঠোর সীমান্ত ও অবৈধ অভিবাসন নীতির জন্য গত ১ দশকের মধ্যে সবচেয়ে কম সীমান্ত দিয়ে অবৈধ প্রবেশ হয়েছে। যুক্তরাষ্ট্রে অবস্থানরত যাদের গ্রেপ্তার ও ডিপোর্ট করা হয়েছে তাদের মধ্যে অধিকাংশই সহিংস অপরাধী ও ড্রাগসহ বিভিন্ন অপরাধে আদালতের রায়ে সাজাপ্রাপ্ত এবং অভিযুক্ত।

সর্বশেষ প্রেসিডেন্ট ট্রাম্প যুদ্ধকালীন এলিয়েন এনিমিজ এক্ট আইন প্রয়োগের মাধ্যমে সন্ত্রাসী সংগঠন ট্রেন ডি আরাগুয়া এবং এমএস-১৩ এর কয়েক হাজার সদস্যদের ডিপোর্ট করেছেন। সামরিক বাহিনীর ফ্লাইটে হাত-পায়ে হাতকড়া পরিয়ে ডিপোর্ট করা হয়। ডিপোর্ট হওয়া অবৈধ অভিবাসীদের মধ্যে বেশি রয়েছেন মেক্সিকো, এল সালভেদোর, ভেনিজুয়েলার ও ভারতের নাগরিকরা।

প্রথম পৃষ্ঠার পর

ওই প্রতিষ্ঠানের কাছে থাকবে। আগের সব প্রতিষ্ঠানের মাধ্যমে যে প্রক্রিয়ায় সার্ভিস দেয়া হতো ঐ সিস্টেম পুরোপুরি বন্ধ হয়ে গেছে।

তিনি আরো বলেন, যেভাবে সিডিপ্যাপ গ্রাহকদের মধ্যে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে যে আদালতের সিদ্ধান্তে আবার পিপিএল থেকে পুরোনো এজেন্সীর কাছে ফিরে আসা যাবে। আসলে এরকম কিছুনা। এরকম বিভ্রান্তিতে পড়ে অনেক সেবা গ্রহীতা ক্ষতিগ্রস্ত হতে পারেন। এছাড়া হেলথ ডিপার্টমেন্ট বিষয়টির ওপর নজরদারী রাখছে।

জানা গেছে, বাংলাদেশি কমিউনিটিতে সিডিপ্যাপ সার্ভিস খুবই জনপ্রিয়। প্রায় ৫০ হাজার বয়স্ক বাংলাদেশী এ সেবা গ্রহণ করেন। তাদেরকে কেন্দ্র করেই কমিউনিটিতে বাংলাদেশি মালিকানাধীন ৫০টিরও অধিক হোম কেয়ার এজেন্সী গড়ে উঠেছে। রয়েছে ৫ শতাধিক এজেন্ট। সিডিপ্যাপ এককভাবে পিপিএল এর কাছে চলে যাওয়ায় অনেক এজেন্সীই পথে বসতে যাচ্ছে। বেকার হতে চলেছেন শত শত এজেন্ট। এতে পুরো কমিউনিটিতে হতাশা বিরাজ করছে।

নিউইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্টের সিদ্ধান্ত অনুসারের সিডিপ্যাপ পরিচালনার দায়িত্ব পায় পিপিএল। ডিপার্টমেন্ট সকল সিডিপ্যাপ এজেন্সীর পারমিশন বাতিল করে। ৩১ মার্চের মধ্যে রোগীদের পিপিএল স্থানান্তরের শেষ তারিখ ছিল।স্টেট গর্ভনমেন্ট ও হেলথ ডিপার্টমেন্টের এই সিদ্ধান্তের বিরুদ্ধে বিভিন্ন হোম কেয়ার এজেন্সী মামলা দায়ের করে। ইস্টার্ন ডিস্ট্রিক্টের একটি ফেডারেল কোর্ট গত সোমবার ৩১ মার্চ পিপিএল এ নতুন করে রেজিস্ট্রেশন স্থগিত ঘোষণা করে। আজ শুক্রবার উভয় পক্ষের শুনানী শেষে আদালত রায় প্রদান করতে পারেন। ধারণা করা হচ্ছে, পিপিএল'র কাছে স্থানান্তরের মেয়াদ আরও বাড়তে পারে। তা হতে পারে সেপ্টেম্বর পর্যন্ত। এতে সিডিপ্যাপ এজেন্সীগুলোর সাথে এখনও যেসব রোগী রয়েছেন তাদের সেবা দিতে পারবেন। তবে ২ লাখ ৬০ হাজার রোগীর মধ্যে ২ লাখই ইতোমধ্যে পিপিএল এর সাথে রেজিস্ট্রিকৃত। তারা তাদের সেবা পিপিএল এর মাধ্যমেই পেতে থাকবেন। প্রায় ২০ হাজার আবেদন এখনও প্রক্রিয়াধীন আছে। পিপিএল জানিয়েছে, রেজিস্ট্রেশনে কিছু সময় লাগছে। এটা সম্পন্ন হলে ব্যাক পে সহ বকেয়া পেমেন্ট প্রদান করা হবে। এতে উদ্বিগ্ন হবার কিছু নেই। নিউইয়র্কের ৬৮০টি সিডিপ্যাপ এজেন্সী একক পিপিএল এর মাধ্যমে সিডিপ্যাপ সেবা পরিচালনার বিপক্ষে। তাদের দাবি ইকুয়াল জাস্টিসের মাধ্যমে ব্যবসা করার সুযোগ দেয়া হোক। একক কোম্পানীকে এই ব্যবসার কর্তৃত্ব প্রদান করে গর্ভনর মনস্টারের ভুমিকায় অবতীর্ন হয়েছেন।

একাধিক প্রতিষ্ঠান এই মামলার বাদী হিসেবে রয়েছেন। তাদের মধ্যে রয়েছে গাইডেডন এলএলসি, আমেরিকান হোম কেয়ার, ব্রুকলিন সেন্টার ফর ইন্ডিপেন্ডেন্স অব দ্য ডিস্যাবেল্ড ও রিজিওনাল সেন্টার ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং, লিজা এঞ্জেসার, ম্যারিসল গেচিয়াস, গীতাঞ্জলি সিপারসড তার পরবর্তী বন্ধু, সাবিত্রী সিপারসড, এবং মারিয়া জেইম, তার নিজের পক্ষে এবং ওয়াই.পি.এস সহ অনেকে। জাজ ফ্রেডারিক ব্লক ৪ এপ্রিল পর্যন্ত পিপিএলে সিডিপ্যাপ রোগী রেজিস্ট্রেশনের স্থগিত ঘোষণা করেন। আজ বাদী ও বিবাদী হেলথ ডিপার্টমেন্ট ও পিপিএল এর কাছে বক্তব্য শুনে আদালত রায় প্রদান করবেন।

মেডিকেউড প্রকল্পের অধীনে সিডিপ্যাপ পরিচালিত হয়। গত ১০ বছর ধরে পুরো স্টেটের ৬৮০টি এজেন্সী সিডিপ্যাপ (কনজুমার ডাইরেকটেড পারসোনাল এসিসট্যান্স প্রোগ্রাম) পরিচালনা করতো। তা পরিচালনার জন্য স্টেট গর্ভমেন্ট এককভাবে এখন পিপিএল ওপর হস্তান্তর করেছে। এতে ৬৮০টি এজেন্সী আজ ধ্বংসের মুখে।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্সসহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

যুক্তরাষ্ট্র জুড়ে ছড়িয়ে পড়ছে ট্রাম্পবিরোধী বিক্ষোভ





বাংলা পত্রিকা ডেস্ক: ওয়াশিংটন ডিসিসহ যুক্তরাষ্ট্রের স্টেটের শহরগুলোতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার উপদেষ্টা ইলন মাস্কের বিরুদ্ধে সহস্রাধিক বিক্ষোভ হয়েছে। শনিবার (৫ এপ্রিল) দেশটির ৫০টি অঙ্গরাজ্যে প্রায় ১ হাজার ২০০ বিক্ষোভ সমাবেশ হয়। প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে এক দিনে এটিই সবচেয়ে বড় বিক্ষোভ।

বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন বলছে, শনিবার ওয়াশিংটনে বৃষ্টির মধ্যেও ট্রাম্পবিরোধীরা বিক্ষোভ করেন। এই বিক্ষোভের নাম দেওয়া হয়েছে ''হ্যান্ডস অফ''।

চলতি বছরের জানুয়ারিতে দ্বিতীয় মেয়াদে ক্ষমতা গ্রহণের পর থেকেই ট্রাম্প একের পর এক নির্বাহী আদেশের বলে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র ও অভ্যন্তরীণ নীতিতে ব্যাপক পরিবর্তন আনতে শুরু করেন। বিরোধীদের জন্য ট্রাম্পের এসব পদক্ষেপের বিষয়ে নিজেদের অসন্তোষ জানানোর সুযোগ হয়ে এসেছে এই 'হ্যান্ডস অফ!' প্রতিবাদ।

আয়োজকরা রয়টার্সকে জানান, ন্যাশনাল মলে একটি সমাবেশে ২০ হাজারেরও বেশি মানুষ অংশ নেবেন বলে আশা করা হচ্ছে।

ইভেন্টের ওয়েবসাইট অনুযায়ী, প্রায় ১৫০টি অ্যাক্টিভিস্ট গ্রুপ এতে অংশ নিতে নিবন্ধন করেছে। প্রায় ৫০টি অঙ্গরাজ্যে বিক্ষোভের পরিকল্পনা করা হয়েছে।

নিউ জার্সির প্রিন্সটনের অবসরপ্রাপ্ত বায়োমেডিক্যাল বিজ্ঞানী টেরি ক্লেইন ওয়াশিংটন মনুমেন্টের নিচে মঞ্চে জড়ো হয়েছিলেন। তিনি বলেন, অভিবাসন থেকে শুরু করে ডিওজিই কর্মী ছাটাই, এ সপ্তাহে শুল্ক আরোপ, শিক্ষা সবকিছুতে ট্রাম্পের নীতির প্রতিবাদ জানাতে তিনি সমাবেশে যোগ দিয়েছেন। তিনি আরো বলের 'আমি বলতে চাইছি, আমাদের পুরো দেশ অস্থিরতার মধ্যে আছে, ।'

বিক্ষোভে ট্রাম্পকে প্রেসিডেন্টের দায়িত্ব ছেড়ে দেওয়ার জন্য দাবি জানানো হয়। ট্রাম্প ছাড়াও এসব বিক্ষোভে ইলন মাস্কবিরোধী স্লোগান দেওয়া হয়।

দিনভর চলা বিক্ষোভে কারো হাতে ছিল ইউক্রেনের পতাকা। আবার কেউ কেউ ফিলিস্তিনি কেফিয়াহ স্কার্ফ পরেছিলেন। তাদের হাতে ছিলওফ্রি প্যালেস্টাইন্ লেখা পোস্টার। ওই সময়ে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের ডেমোক্র্যাটরা মঞ্চে ট্রাম্পের নীতির সমালোচনা করেন।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

নিউইয়র্কে অভিবাসন বিরোধী অভিযানে করণীয় শীর্ষক সেমিনার



নিউইয়র্ক: আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাব 'অবৈধ অভিবাসীদের বর্তমান পরিস্থিতি ও করণীয়' শীর্ষক এক সেমিনারে আয়োজন করেছিল ৫ এপ্রিল সন্ধ্যায় জ্যাকসন হাইটসের একটি পার্টি সেন্টারে। সেমিনারে প্রতিপাদ্য বিষয়ের উপর প্রবন্ধ লিখেন মিডিয়া কর্মী ও অভিনেতা শামীম শাহেদ এবং প্রবন্ধটি পাঠ করেন সাংবাদিক দর্পণ কবীর। আলোচ্য বিষয়ের ওপর প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন এবং বিভিন্ন প্রশ্নের জবাব দেন ইমিগ্রেশন বিষয়ক বিশিষ্ট অ্যাটর্নি অশোক কর্মকার। সেমিনারে বক্তব্য রাখেন মূলধারার রাজনীতিবিদ গিয়াস আহমেদ, প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ, মানবাধিকার কর্মী রাসেল আহমেদ, ট্রাভেলস ব্যবসায়ী নজরুল ইসলাম, প্রেসক্লাবের সহ-সভাপতি মনজুরুল হক মনজু প্রমুখ। সেমিনারটি সঞ্চালনা করেন প্রেসক্লাবের যুগ্ম-সম্পাদক আবু বকর সিদ্দিক।

সেমিনারের প্রবন্ধে বলা হয়, যুক্তরাষ্ট্র দীর্ঘদিন যাবত অভিবাসন দ্বারা গঠিত এক জাতি। এরপরও এর নির্বাসন ও সীমান্ত নিয়ন্ত্রণ সম্পর্কিত নীতিগুলো গভীরভাবে বিতর্কিত। যেখানে এখন অবধি ৩০ লক্ষাধিক মামলা বিচারাধীন রয়েছে, সেখানে নতুন করে গ্রেফতার অভিযান পরিস্থিতিকে উদ্বেগজনক করে তুলছে। যুক্তরাষ্ট্রে অভিবাসন ব্যবস্থা বিভিন্ন সময়ে হাতিয়ার হিসাবে ব্যবহৃত হয়েছে।

প্রবন্ধের বিষয় নিয়ে আলোচনা করতে গিয়ে ইমিগ্রেশন বিষয়ক এটর্নী অশোক কর্মকার বলেছেন, এ সংক্রান্ত নতুন কোন আইন হয়নি। প্রচলিত আইনেই আইস (ইমগ্রেশন এন্ড কাষ্টমস এনফোর্নম্যান্ট) গ্রেফতার করছে। তবে আইনের প্রয়োগ জোরালো এবং কঠোরভাবে করা হচ্ছে। তিনি বলেন, আনডকুমেন্টেড যারা রয়েছেন, এখন তাদের সতর্ক ও নিরাপদে থাকতে হবে।

এটর্নী অশোক কর্মকার অভিবাসীদের যে কোন পরিস্থিতিতে ভুল তথ্য না দেয়ার প্রতি অনুরোধ করেন। এ ছাড়া (রাজনৈতিক আশ্রয়) মামলা করার আগে বিষয়টি যথাপোযুক্ত কিনা এবং এটর্নীর ওপর ভরসা রেখে উদাসীন না থাকার কথাও বলেন তিনি। অভিবাসীদের অফিশিয়াল কাজে এক ঠিকানা ব্যবহার করে অন্য ঠিকানায় বাস করার বিষয়টি এড়িয়ে চলার কথাও তিনি বলেন। মানবাধিকার কর্মী (ড্রাম-এর প্রতিনিধি) রাসেল আহমেদ বলেন, এখন বৈরী সময়। এই সময়ে কমিউনিটির সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে। কেউ যেন কারো বিরুদ্ধে অভিযোগ বা বিষেদগার না করেন। এ ধরনের কর্ম নিজেদের ক্ষতি ডেকে আনে।

রাজনীতিবিদ গিয়াস আহমেদ বলেন, সকলকে সতর্ক থাকতে হবে, ঐক্যবদ্ধ হয়ে এখানে বাস করতে হবে। আর মিথ্যা তথ্য দেয়া চলবে না। বিপদগ্রস্থরা কমিউনিটির নেতা ও সংগঠনের কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। তিনি রাজনৈতিক প্রতিহিংসায় বাংলাদেশ ও প্রবাসী বাংলাদেশিদের কারো ক্ষতি হয়, এমন কাজ থেকে সকলে যেন বিরত থাকি- এই আহবান জানান।

প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ বলেন, পারিবারিক কলহ, পার্কিং-এর টিকেট ভায়োলেশন থেকেও বিপদ আসতে পারে। নিজেদের জীবনকে অপরাধমুক্ত রাখতে হবে। সকলকে সতর্ক থাকতে হবে। তিনি কমিউনিটির সকলকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান।

ট্রাভেলস ব্যবসায়ী নজরুল ইসলাম বলেন, ভয়-ভীতি ছড়ানো হচ্ছে। যা ঘটছে, এরচেয়ে বেশি প্রচারণা করা হচ্ছে। এতে আমাদের ট্রাভেলস ব্যবসায় মন্দা শুরু হয়েছে। আপনারা সঠিক তথ্য পরিবেশন করুন। গ্রীনকার্ড নিয়ে দেশে গিয়ে অনেকে ফিরতে ভয় পাচ্ছেন। আমরাও বিপাকে পড়েছি।

সভাপতির ভাষণে আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি শওকত ওসমান রচি বলেন, এক ধরনের দায়বদ্ধতা থেকে প্রেসক্লাব এই সেমিনারের আয়োজন করেছে। অভিবাসীদের কাছে সঠিক তথ্য ও আইনী পরামর্শ পৌঁছে দেয়াই আমাদের লক্ষ্য। আমরা বিভিন্ন সময় এ ধরনের সেমিনারের আয়োজন করব।





একদিনের ব্যবধানে ম্যানহাটনে

শেষ পৃষ্ঠায় পর

বাংলাদেশী মালিকানাধীন একটি স্টোরে দুইবার প্রকাশ্যে লুটের ঘটনা ঘটেছে। হঠাৎ করে এ এলাকায় বেশ কয়েকটি ডাকাতি এবং লুটের ঘটনা ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের মধ্যে আতংক বিরাজ করছে ও নিরাপত্তা ঝুঁকিতে রয়েছেন বলে দাবি ব্যবসায়ীদের। প্রায় এক বছর ধরে অস্ত্রধারী ছিনতাইকারী ও ডাকাতদের কবলে পড়ে সর্বশান্ত হচ্ছে ব্যবসায়ীরা।

জানা গেছে, ম্যানহাটানের রেভিংটোন স্ট্রিট এবং ১২৩ ইজিকস স্ট্রীটে দীর্ঘ ৩০ বছর ধরে ডিপার্টমেন্ট স্টোরের ব্যবসা করছেন বাংলাদেশী বংশোদ্ভুত আলাউদ্দিন মনজু। গত ১ এপ্রিল বিকাল তিনটার সময় তার স্টোরে একজন কৃষ্ণাঙ্গ লোক ক্রেতা সেজে স্টোরে ঢুকে অস্ত্রের মুখে ক্যাশ পুরো থেকে নিয়ে যায়। এর রেশ কাটতে না কাটতেই পরের দিন ২ এপ্রিল পুনরায় আর একজন লোক ক্রেতা সেজে এসে মূল্য না দিয়ে মালামাল নিয়ে যায়। এসময় উল্টো হুমকিও দিয়ে যায়। এতে আলাউদ্দিন মনজু ও তার দোকানে কর্মরতরা আতংকিত হয়ে পড়েন। জনবহুল এ এলাকায় প্রকাশ্য এরকম ঘটনা হত কয়েক মাস ধরে বেড়েই চলছে। এছাড়াও হোমলেসদের উৎপাতও রয়েছে।

আলাউদ্দিন মনজু জানান, গত মঙ্গলবার একজন মাস্ক পরা কৃষ্ণাঙ্গ লোক স্টোরে ঢুকে পণ্য কিনে পেমেন্ট করতে চায়। এজন্য আমাকে ৫ ডলারের নোট দিয়ে বাকি অর্থ ফেরত চায়। আমি ক্যাশ খুলা মাত্র তার সাথে থাকা অস্ত্র আমার দিকে ঠেকিয়ে ক্যাশের সব ডলার নিয়ে নেয়। ক্যাশে ২ হাজার নগদ ডলার ছিলো। এ সময় আমাকে হুমকি দিয়ে সেখান থেকে দ্রুত পালিয়ে যায়।

দোকানের ভিতর থাকা এমপ্লয়ী ও কাস্টমাররাও ভয় পেয়ে যায়। পরে পুলিশ এসে রিপোর্ট নিয়ে যায়। পরদিন আবার আরেকটি লোক দোকানে ঢুকে জোর করে পণ্য ছিনিয়ে নিয়ে যায় এবং হুমকি দেয় কিছু করতে গেলে আমাদের মেরে ফেলবে। এরপর থেকে ব্যবসা করতে ভয় করছে। গত কয়েক মাস ধরে আশেপাশের সব দোকানে এরকম অস্ত্রধারী ঢুকে নগদ ডলার ও পণ্য ছিনিয়ে নিয়ে যায়। পুলিশ এসে শুধু রিপোর্ট নিয়ে যায়। জড়িত কাউকে আটক করতে দেখিনি। এ এলাকায় পুলিশের টহলও খুব কম। কতৃপক্ষ যদি এসব অপরাধীদের চিহ্নিত করতো তাহলে আইনশৃঙ্খলা এত খারাপ হতোনা।

এ এলাকার আরেক ব্যবসায়ী বলেন, এখানে হোমলেস ও ড্রাগ এডিক্টেটদের উৎপাত খুব বেশি। পুলিশ আসলে সরে যায় আবার ফিরে আসে। এরা স্টোরগুলোতে ঢুকে চুরি লুটপাট করে নির্দ্বিধায়, কারণ পুলিশের উপস্থিতি কম থাকে। এক বছর ধরে প্রায়ই কোন না কোন দোকানে লুটের ঘটনা ঘটে। সন্ধ্যা হলেতো এ এলাকায় হাটাচলায় ভয় লাগে।

আইনশৃঙ্খলা বাহিনীর জোরালো পদক্ষেপ এবং কমিউনিটি ও ব্যবসায়ীদের ঐক্যবদ্ধ হওয়ার মাধ্যমে এই সমস্যার সমাধান সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন ব্যবসায়ীরা।

দুই বাংলাদেশী শিক্ষার্থীর ভিসা বাতিল

প্রথম পৃষ্ঠার পর

অ্যাসোসিয়েশনের পরিচালক ও এটর্নী মঈন চৌধুরী গণমাধ্যমে বলেছেন, ইসরায়েল বিরোধী বিক্ষোভের কারণে আটক শিক্ষার্থীর মুক্তি নিশ্চিত করার চেষ্টা চলছে। এছাড়া চুরির মামলা নিষ্পত্তি হওয়ার পরও আরেক বাংলাদেশি শিক্ষার্থীকে গ্রেপ্তার করা হয়েছে। তিনি বলেন, এক বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী মাস কয়েক আগে দোকান থেকে ৭০ ডলারের পণ্য চুরির সময় ধরা পড়েছিলেন। সেই মামলায় দোষ স্বীকার করার পর মাননীয় আদালত মামলাটি নিষ্পত্তি করেছেন। তাকেও গত সপ্তাহে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টরা গ্রেপ্তার করেছে এবং তার ভিসা বাতিল করে ডিটেনশন সেন্টারে নিয়েছে বাংলাদশে পাঠিয়ে দেওয়ার জন্য।

এদিকে সম্প্রতি জেএফকে এয়ারপোর্টে কাস্টমস কর্মকর্তাদের প্রশ্নের সন্তোষজনক জবাব দিতে না পারায় ডজন খানেক বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছে। তাদের মধ্যে গ্রিন কার্ডধারী, স্টুডেন্ট ভিসাধারীও ছিলেন।

এ পরিস্থিতিতে যারা যুক্তরাষ্ট্রে ফিরছেন কিংবা ইমিগ্র্যান্ট ভিসায় আসছেন, তাদেরকে সব ধরনের প্রস্তুতি নিয়ে আসার পরামর্শ দিয়ে এটর্নী মঈন চেম্বুরী বলেন, "গ্রিন কার্ডধারীরা বছরের বেশির ভাগ সময় যুক্তরাষ্ট্রে বসবাস না করলে প্রশ্নের সম্মুখীন হচ্ছেন এয়ারপোর্টে। সম্প্রতি বেশ ক'জনকে থামানোর পর মুচলেকা নিয়ে ঢুকতে দেওয়া হয়েছে অর্থাৎ তারা বছরের ১০ মাস যুক্তরাষ্ট্রে না থাকলে গ্রিন কার্ড কেড়ে নেওয়া হবে।"

এরকম পরিস্থিতিতে শুধু অবৈধ অভিবাসী নন, অভিবাসনবিরোধী অভিযানে অনেক গ্রিন কার্ডধারীও ভীতসন্ত্রস্ত অবস্থায় রয়েছেন।

মোবাইলসহ ডিভাইস চেকিং বাধ্যতামূলক!

শেষ পৃষ্ঠায় পর

জন্য নন সিটিজেনদের (যুক্তরাষ্ট্রে প্রবেশকারী) প্রাইভেসী সুরক্ষা আইন শীথিল করেছে ট্রাম্প প্রশাসন।

এতে এখন থেকে কাস্টমস এন্ড বর্ডার প্রটেকশন এজেন্টরা যুক্তরাষ্ট্র প্রবেশের সময় গ্রীন কার্ডধারী, বিভিন্ন ভিসাধারীদের মোবাই ও ডিভাইস নিয়ে চেক করতে পারবেন। এসময় থেকে কাস্টমস এন্ড বর্ডার প্রটেকশন কর্মকর্তাকে ডিভাইসের প্রাইভেসী প্রটেকশন পাসওয়ার্ড ও পিন নাম্বারসহ সকল তথ্য দিতে হবে। যাতে কাস্টমস এন্ড বর্ডার প্রটেকশন কর্মকর্তা প্রবেশকরী ব্যক্তির ডিভাইসে থাকা ছবি, ভিডিওসহ সকল তথ্য যাচাই করতে পারেন। যাচাইয়ে যদি যুক্তরাষ্ট্র বিরোধী কিংবা পররাষ্ট্রনীতি বহির্ভূত কোন তথ্য পান তাহলে ওই কর্মকর্তা ভিসা বাতিলসহ অভিবাসী আইন অনুযায়ী সকল সিদ্ধান্ত নিতে পারবেন। এদিকে প্রাইভেসী সুরক্ষা আইন শীথিল করে যুক্তরাষ্ট্র ভ্রমণকারী কিংবা গ্রীন কার্ডধারীদের মোবাইলে থাকা ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা ক্ষুণ্ন হবে বলে বিশ্লেষকরা ধারনা করছেন।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদন

ট্রাম্পের শুল্ক বাংলাদেশের পোশাক ব্যবসায়ীদের ওপর বড় ধাক্কা

বাংলা পত্রিকা ডেস্ক: কোভিড, রাজনৈতিক বিশৃঙ্খলা ও অর্থনৈতিক সংকটের মধ্যেও শ্রীলঙ্কা ও বাংলাদেশ পোষাক শিল্পকে কেন্দ্র করে নিজেদের সমৃদ্ধির প্রত্যাশা জিইয়ে রেখেছিল। তৈরি পোশাকের প্রধান বাজার যুক্তরাষ্ট্র। উল্লিখিত ঝড়ঝাপটার পরে এখন এলো প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন শুল্কের ঘোষণা। ট্রাম্প শ্রীলঙ্কার ওপর ৪৪ শতাংশ শুল্ক আরোপ করেছেন। আর বাংলাদেশের ওপর আরোপ করেছেন ৩৭ শতাংশ শুল্ক। এত বেশি নতুন শুল্কের ধাক্কায় দেশ দুটির ব্যবসায়ী নেতাদের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে। দুই দেশের কর্মকর্তারা তা প্রশমিত করতে চেষ্টা করছেন। উভয় দেশের ব্যবসায়ী নেতাদের শঙ্কা, তাঁরা হয়তো আর বড় উৎপাদনকারী শক্তিগুলোর সঙ্গে প্রতিযোগিতায় পেরে উঠবেন না। তাঁদের ক্রয়াদেশ কম শুল্কযুক্ত ও বড় শিল্প শক্তিসম্পন্ন দেশগুলোতে স্থানান্তরিত হয়ে যাবে।

ইক্যুইটি ফার্ম উইলিয়াম ব্লেয়ারের বিশ্লেষণে দেখা যায়, যেসব দেশ যুক্তরাষ্ট্রে আমদানিকৃত তৈরি পোশাকের প্রায় ৮৫ শতাংশ উৎপাদন করে, সেসব দেশের ওপর গড়ে ৩২ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে। বিশ্লেষকেরা সতর্ক করেছেন, পোশাক প্রস্তুতকারী দেশগুলোকে নিশানা করার মধ্য দিয়ে শুধু ওই সব দেশের অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করা হবে না, এতে যুক্তরাষ্ট্রের কোম্পানিগুলোর ওপরও চাপ তৈরি হবে। উইলিয়াম ব্লেয়ারের মতে, পণ্যের খরচ প্রায় ৩০ শতাংশ পর্যন্ত বাড়াতে পারে এবং শেষ পর্যন্ত এতে যুক্তরাষ্ট্রের ভোক্তাদেরই জন্যই সমস্যা হতে পারে।

দুদকের অনুসন্ধান চলছে, আসামি হতে পারেন সাকিব আল হাসান

বাংলা পত্রিকা রিপোর্ট: ক্রিকেটার সাকিব আল হাসানের বিরুদ্ধে অনুসন্ধান চলছে বলে জানিয়েছেন দুদক চেয়ারম্যান ড. মোহাম্মদ আবদুল মোমেন। দুদকের আশঙ্কা, সাকিব আল হাসান আসামি হতে পারেন।

আজ রবিবার প্রধান কার্যালয়ের সামনে ঈদ পরবর্তী এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, ক্রিকেটার সাকিব আল হাসানের বিরুদ্ধে আমাদের অনুসন্ধান চলছে।

আমরা আশঙ্কা করছি, তিনি দুদকের আসামিও হতে পারেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, আমরা, আমাদের নতুন কমিশন মাত্র ৭৫ কর্মদিবস পেরিয়ে এসেছি। শততম কর্মদিবস অতিক্রান্ত হলে আপনারাই বিবেচনা করবেন ৫ আগস্টের নব অভ্যুদয়ের পর বহুবিধ সীমাবদ্ধতার মধ্যেও একটি প্রাণবন্ত প্রতিষ্ঠানে পরিণত হয়েছে দুদক।

টিউলিপ সিদ্দিক প্রসঙ্গে দুদক চেয়ারম্যান বলেন, দুর্নীতির অভিযোগ উড়িয়ে দিতে পারেননি বলেই ব্রিটেনের দুর্নীতি নিবারণের মন্ত্রী টিউলিপ সিদ্দিকের প্রতি ব্রিটিশ প্রধানমন্ত্রীর প্রবল সমর্থন থাকা



সত্ত্বেও তাকে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছে।

একই সঙ্গে দালিলিকভাবে দায়েরকৃত মামলা আদালতে উপস্থিত হয়ে মোকাবিলা করার পরামর্শ দিয়েছেন তিনি।

ট্রাম্পের শুল্কারোপ যুক্তরাষ্ট্রের

প্রথম পৃষ্ঠার পর

ট্রাম্প। তার এ পদক্ষেপ যুক্তরাষ্ট্রের ইতিহাসে ১০০ বছরের মধ্যে সবচেয়ে বড় ভুল সিদ্ধান্ত বলে মত অর্থনীতিবিদদের। যা বৈশ্বিক অর্থনীতিকে নিয়ে যাবে অনিশ্চয়তার দিকে।

নিজ দেশের বাণিজ্য ঘাটতি মেটাতে বিশ্বের বিভিন্ন দেশের ওপর একপ্রকার শুল্কযুদ্ধ শুরু করেছেন ডোনাল্ড ট্রাম্প। তার এই ঘোষণার পর থেকেই বিশ্ব অর্থনীতির আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে ট্রাম্পের ট্যারিফ নীতি। গত ২ এপ্রিল বুধবার নতুন করে বিশ্বের প্রায় ৯০টি দেশের ওপর সম্পূরক শুল্ক আরোপ করে ট্রাম্প প্রশাসন। সর্বোচ্চ ৫০ শতাংশ থেকে সর্বনিম্ন ১০ শতাংশ পর্যন্ত ধার্য করা হয়েছে এ কর। বিশ্বের বিভিন্ন দেশে উচ্চ হারে শুল্কারোপের সিদ্ধান্ত ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশনের বিধি লঙ্ঘন করেছে বলে দাবি অর্থনীতিবিদদের।

সুইজারল্যান্ডের অর্থনীতিবিদ ফিলিপ মনিয়ার বলেন, 'বিশ্ব বাণিজ্য সংস্থার নিয়ম অনুযায়ী, এর মূলনীতিগুলো প্রত্যেকটি দেশকে মানতে হবে। যদি কোন দেশের ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশনের বিধি মানতে দ্বিমত থাকে, তা নির্ধারিত নিয়ম অনুযায়ী জানাতে হবে। কোনভাবেই একা সিদ্ধান্ত নিয়ে তা অন্যদের ওপর চাপিয়ে দেয়া যাবে না।' ইতোমধ্যেই বৈশ্বিক অর্থনীতিতে ট্রাম্পের এ শুল্কনীতির নেতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে। শেয়ার বাজারে দরপতনসহ ডলারের দর কমতে শুরু করেছে। তাই বলা হচ্ছে, যুক্তরাষ্ট্রের অর্থনীতিকে এগিয়ে নিতে ট্রাম্প যে পদক্ষেপ নিয়েছেন তা গত ১শ্ব বছরের মধ্যে সবচেয়ে ভুল সিদ্ধান্ত।

ফিলিপ মনিয়ার বলেন, 'ট্রাম্পের শুল্কনীতি স্থিতিশীল অর্থনীতিকে অনিশ্চয়তার মুখে ঠেলে দিচ্ছে। কারণ, তার এ সিদ্ধান্ত ব্যবসায়ীদের স্বাভাবিক গতিতে বাধাগ্রস্ত করবে।' যদিও যুক্তরাষ্ট্রের সঙ্গে নেগোশিয়েশনের মাধ্যমে এর সমাধান হতে পারে বলে মত বিশ্লেষকদের।

নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ে নামাজের ঘরে ভাঙচুর

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের নামাজের স্থানে ভাঙচুরের ঘটনা ঘটেছে। গত ৩ এপ্রিল বৃহস্পতিবার বিকেলে এই ঘটনার পর নিন্দার ঝড় উঠেছে। পরদিন শুক্রবার বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ক্যাম্পাস সেফটির ভাইস প্রেসিডেন্ট ফাউন্টেন ওয়াকার এক বিবৃতিতে এই ঘটনাকে ধর্মীয় স্বাধীনতার অবমাননা বলে উল্লেখ করেছেন। তিনি বলেন, এই হামলা বিদ্বেষমূলক এবং ক্যাম্পাস কমিউনিটির মূল্যবোধের সঙ্গে যায় না। তারা এর তীব্র নিন্দা জানান। বিশ্ববিদ্যালয় সুরক্ষা দপ্তর ঘটনার তদন্ত শুরু করেছে। তাদেরকে সহায়তা করছে নিউইয়র্ক সিটি পুলিশ।

জজপার্ক ও ক্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতার এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি সেশন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.

আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্প সরকারিভাবে কিছু গ্রিনকার্ড আবেদন প্রক্রিয়া বন্ধ করে রেখেছে সাময়িকভাবে

সিবিএস নিউজের প্রতিবেদন থেকে জানা যায় যে, অনুমোদিত শরণার্থীদের কিছু অংশের গ্রিনকার্ডের প্রক্রিয়া সাময়িকভাবে বন্ধ করে রেখেছে। আরও ব্যাপকভাবে তাদের তদন্তের জন্য হোয়াইট হাউজ এই পদক্ষেপ নিয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প স্বাক্ষরিত ইমিগ্রেশন সংক্রান্ত দুটি নির্বাহী আদেশ পালনে এই সাময়িক বন্ধ প্রক্রিয়া জরুরী ছিলো।

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) থেকে বলা হয়েছে যে, ইউনাইটেড স্টেটস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন (ইউএসসিআইএস) সাময়িকভাবে কিছু আবেদন চূড়ান্ত করা বন্ধ করে দিয়েছে এই কারণে যে, অনিবার্য জালিয়াতি কিছু আবেদনের ক্ষেত্রে ঘটেছে কিনা তা আরও ব্যাপকভাবে তদন্তে নিশ্চিত হতেই ট্রাম্পের আদেশের সংগতি রেখে এই পদক্ষেপ।

আপনার আবেদন যদি এক বছর আগে ফাইল করা হয়ে থাকে এবং তা যদি অনুমোদিত হয়ে থাকে, তবে সেই এডজাস্টমেন্টের ক্ষেত্রে এই পদক্ষেপ প্রযোজ্য হবে এবং আপনাকে মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে যে, আপনার এডজাস্টমেন্ট অব স্ট্যাটাসের সময় অনুমোদিত সময়ের চেয়ে বেশি হবে। আপনার আবেদন যদি পেন্ডিং থাকে অথবা আপনি আবেদন করতে চাচ্ছেন, সেক্ষেত্রে অনুগ্রহ করে আরও বিস্তারিত জানতে আপনি প্রয়োজনবোধে আপনার অভিজ্ঞ এটর্নীর সাথে পরামর্শ করুন।

আমরা সবসময় পরামর্শ দিয়ে থাকি যে ভুল সিদ্ধান্ত গ্রহণ করা থেকে বিরত থাকুন।

এবার নিম্নে রেজিস্ট্রেশন আইনের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় পুনরায় তুলে ধরা হলো আপনাদের জানতে প্রেক্ষিতে।

কাকে রেজিস্টার করতে হবে অর্থ্যাৎ যাদের জন্য রেজিস্ট্রেশন প্রযোজ্য:
যারা বিনা ইন্সপেকশনে এবং এ্যাডমিশনে ঢুকেছে- তাদের অবশ্যই রেজিস্টার করতে হবে। যেকোন বিদেশী নাগরিক যাদের কোন রেজিস্ট্রেশনের প্রমাণ ইস্যু করা হয় নাই। যেমন কানাডার নাগরিক যারা স্থল বন্দর দিয়ে ঢুকেছে এবং কতিপয় বিদেশি নাগরিক যাদের ডাকা স্ট্যাটাস মঞ্জুর করা হয়েছে অথবা যাদের সাময়িক প্রটেক্টেড স্ট্যাটাস (টিপিএস) রয়েছে।

যেকোন বিদেশি নাগরিক ইউএসএ'তে আছেন তাদের বয়স যদি ১৪ বছর হয়, তারা আগে রেজিস্টার করলেও তাদের অবশ্যই রেজিস্টার করতে হবে।

যথাযথভাবে রেজিস্টার করতে ব্যর্থ হলে তাদের ক্রিমিনাল এবং সিভিল জরিমানা গুনতে হবে। যেমন মিসডমিনার প্রসিকিউশন এবং জরিমানা।

কাদের রেজিস্ট্রেশন লাগবেনা:
নিম্ন বর্ণিতদের রেজিস্ট্রেশন লাগবেনা
কেউ যদি আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্ট অথবা পার্মানেন্ট রেসিডেন্টের জন্য আবেদন করেছেন।

কেউ যদি প্যারোলে ইউএসএ আসেন। যদি কাউকে ইমিগ্র্যান্ট অথবা নন ইমিগ্র্যান্ট কিংবা এমপ্লয়মেন্ট অথরাইজেশন ডকুমেন্ট ইস্যু করা হয়। সীমান্ত অতিক্রম করার সময় করার সময় যদি কোন ডকুমেন্ট ইস্যু করা হয়।

ইউএসসিআইএস অতিসত্বর রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে একটি প্রক্রিয়া ঘোষণা করবে। আপনি ইউএসসিআইএস বা একজন এটর্নীর সাথে (প্রয়োজনবোধে) যোগাযোগ করান এবং নিশ্চিত হোন যে আপনাকে রেজিস্ট্রেশন করতে হবে কিনা।

এপ্রিল ২০২৫ ভিসা বুলেটিন:
ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস এপ্রিল ২০২৫ এর ভিসা প্রকাশ করেছে নিম্নে এপ্রিল ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো ।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

এপ্রিল ২০২৫ ভিসা সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই। অর্থাৎ খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:
প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: মার্চ ১৫, ২০১৬ ।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক ও চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো। যাতে তিনি আপনার সাথে আলাপ করে সঠিক ও ভালো পরামর্শ দিতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1066780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA	ATLANTA	BROOKLYN	JACKSON HTS	BRONX
718-777-7001	770-936-9906	718-853-9558	718-507-6002	718-822-1081
JAMAICA	MANHATTAN	MICHIGAN	OZONE PARK	PATERSON
347-644-5150	212-808-0790	313-368-3845	347-829-3875	973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমরা ক্রেডিট কার্ড গ্রহণ করি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

হাউ ইজ দ্যাট-!

শেষ পৃষ্ঠায় পর

সংস্কার করেছিল এত ধানাইপানাই করেনি। দরকার মনে করেছে হুকুম জারী করে দিয়েছে। এনাদেরও এত কমিশন বস্তায় বস্তায় সুপারিশ গনঐক্য কমিশন সভা মিটিং মত বিনিময় প্রশ্নপত্র বিলি- এত সবের দরকার ছিল না। বাইরে থেকে এত অক্সফোর্ড হার্ভার্ড আমদানীরও প্রয়োজন ছিল না। দেশেই যারা সংবিধান বোঝেন তাদের কয়েকজনকে দায়িত্ব দিয়ে বড়জোর এক মাসের মধ্যে সুপারিশ আনিয়ে অধ্যাদেশ জারী করে দিলেই হতো। কেউ মানলে মানতো না মানলে না মানতো, নির্বাচন হয়ে যেতো সংশোধিত সংবিধানের ভিত্তিতে। সংসদে মেজরিটি পেয়ে কেউ তা বাতিল করে দিলে দিতো, ইউনুস সাহেবের তাতে কোন লোমটা ছেড়া যেতো!

ভদ্রলোক নরম মনের মানুষ। সোজা সিধা। তাছাড়া বয়সের কারনে স্বভাবতই সব বিষয়েই অন্যের ওপর নির্ভরশীল। এই সোজা মানুষটার মাথায় সবাই কাঁঠাল ভেঙ্গে খাচ্ছে। এদের নানাজনের নানা উদ্দেশ্য। এক দল চাইছে সংস্কারের বাহানায় নির্বাচন যত ঠেকিয়ে রাখা যাবে তত তারা গুছিয়ে নিতে পারবে। প্রশাসনের বিভিন্ন জায়গায় নিজেদের লোকজন সেট করতে পারবে। তালবেএলেম পার্টি কেবল যাত্রা শুরু করেছে। গুছিয়ে নিতে তাদেরও কমপক্ষে দুই বছর সময় দরকার। সরকারে যারা বসে আছে তাদেরও এই আট মাসে গায়ে গতরে চর্বি জমেছে। এই সুখ আরাম আয়েশ যতদিন ধরে রাখা যায়! নির্বাচন যদি দুই পাঁচ/দশ বছর ঠেকানো যায়, বা আদৌ না দিয়ে পারা যায়, সবচাইতে ভাল। এরাও জানে শেষতক সংস্কার-ফংস্কার কিছুই হবে না। যতদিন ডুগডুগি বাজিয়ে রাখা যায়। সব সরকারের আমলেই কিছু চামচা তেলবাজ জুটে যায়। এদের কিছু আলে খাটো। কিছু বুঝে, কিছু না বুঝে সারিন্দা বাজায়। কিছু থাকে ধান্ধাবাজ মতলববাজ। হাসিনা আমলেও ধোয়ারের দল গাইতো গনতন্ত্র না উন্নয়ন, উন্নয়ন উন্নয়ন। এখনও একদল সুর তুলেছে নির্বাচন না সংস্কার! জ্ঞানপাপীরা কিন্তু ঠিকই জানে সংস্কার কতটুকু হবে কি হবে না!

আসলে যে তরীকায় এনারা এগুচ্ছেন তাতে যে দশ মন তেলও পুড়বে না রাধারও নাচন হবে না- এটা বোঝার জন্য হার্ভার্ড পাশ দিতে হয় না। একটা পাগলেও বোঝে এই যে ১৬৬টা সুপারিশ, সবগুলো দল সবগুলো সুপারিশের ব্যাপারে কখনই একমত হবে না। এক পার্টি একটায় সম্মত হলে অন্য পার্টি তাতে আপত্তি জানাবে। এটাই হিসাবের কথা। এবং ইতিমধ্যে নানা আলোচনায় তা বেশ বোঝাও যাচ্ছে। তাই যদি হয়, যদি দলগুলোর মাঝে মতৈক্যই না হলো তাহলে এই গাবগ্যাজাগেজি কেন করা হচ্ছে! ধরা যাক গুরুত্বপূর্ণ কয়েকটা সুপারিশের ব্যাপারে বড় দলগুলোর মধ্যে কোন সমঝোতা হলো না। সরকার তখন কি করবে! সমঝোতা হলো না বলে সেগুলো পরিত্যক্ত করবে, না নিজেদের মত করে অধ্যাদেশ জারী করে দেবে! ঘুরেফিরে তো সেই একই কথা। তাহলে তো প্রশ্ন উঠবেই, এই সময়ক্ষেপন কেন!

সংস্কারের ধুয়া নয়, কথাটা আসতে পারতো প্রফেসর ইউনুসকে কিভাবে সরকারে রাখা যায় তার উপায় নিয়ে। তিনি অত্যন্ত সৎ এবং যোগ্য একজন ভালো মানুষ। তার আন্তর্জাতিক পরিচিতি এবং সম্মান দেশের জন্য গর্বের বিষয়। তার গত আট মাসের পারফরমেন্স ব্যতিক্রমী। বেশ কিছু বিষয়ে সফলতার সুবিধা জনগন ভোগ করছে। তাকে আমাদের দরকার। মানুষ এতটাই ইম্প্রেসড কেউ কেউ আওয়াজ তুলছেন নির্বাচন দরকার নেই, পাঁচ-দশ বছর ইউনূস সাহেবই চালিয়ে যান। সেটা সম্ভব না, অন্তত: যেভাবে তিনি চালাচ্ছেন। নির্বাচন দেওয়া এবং দেশে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা তুলে দেওয়ার ব্যাপারে তিনি কমিটেড। তিনি ওয়াদার বরখেলাফ করতে পারবেন না। এ বছরের ডিসেম্বর বা সামনের বছরের জুনের মধ্যে হোক, নির্বাচন তাকে দিতেই হবে। এবং স্বভাবতই নির্বাচনের পর তিনি চলে যাবেন।

ভাবা যেতে পারে কিভাবে তাকে রাখা যায়! কিভাবে তার ইমেজ এবং এক্সপার্টিজ দেশের কাজে ব্যবহার করা যায়! তার কোন রাজনৈতিক দল নেই যে ভোটে জিতে পরের সরকার গঠন করবেন। বড় কোন দলে জয়েন করবেন, এমনটাও হওয়ার সম্ভাবনা নেই। তাহলে একটাই উপায়- নির্বাচনের পর যে দলই সরকার গঠন করুক তাকে যদি সে সরকারে শামিল করে। ধরে নেওয়া হয় পরের সরকার বিএনপিই গঠন করবে। বেগম জিয়ার যে শারিরীক অবস্থা তাতে তিনি প্রধানমন্ত্রীর দায়িত্ব পালনে কতটা সক্ষম হবেন বলা যাচ্ছে না। উপ প্রধানমন্ত্রী হয়ে তার ছেলে যে মায়ের নামে সব চালাবেন সেটাও খুব একটা ফাংশনাল হবে না। সবচেয়ে ভাল হতো কোন একটা উপনির্বাচনের সীট থেকে প্রফেসর ইউনুসকে নির্বাচিত করে এনে যদি প্রধানমন্ত্রীর পদে বসানো যেতো। তারেক জিয়া উপপ্রধানমন্ত্রী হয়ে তার সাথে থেকে সরকার পরিচালনা শিখে নিতে পারতেন। প্রফেসর সাহেব মেয়াদ শেষ করে বা তার আগে দায়িত্ব ছেড়ে দিলে তারেক জিয়া প্রধানমন্ত্রীর পদে আসীন হতে পারতেন। সে প্রক্রিয়াটা সহজে গ্রহনযোগ্য হতো। বিএনপিকে মনে রাখতে হবে, তারেক জিয়াকে প্রধানমন্ত্রী বা ড. ইউনুসের স্থলাভিষিক্ত দেখতে মানুষ এখনও মানসিকভাবে তৈরী নয়।

যদি সরকারে না হয়, প্রেসিডেন্টের ক্ষমতা বাড়িয়ে তাকে সে পদে রাখতে পারলেও কাজ হতো। বিএনপি এখন থেকেই বিষয়টা ভেবে রাখতে পারে। যদি এ ব্যাপারে তাদের ইতিবাচক মনোভাব ব্যক্ত করে বিএনপির জন্য তা হবে আর একটা বড় প্লাস পয়েন্ট। এই দলের ভাবমূর্তি তখন অনেক উঁচুতে উঠে যাবে।

বর্দ্ধিত ট্যারিফের টাকাটা কে পে করবে!

পূঁজিবাদী অর্থনীতিতে ট্যাক্স ভ্যাট ট্যারিফ নামে যা ধার্য করা হয় তার এক পয়সাও সরকার, ব্যবসায়ী, ইম্পোর্টার এক্সপোর্টার বা হোলসেলার রিটেইলার- কেউই দেয় না। পুরোটাই আদায় করা হয় আম পাবলিক বা ভোক্তাদের কাছ থেকে। কিভাবে! জিনিষের দাম বাড়িয়ে! সোজা হিসাব।

ট্রাম্প সাহেব যে বিশ্বব্যপী ট্যারিফ পুনর্বিন্যাস- সোজা কথায় বাড়িয়েছেন, এই বাড়তি টাকাটাও কিন্তু পাবলিকের পকেট থেকেই যাবে। আর এই পাবলিক হচ্ছে আমেরিকার সাধারন জনগণ। মুক্তবাজার অর্থনীতি হওয়ায় যুক্তরাষ্ট্র মোটামুটিভাবে কনজ্যুমার গুডস বা নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের জন্য আমদানীর ওপর নির্ভরশীল। বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যে রফতানীকারক দেশগুলো নানারূপ ভর্তুকী প্রনোদণা দেয়ায় উৎপাদকরা অপেক্ষাকৃত কম দামে পন্য রপ্তানী করতে পারে। যুক্তরাষ্ট্রের স্থানীয় বাজারেও সে হিসেবে তা কমে বিক্রি হয়। এ দেশে শিল্প পণ্য উৎপাদনের ব্যয় অত্যন্ত বেশী, ফলে বাজারে আমদানীকৃত পণ্যের সাথে প্রতিযোগীতায় তারা মার খেয়ে যায়। এই করে করে কিছু ভারী আর কৃষি শিল্প ছাড়া কনজিউমার গুডস ম্যানুফাকচারিং কল-কারখানার অনেকগুলোই উঠে গেছে। ট্রাম্প সাহেব হয়তো মনে করেছেন এইযে এত বিপুল পরিমান আমদানী- তার ওপর ২০/২৫ পার্সেন্ট বাড়তি কর চাপালে অনেক টাকা এসে যাবে। হ্যাঁ, হয়তো রিজার্ভে ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলার জমা হবে, কিন্তু এই টাকাটা দেবে আমেরিকার জনগন- ভিনদেশী রফতানীকারকরা না!

ট্যারিফ বৃদ্ধিতে প্রাথমিকভাবে আমেরিকার আমদানী বাণিজ্যে কিছুটা ভাটা পড়বে। বিদেশী রফতানীকারকরা বর্দ্ধিত ট্যারিফে পন্য পাঠাতে রাজী হবে না। স্থানীয় আমদানীকারকরা চাইবে আগের দামে। কিন্তু রফতানীকারকরা বর্দ্ধিত ট্যারিফ মেনে না নিলে রফতানী করবে না। ফলে দু'টো ব্যপার ঘটবে: কিছু কিছু পণ্যের দুস্প্রাপ্যতা দেখা দেবে। তাতে বাজারে এসবের দাম এমনিতেই বেড়ে যাবে। দ্বিতীয়ত: ব্যবসা এবং বাজার ধরে রাখতে বাজারে পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখতে এক পর্যায়ে রফতানিকারকদের শর্তে রাজী হয়ে বেশী দামে পণ্য আমদানী করতে হবে। ফলস্বরূপ: জিনিষের দাম পঁচিশ/তিরিশ পার্সেন্ট বেড়ে যাবে!

তাহলে ব্যপারটা কি দাঁড়ালো! ট্রাম্প সাহেবের এই ট্যারিফের টাকাটা না দিলো রফতানীকারকরা না দিলো আমদানীকারকরা, নেওয়া হলো স্থানীয় জনগণের কাছ থেকে। একটু ঘুড়িয়ে। সরাসরি ট্যাক্স ধার্য না করে বাণিজ্যের ওপর ট্যারিফ বাড়ানোর মাধ্যম- ব্যাপারটা তেমনই হয়ে গেল না! পণ্যের এইযে দুস্প্রাপ্যতা মূল্যবৃদ্ধি- সাধারণ মানুষের মাঝে এর প্রতিক্রিয়া কেমন হবে তা কি বলার অপেক্ষা রাখে! আমি জানিনা মি. ট্রাম্পের অর্থনৈতিক উপদেষ্টারা কোন বিবেচনায় এমন একটা আত্মঘাতি পরিকল্পনায় সায় দিয়েছেন, তবে এটা যে অচীরেই বুমেরাং হতে চলেছে তা প্রমান হতে খুব বেশী সময় লাগবে বলে মনে হয় না।

আমার আশংকাটা অন্যখানে। আমেরিকার রিজার্ভ যখন খুব ভাল থাকে, অস্ত্র ব্যবসায়ীরা যুদ্ধের বুদ্ধি আঁটে। কারন একমাত্র যুদ্ধ উপকরন তৈরী এবং সাপ্লাই দিয়েই রিজার্ভ থেকে ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলার বের করে আনা যায়! পরের যুদ্ধটা যে কোথায় লাগে!

০৩ এপ্রিল ২০২৫

নিউইয়র্কে দেখা মিললো

শেষ পৃষ্ঠায় পর

ওসমানের আড্ডারত ছবি পোস্ট করেন। এরপর থেকে সোশ্যাল মিডিয়ায় ব্যাপক আলোচনা শুরু হয় নেটিজেনদের মধ্যে।

এদিকে শামীম ওসমানের নিউইয়র্কে অবস্থানের বিষয়টি তাঁর ঘনিষ্ঠজন ও একাধিক সূত্র নিশ্চিত করেছে।

খোঁজ নিয়ে জানা গেছে, গত ৫ আগস্ট আ.লীগ সরকারের পতনের পর শেখ হাসিনাসহ দলীয় মন্ত্রী-এমপি ও নেতাকর্মীরা দেশ ছেড়ে পালিয়ে যান। এরপর থেকে শীর্ষস্থানীয় ও আলোচিত এমপি মন্ত্রীরা আত্মগোপনেই রয়েছেন। আলোচিত শামীম ওসমানও তাদের একজন। আত্মগোপনে থাকা শামীম ওসমানকে এরপর ভারতের দিল্লী ও দুবাইয়ে অবস্থানের একাধিক ছবি সামাজিক যোগযোগ মাধ্যমে প্রচার হলেও সেটি নিশ্চিত ভাবে কেউ বলতে পারেননি। অবশেষে ৮ মাস পর তার দেখা মিললো নিউইয়র্কের জ্যামাইকাতে ঘরোয়া রেস্টুরেন্টে চা পানে আড্ডারত। এ সময় তার সাথে আরো তিন ব্যক্তিকে হাস্যজ্জ্বল অবস্থায় দেখা যায় আল আমীন রাসেলের পোস্ট করা ওই ছবিতে। ওই পোস্টে একাধিক নেটিজেনরা তাঁকে নিয়ে হাস্যরসাত্মক মন্তব্য করতে দেখা যায়।

শামীম ওসমানের এক ঘনিষ্ঠজন জানান, ঈদের পরদিন শামীম ওসমান দুবাই থেকে নিউইয়র্কে আসেন। কয়েকদিন নিউইয়র্কে অবস্থানের পর আবার দুবাইতে ফিরে যাবেন।





কনস্যুলেট অফিসে সেবায় প্রবাসীরা বৈষম্যের শিকার না হন সেদিকে সতর্ক থাকতে হবে







শেষ পৃষ্ঠায় পর সরকারের আমলে নিউইয়র্ক কনস্যুলেট অফিসে প্রবাসী বাংলাদেশীরা সেবার ক্ষেত্রে বৈষম্যের শিকার হয়েছেন। অগামী দিনে তার যেন পুনরাবৃত্তি আর না ঘটে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার আহবান জানান। এসময় তিনি আবেগ-আপ্লুত হয়ে বিগত সরকারের অত্যাচারের চিত্রও তুলে ধরেন। এছাড়াও তিনি কন্স্যুলেট অফিসের কর্মকর্তাদের কারো তোষামোদি না করে মর্যাদার সাথে পেশাগত দায়িত্বপালনের আহ্বান জানান।

পবিত্র ঈদুল ফিতরের ছুটিতে যুক্তরাষ্ট্রে ব্যক্তিগত সফরে এসে রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী যোগ দেন ব্যতিক্রমী এই সভায়। কথা বলেন খোলামেলা। সভায় স্বাগত বক্তব্য রাখেন কনসাল জেনারেল নাজমুল হুদা। মতবিনিময় সভায় বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের, সাংবাদিক ইমরান আনসারী, শিবলী চৌধুরী কায়েস, রিমন ইসলাম, এটর্নী মঈন চৌধুরী, জাজ সোমা সাঈদ প্রমুখ বক্তব্য রাখেন এবং প্রবাসীদের সেবায় সরকারের আরো করণীয় বিষয় তুলে ধরেন।

এছাড়াও সভায় যুক্তরাষ্ট্র বিএনপি'র প্রতিষ্ঠাতা সভাপতি নেতা ডা. মজিবুর রহমান মজুমদার, কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমেদ, জিল্লুর রহমান জিল্লু, ও মিজানুর রহমান ভূইয়া (মিলটন ভূইয়া), যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূইয়া, বিএনপি নেতা আব্দুস সবুর, মোশাররফ হোসেন সবুজ, হাবিবুর রহমান সেলিম, মোহাম্মদ বদিউল আলম, মোহাম্মদ সোহরাব হোসেন, স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, সাইফুর খান হারুন, যুক্তরাষ্ট্র যুবদল নেতা আতিকুল হক আহাদ, মিজানুর রহমান সহ আরো অনেকে বক্তব্য রাখেন।

সভায় কমিউনিটি নেতৃবৃন্দ যোগ দিয়ে দেশের জন্য সাংবাদিক মুশফিকুল ফজলের অবদানের কথা স্মরণ করেন এবং তার মাধ্যমে ড. ইউনূস সরকারের কাছে প্রবাসীদের দাবি-দাওয়ার কথা তুলে ধরেন।

উল্লেখ্য, বাংলাদেশের শেখ হাসিনা সরকারের দীর্ঘ সময় ধরে নানা জুলুল-অত্যাচার আর মানবাধিকার লংঘনের বিষয় হোয়াইট হাউজ ও জাতিসংঘে তুলে ধরা বিশেষ করে জুলাই-আগষ্ট আন্দোলনে শেখ হাসিনা সরকার পতনের নেতৃত্বে প্রবাসীদের মধ্যে যারা বিভিন্নভাবে বিশেষ ভূমিকা রেখেছেন তাদের মধ্যে সাংবাদিক মুশফিকুল ফজল আনসারী অন্যতম। আন্দোলন পরবর্তী দেশের অন্তর্বর্তীকালীন সরকার তাকে মেক্সিকোতে বাংলাদেশের রাষ্ট্রদূত নিয়োগ করেন। নতুন রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব নেয়ার পর প্রথম নিউইয়র্কে আসায় বাংলাদেশ কনস্যুলেট এক মতবিনিময় সভার আয়োজন করে।






Khalil
Biryani
House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300
OFF
* Minimum $10000 cash
purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com





৩ মে ইউএসবিসিসিআই রিয়েল এস্টেট এক্সপো-২০২৫

শেষ পৃষ্ঠায় পর এবং কমিউনিটির চাহিদার প্রেক্ষিতে এবারও আয়োজিত হচ্ছে এই এক্সপো। আগামী তেশরা মে শনিবার নিউইয়র্কের লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে এই এক্সপো চলবে সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। এতে নিউইয়র্ক ছাড়াও বিভিন্ন ষ্টেট থেকে ৬০টিরও বেশী এক্সিবিটর এবং শতাধিক রিয়েল এস্টেট পেশাজীবি অংশ নেবেন। শুধু বাড়ি কেনা-বেচা নয় বরং রিয়েল ষ্টেট বিষয়ে কমিউনিটিকে আরো সচেতনতার পাশাপাশি একই ছাতার নীচে হোম ফাইন্যান্স, লিগ্যাল অ্যাডভাইস, ইনভেষ্টমেন্ট প্রভৃতির সমাবেশ ঘটানই এক্সপোর মূল লক্ষ্য।

বৃহস্পতিবার দুপুরে জ্যামাইকার একটি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এক্সপো আয়োজিত কর্মকর্তারা এসব তথ্য জানান। সংবাদ সম্মেলনে ইউএসবিসিসিআই'র সভাপতি লিটন আহমেদ, পরিচালক অহাদ আলী সিপিএ, ইসমাইল আহমেদ, শেখ ফরহাদ ও মিলি ভূইয়া সহ মেডোব্রুকের লোন প্রোডাকশন কো-অর্ডিনেটর জাসিল রুবিও, ইমপেরিয়াম টাইটেল এজেন্সীর ম্যানেজিং পার্টনার এলিস ডেলগাডো বক্তব্য রাখেন।







গোয়েন্দা পরিচালক, ৩ নিরাপত্তা কর্মকর্তাকে বরখাস্ত করলেন ট্রাম্প

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের জাতীয় গোয়েন্দা সংস্থার (এনএসএ) পরিচালক টিমোথি হগকে বরখাস্ত করা হয়েছে বলে সাবেক-বর্তমান দুই মার্কিন কর্মকর্তার বরাত দিয়ে জানিয়েছে ওয়াশিংটন পোস্ট।

হগ যুক্তরাষ্ট্রের সাইবার কমান্ডেরও প্রধান ছিলে। বৃহস্পতিবার তার সঙ্গে এনএসএ-তে তার ডেপুটি ওয়েন্ডি নোবেলকেও দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে, প্রতিবেদনে বলেছে মার্কিন গণমাধ্যমটি।

নোবেলকে পরে গোয়েন্দা বিষয়ক আন্ডারসেক্রেটারির পেন্টাগন কার্যালয়ে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে; এনএসএ মার্কিন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে থাকা একটি সংস্থা।

একইদিন মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প তার জাতীয় নিরাপত্তা পরিষদের তিন কর্মকর্তাকেও বরখাস্ত করেছেন বলে জানিয়েছে বিবিসি।

বরখাস্ত কর্মকর্তারা হলেন- গোয়েন্দা তথ্য সংক্রান্ত পরিচালক ব্রায়ান ওয়ালশ, আইন বিষয়ক জ্যেষ্ঠ পরিচালক থমাস বুডরি এবং প্রযুক্তি ও জাতীয় নিরাপত্তা দেখভালের দায়িত্বে থাকা জ্যেষ্ঠ পরিচালক ডেভিড ফেইথ।

বুধবার কট্টর ডানপন্থি অ্যাক্টিভিস্ট লরা লুমারের সঙ্গে বৈঠক করার পর ট্রাম্প এ তিনজনকে বরখাস্ত করেছেন বলে খবর বেরিয়েছে। লরা ওই বৈঠকে তার দৃষ্টিতে ট্রাম্পের এজেন্ডার সমর্থক নয় এমন কিছু কর্মকর্তাকে বরখাস্তের দাবি তুলেছিলেন।

হগের মতো এই তিন কর্মকর্তাকে বরখাস্তের সুস্পষ্ট কারণও জানা যায়নি।

বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, জাতীয় গোয়েন্দা সংস্থার পরিচালক হগকে কেন বরখাস্ত করা হলো, আর নোবেলকে কেন নতুন দায়িত্ব দেওয়া হলো, তার কারণ জানেন না বলে ওয়াশিংটন পোস্টকে বলেছেন সাবেক-বর্তমান দুই কর্মকর্তা।

মার্কিন সাইবার কমান্ডের উপপ্রধান উইলিয়াম হার্টমানকে এনএসএ-র ভারপ্রাপ্ত পরিচালক করা হয়েছে, আর এনএসএ-র নির্বাহী পরিচালক শিলা থমাসকে করা হয়েছে ভারপ্রাপ্ত উপপ্রধান।

এই রদবদল নিয়ে রয়টার্স পেন্টাগন ও হোয়াইট হাউজের মন্তব্য চাইলেও তাৎক্ষণিকভাবে সাড়া পায়নি।












গ্রেসি ম্যানশন হয়ে উঠে এক টুকরো বাংলাদেশ




শেষ পৃষ্ঠায় পর

আয়োজিত অনুষ্ঠানে সিটি প্রশাসন ছাড়াও জনপ্রতিনিধি আর বিভিন্ন শ্রেণী পেশার বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। এছাড়াও দুই শতাধিক প্রবাসী বাংলাদেশীর উপস্থিতিতে 'গ্রেসি ম্যানশন' হয়ে উঠে এক টুকরো বাংলাদেশ, পরিণত হয় বাংলাদেশীদের মিলনমেলায়। 'বাংলাদেশ হেরিটেজ ডে' উপলক্ষ্যে বাংলাদেশী সংস্কৃতির আদলে সাজানো হয় ভবনটি।

অনুষ্ঠানে কমিউনিটি সেবায় বিশেষ অবদানের জন্য ৪জন ব্যক্তির হাতে সম্মাননা তুলে দেন মেয়র অ্যাডাম। বাঙালীর অবিস্মরণীয় বিজয়গাথা নিয়ে অলোচনা করা হয়। আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের। ছিলো বাঙালি খাবারও। সব মিলিয়ে বৃহস্পতিবার এক অন্যরকম সন্ধ্যা কেটেছে প্রবাসী বাংলাদেশীদের।

অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির ভূয়সী প্রসংশা করেন আফ্রিকান-আমেরিকান মেয়র এরিক অ্যাডামস। বলেন, বিশ্বের রাজধানী খ্যাত নিউইয়র্ক সিটির উন্নয়নে বাংলাদেশীদের অবদান অনস্বীকার্য। ক্রমবর্ধমান কমিউনিটির সদস্য হিসেবে বাংলাদেশীরা নিউইয়র্ক সিটিকে বসবাসের চমৎকার একটি জনপদে পরিণত করতে প্রশংসনীয় ভূমিকা পালন করছেন। সিটি প্রশাসনের চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার থেকে সিটির বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে অধিষ্ঠিত হয়েছেন বাংলাদেশী-আমেরিকানরা। পুলিশ প্রশাসনেও বাংলাদেশীদের অবদান অনস্বীকার্য।

বহুজাতিক নিউইয়র্ক সিটির মেয়র এরিক এডামস বলেন, আপনাদের মতোই আমিও একটি কমিউনিটির সদস্য। আমেরিকান স্বপ্ন পূরণের পথে আমেরিকান রাজনীতি ও প্রশাসনের সম্পৃক্ততার বিকল্প নেই। তিনি বলেন, আপনারা যদি ঐক্যবদ্ধ থাকেন, তাহলে ভোটের ময়দানে আপনারাও বিজয় অর্জনে সক্ষম হবেন। এখনই সময় বিশ্বে সবচেয়ে শক্তিশালী দেশের শক্তিশালী সিটিতে নিজের ভয়েস তুলে ধরার। বলেন, আমার বিশ্বাস একদিন বাংলাদেশী-আমেরিকান এই সিটির মেয়র হবেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মেয়র অফিসের চীফ এডমিনিস্ট্রেটিভ অফিসার বাংলাদেশী-আমেরিকান মীর বাশার, নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল নাজমুল হুদা, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। মীর বাশার সবাইকে স্বাগত জানান।

অনুষ্ঠানে বক্তারা জাঁকজমকভাবে বাংলাদেশ হেরিটেজ ডে অনুষ্ঠান আয়োজনের জন্য মেয়রের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মেয়রের এই ধরনের উদ্যোগকে সাধুবাদ জানান। বাংলাদেশীদের সঙ্গে মেয়রের আন্তরিক সম্পর্কের প্রশংসা করে বক্তারা বলেন, মেয়র এরিক অ্যাডামস বাংলাদেশীদের জন্য সবসময় তার দরজা উন্মুক্ত রেখেছেন, বাংলাদেশীদেরকে আপন মনে করেন। তিনি বারবার বাংলাদেশী কমিউনিটিকে সম্মান ও স্বীকৃতি দিয়ে চলেছেন। যুক্তরাষ্ট্রের মাটিতে দেশের সম্মান রক্ষায় বাংলাদেশী কমিউনিটি ঐক্যবদ্ধভাবে কাজ করে যাবে, এমনটাই প্রত্যাশা সবার।

অনুষ্ঠানে সাপ্তাহিক ঠিকানার প্রতিষ্ঠাতা সম্পাদক, সাবেক এমপি এম এম শাহীন, নুসরাত ফজল, জয়া করিম এবং কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম-কে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। মেয়র তাদের হাতে সম্মাণনা তুলে দেন। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী রানো নেওয়াজ এবং উদীয়মান শিল্পী অনিক রাজ। সেতারে বাউল কালা মিয়া ও ঢুলি শফিক বাঙালী সংস্কৃতির হৃদয়কাড়া সুর তুলে ধরে উপস্থিত সবাইকে উজ্জীবিত করেন।








তৈয়েবুর রহমান

কমিউনিটি বোর্ড মেম্বার হলেন তৈয়েবুর রহমান

নিউইয়র্ক : নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ, জ্যামাইকার মোহাম্মদ তৈয়েবুর রহমান চতুর্থ বারের মত নিউইয়র্ক সিটি কমিউনিটি বোর্ড-৮ কুইন্স এর মেম্বার হিসেবে আগামী দুই বছরের জন্য নিয়োগ পেয়েছেন।

কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ডস সম্প্রতি এ নিয়োগ প্রদান করেন। কমিউনিটি বোর্ড নিউইয়র্ক সিটির লোকাল গর্ভনমেন্ট, পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ফলে এক বোর্ড মেম্বার হিসেবে সংশ্লিস্ট ব্যক্তির কমিউনিটির সেবায় কাজ করার বিমেষ সুযোগ রয়েছে।

মোহাম্মদ তৈয়েবুর রহমান তার দায়িত্ব পালনে সকলের দোয়া কামনা করেছেন।

নিউইয়র্ক সিটির বেস্ট কমিউনিটি লিডার দেলোয়ার

নিউইয়র্ক: বাংলাদেশের মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে সিটি হলের অ্যাওয়ার্ড পেলেন কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট সমাজকর্মী, কমিউনিটি বোর্ড মেম্বার এবং জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। গত ২৬ মার্চ সিটি হলে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে অ্যাওয়ার্ড প্রদান করেন কাউন্সিল সদস্য জিম জিনারো। অনুষ্ঠানে জিনারোর অনুপস্থিতিতে দেলোয়াররের হাতে প্রোক্লেমেশন তুলে দেন মেজোরিটি লিডার আমান্দা ফারিয়াস। সমাজ সেবায় বিশেষ অবদান রাখার জন্য 'নিউইয়র্ক সিটির বেষ্ট কমিউনিটি লিডার' অ্যাওয়ার্ডে ভূষিত হন নিউইয়র্কের ডেমোক্র্যাট দলীয় রাজনীতিক ফখরুল ইসলাম দেলোয়ার।



ফখরুল ইসলাম দেলোয়ার নিউইয়র্ক তথা যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে সক্রিয়ভাবে নিজের একটি অবস্থান তৈরি করে নিয়েছেন। গত প্রায় দুই যুগ ধরে তিনি নিউইয়র্কে কমিউনিটি অ্যাকটিভিস্ট হিসেবে প্রবাসীদের সুখ-দুখে পাশে দাঁড়িয়ে সবার আস্থা ও ভালবাসা অর্জন করেছেন। নিউইয়র্কের সুপরিচিত বাংলাদেশী ব্যবসা প্রতিষ্ঠান ফাতেমা ব্রাদার্স গ্রুপের পরিচালক ফখরুল ইসলাম দেলোয়ার। তিনি এবি মিডিয়া গ্রুপের প্রতিষ্ঠাতাদের অন্যতম এবং ম্যানেজিং ডিরেক্টরের দায়িত্ব পালন করছেন।

'নিউইয়র্ক সিটির বেষ্ট কমিউনিটি লিডার' অ্যাওয়ার্ড প্রাপ্তির পর ফখরুল ইসলাম দেলোয়ার তার প্রতিক্রিয়ায় বলেন, গত দুই যুগ ধরে আমি কমিউনিটির সেবায় কাজ করছি। এই কমিউনিটিতেই আমার বেড়ে ওঠা। বাংলাদেশী কমিউনিটির অধিকার আদায়ে মূলধারার সঙ্গে কাজ করে যাচ্ছি। কোন সম্মাননা বা পুরস্কারের আশায় নয়- মানুষের জন্য কিছু করতে পারাটাই আমার জন্য বড় পুরস্কার। এর পরও মূলধারায় আমাদের বাংলাদেশী কমিউনিটির দীর্ঘদিনের অবদান ও শ্রমের ফল এই পুরস্কার। নিউইয়র্কের সিটি হল আমাকে জন্মভূমি বাংলাদেশের ঐতিহাসিক বিশেষ দিনে বিমেষ সম্মানে সম্মানিত করেছে, এই অর্জন পুরো কমিউনিটির। তিনি বলেন, নিঃসন্দেহে এই সম্মান আমাকে আগামী দিনে মানুষের জন্য কাজ করায় আরও অনুপ্রাণিত করবে। এ সময় তিনি কাউন্সিল ডিস্ট্রিক্ট-২৪ এর কাউন্সিলম্যান জিম জিনারোকে বিশেষ ধন্যবাদ জানান।

উল্লেখ্য, ফখরুল ইসলাম দেলোয়ার সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার খাসারীপাড়া গ্রামের শিক্ষানুরাগী ও দানবীর এবং প্রথম নির্বাচিত মেম্বার মরহুম হাজী তাহির আলীর কনিষ্ঠ পুত্র।

এদিকে নিউইয়র্কে ইমিগ্র্যান্ট কমিউনিটির ডেমোক্রেট দলীয় তরুণ নেতা ফখরুল ইসলাম দেলোয়ার 'নিউইয়র্ক সিটির বেষ্ট কমিউনিটি লিডার' প্রক্লেমেশন পাওয়ায় জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) নির্বাহী কমিটির পক্ষ থেকে জেএমসি'র পরিচালনা কমিটির দুইবারের জয়েন্ট সেক্রেটারি ফখরুল ইসলাম দেলোয়ারকে অভিনন্দন জানানো হয়। গত ৫ এপ্রিল শনিবার বাদ এশা জেএমসি'র চেয়ারম্যান ডা. নাজমুল হাসান খান, সেক্রেটারি আফতাব মান্নানসহ নির্বাহী কমিটির নেতৃবৃন্দ তাকে অভিনন্দন জানানো হয়।

এছাড়াও অ্যাওয়ার্ড প্রাপ্তিতে ফখরুল ইসলাম দেলোয়ারকে অভিনন্দন জানিয়েছেন সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, ডেমোক্র্যাট ডিষ্ট্রিক্ট লিডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরীসহ নিউইয়র্কের সাংবাদিক, সুশীল সমাজ ও জালালাবাদ এসোসিয়েশনসহ বিভিন্ন আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দ।

নিউইয়র্কের বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টা জোরদারে

গভর্নর হোকলের নতুন আইনে স্বাক্ষর

বাংলা পত্রিকা ডেস্ক: গভর্নর ক্যাথি হোকুল নিউইয়র্কের বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টা জোরদার করার জন্য তিনটি নতুন আইনে স্বাক্ষর করেছেন। গত ৩ এপ্রিল বৃহস্পতিবার এক বিবৃতিতে গভর্নরের অফিস এ তথ্য জানায়। বিবৃতিতে বলা হয়েছে, মহামারীর তুলনায় নিউইয়র্কে বন্দুক সহিংসতা ৫ শতাংশ হ্রাস পাওয়ার পর এই আইনগুলো প্রণয়ন করা হয়েছে। কর্মকর্তারা আরও বলেছেন আইনগুলোর মধ্যে একটি 'পিস্তল কনভার্টার' এর জন্য শাস্তি নিশ্চিত করবে, আরেকটি আইনে ক্রেডিট এবং ডেবিট কার্ড ইস্যুকারীদের মার্চেন্ট ক্যাটাগরি কোড ব্যবহার করতে হবে। সর্বশেষ, আইন অনুসারে আগ্নেয়াস্ত্র বিক্রেতাদের বিক্রির সময় জাতীয় আত্মহত্যা প্রতিরোধ হটলাইন সম্পর্কে তথ্য প্রদান করতে হবে।

টর্নেডোর আঘাতে বিধ্বস্ত আরকানসাস, মিসৌরি ও টেনেসি : নিহত ৭

বাংলা পত্রিকা ডেস্ক: শক্তিশালী ঝড় ও টর্নেডোর আঘাতে বিধ্বস্ত যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি অঙ্গরাজ্য। নিহত হয়েছেন অন্তত ৭ জন। আবহাওয়াবিদরা বলছেন, টর্নেডোর আশঙ্কা এখনো কাটেনি। বেশ কয়েকটি অঙ্গরাজ্য টানা ভারি বৃষ্টিপাতের কারণে ভয়াবহ বন্যার কবলে পড়তে পারে বলেও সতর্কবার্তা জারি করা হয়েছে। বুধবার সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের মধ্যাঞ্চলে একাধিক টর্নেডো আঘাত হানে। ঝড় ও টর্নেডোর তাণ্ডবে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে আরকানসাস, মিসৌরি ও টেনেসি অঙ্গরাজ্যে। ওকলাহোমা থেকে ইন্ডিয়ানা পর্যন্ত বিস্তৃত ঝড়ে বহু বাড়িঘর ধসে পড়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে বিভিন্ন স্থাপনা।

৫ মে কুলাউড়া এসোসিয়েশনের নবনির্বাচিতদের অভিষেক

কমিটির বর্ণাঢ্য অভিষেক ও শপথ অনুষ্ঠান আগামী ৫ মে অনুষ্ঠিত হবে।

অভিষেক ও সংগঠনের সার্বিক কার্যক্রম নিয়ে রোববার ৬ এপ্রিল নিউইয়র্কের এস্টোরিয়াস্থ ৩৬ এভিনিউয়ের একটি রেস্টুরেন্টের পার্টি হলে নবনির্বাচিত ও বর্তমান কার্যনির্বাহী কমিটির যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। এতে বর্তমান সভাপতি শাহ্ আলাউদ্দিন এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন নবনির্বাচিত সভাপতি সৈয়দ ইলিয়াস খসরু, সহ-সভাপতি লুৎফুর রহমান, সাধারণ সম্পাদক মঈনুর রহমান সুয়েব, সাবেক কোষাধ্যক্ষ জামাল উদ্দিন লিটন ও হারুনুর রশীদ তালুকদার, নবনির্বাচিত কমিটির সহ সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টু, কোষাধ্যক্ষ ওবায়দুর রহমান কামাল , সাংগঠনিক সম্পাদক রাহাত বিন ওয়াহিদ চৌধুরী, প্রচার সম্পাদক শামীম আহমদ, ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক আজিজুল হক স্বপন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মিতা চক্রবর্তী, মহিলা বিষয়ক সম্পাদিকা সালমা চৌধুরী মিলি, কার্যনির্বাহী সদস্য অলিউর রহমান, সালিক আহমদ, মো. মতিউর রহমান খান, তাহমিদুর চৌধুরী তৌসিফ ও ফারুক মিয়া।

সভায় সবার সম্মতিতে নবনির্বাচিত কমিটির শপথ, অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী ৫ মে উডসাইডের কুইন্স প্যালেস পার্টি হলে আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া এসোসিয়েশনের বার্ষিক পিকনিক আগামী ১৩ জুলাই ব্রঙ্কসের ফেরী পয়েন্ট পার্কে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এসব অনুষ্ঠানের আয়োজনের ব্যবস্থাপনাসহ সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়।

প্রসঙ্গত, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ'র নির্বাচনে মনোনয়ন যাচাই বাছাই শেষে কোন প্রতিদ্বন্দ্বী প্যানেল ও প্রার্থী না থাকায় খসরু-সুয়েব পরিষদের ১৫ জন প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৫ এপ্রিল নির্বাচিত ঘোষণা করেন এসোসিয়েশনের নির্বাচন পরিচালনা কমিটি। নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি ২০২৫-২৮ সাল পর্যন্ত দায়িত্ব পালন করবেন।





৩ মাসে ৭০০ ভারতীয়কে ফেরত পাঠিয়েছে যুক্তরাষ্ট্র'

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র থেকে গেল তিনমাসে প্রায় ৭০০ ভারতীয়কে জোরপূর্বক দেশে ফেরত পাঠানো হয়েছে। লোকসভায় দেয়া বক্তব্যে দেশটির পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং এই তথ্য জানান। কীর্তি বর্ধন সিং বলেন, অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে চলা কড়াকড়িতে এখন পর্যন্ত ৬৮২ ভারতীয় নাগরিককে ফেরত পাঠানো হয়েছে। প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প দায়িত্ব নেয়ার পর থেকেই চলছে অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে অভিযান। হাজার হাজার অবৈধ অভিবাসীকে আটকের পর পাঠানো হচ্ছে নিজ নিজ দেশে। ফেরত পাঠানো ভারতীয়দের মধ্যে বেশিরভাগই অভিবাসন প্রত্যাশী। যারা যুক্তরাষ্ট্রে অবৈধভাবে প্রবেশের চেষ্টা চালায়।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

বাংলাদেশীদের চায়ের আড্ডাতেও চলছে না কথা। দেশকে আকার্যকর করতে বলা হচ্ছে দেশী-বিদেশী নানা ষড়যন্ত্রের কথা। কিন্তু এসব আড্ডায় সচেতন প্রবাসীদের একটি-ই কথা। আগে দেশ রক্ষা করতে হবে। আর এজন্য সর্বাগ্রে প্রয়োজন 'দেশপ্রেম'। সকল কিছুর আগে সবার মাঝে 'দেশপ্রেম' জাগ্রত হলে অনেক সমস্যার সমাধান হবে এবং দেশ সঠিক পথে এগুবে। *২৩ মার্চ ২০২৫*

সাহিত্য সাময়িকী

নেশা
কাজল চক্রবর্তী

এ এক অদ্ভুত নেশা, সারাদিন কার কথা ভাবি
সময় চলে যায়, চকচকে সূর্য ম্লান হয় দেখি
অন্ধকারে কারো কথা, অথবা কোনো মুখ মনে পড়ে না
সামান্য এ পুরুষ জীবন বরফের হিম নিয়ে
ক্রমেই পঞ্চভূতের দিকে দ্রুতপায়ে যায় এগিয়ে
ওগো নতুন মা

অন্তর্নিহিত অগ্নিময় উষ্ণতায়
সৈয়দ মামুনুর রশীদ

নিরবতার মধ্যে অনেক কথা লুকিয়ে রাখো
দেখো দুরদর্শির দৃষ্টিতে জানালার ওপারে
শুভ্রতার কাশবন পেরিয়ে দুস্তর বনপথে
যে পাহাড় আগলে রাখে না বলা কথার মঞ্জরী।

যে আকাশ নীল হয়ে যায় সমুদ্র দেখার পর
অতঃপর দূরের সাগর সঙ্গমে দুরন্ত দিগন্ত
নেমে আসে অনায়াসে ধরণীর কাছাকাছি।

কৃষ্ণচূড়ার ডালে পাখি এসে বসবেই
সে কালো কোকিলই হোক বা রঙিন কোন পাখি।
বসন্ত বাসন্তী রঙের সুষমা ছড়িয়ে দেয় বলেই
মধুকর উদভ্রান্ত কুসুমিত সুবাসিত সমিরণে,
সুগন্ধি চাঞ্চল্যে বিমুগ্ধ উচ্ছলতা স্তব্ধতাকে স্তম্ভিত করে
কেড়ে নেয় নির্বিকার থাকা নিরিবিলি অভিমান।
নিরবচ্ছিন্ন মৌনতার আড়ালে
তোমার উৎকণ্ঠিত শব্দ বিন্যাস
আমার অর্বাচীন অস্থির কল্পনার জগতকে
আহত করে অন্তর্নিহিত অগ্নিময় উষ্ণতায়।

অবরোধের এক পর্ব
মামুদ দারবিশ

ভোরের কিনারে দাঁড়ানো এক দেশ,
আমরা হয়ে গেছি কম বুদ্ধিমান,
কারণ আমরা জয়ের ক্ষণে তাকিয়ে থাকি;
আমাদের রাতেও রাত নেই, কেবল বারুদের ঝিলিক,
শত্রুরা আমাদের চেয়ে নিদ্রাহীন,
আর শত্রুরাই আমাদের জন্য আলো জ্বালে
আঁধার ডোবা অশ্রয়ের গহ্বরে।

ভাষান্তর-তমিজ উদ্‌দীন লোদী

কাঁদবো আমি রোজ
শাহীন রেজা

কাঁদার জন্য কাঁদবো আমি
কাঁদবো আমি রোজ

পাতার ঘৃণায় উঠলে জেগে ঝড়
আঁতুড় ঘরে কাঁপবে বাতাস; তুষ

গন্ধলাগা বিড়ির আগুন
নামায় যদি রোদ
নারীর গ্রীবায় ছলকে ওঠে লাল
বনবিড়ালের শিকার হলে ঘাস
তবেই নদীর শান্ত বুকে
ইলিশ-বনবাস

ভাবুক ওরা ভাবুক,
ওড়না ফেলে আচম্বিতে বুকের ডালিম ঢাকুক-

এইটুকু এই জয়
কবির মনে হঠাৎ-হঠাৎ
কাঠ পোড়ানোর ভয়।

চাষাবাদ
মামুন জামিল

চলোনা কিছু মানবতার চাষাবাদ করি!
খরায় মরা এই পৃথিবীতে
তার জন্য কোনো জমির প্রয়োজন নেই
তোমার হৃদয়ের অসীম চরাঞ্চলের
একটুকুন স্থানই যথেষ্ট!!

উর্বরতার কথা ভাবছো?
তারও সমস্যা হবে না,
বিশুদ্ধ সততা আর নৈতিকতার সংমিশ্রণে
শ্রেষ্ঠতম জৈবসার তোমার মস্তিষ্কেই
পড়ে আছে অব্যবহৃত!

তার সাথে কিছু উপলব্ধির জল মিশিয়ে
প্রতিদিন সকাল-সন্ধ্যা একটু পরিচর্চা

করলেই দেখবে --
সজীবতায় টগবগিয়ে উঁকি দিচ্ছে
এক কাঙ্ক্ষিত সুন্দর পৃথিবী!!

ওগো নতুন মা
দিলীপ কির্ত্তুনিয়া

ওগো নতুন মা, তুমি যখন সন্তানের জন্ম দেবে
সন্তানের হাতে ভালবাসা শিখিয়ে দিও
এই হাত যেন কখনো বন্দুক আর
অস্ত্র ধরতে না শেখে।
ওগো নতুন মা, তুমি যখন সন্তানের জন্ম দেবে
জন্ম দিয়ে ওর তুলতুলে নরম হাতটা ধরবে
আর সজল চোখে বলবে
তুই আমার কত জনমের সাধনা
তুই আমার স্বপ্নের রাজপুত্র
তোর হাত যেন হয় ফুলের নির্মাতা
তোর হাতে যেন বাজে সুরের বেহালা
হাত যেন ধ্বংস নিয়ে না করে খেলা।

তুমি তোমার নতুন জাতকের গালে চুমু
এঁকে দিয়ে বোলো
হে নতুন মা সলাজ বধু মাতা --
এই হচ্ছে ভালবাসার বীজ

তোর ঠোঁটে দিলাম চুম্বন পুঁতে
ভালবাসবি সকলকে।

তিমিদের সভা
এইচ বি রিতা

নদীর গভীরে গুমরে উঠেছে জল, তিমিরা বুঝি
সভা বসিয়েছে আজ
আলোহীন গুহায় গুঞ্জন ওঠে, কে কাকে দেবে দোষ,
হিসেবের মুখে লাজ!
প্রাচীন ঢেউয়ের কপাল ফাটিয়ে কেউ বলে,
‘আমি নির্দোষ, সে করেছিল ভুল।’
অন্য কেউ গম্ভীর গলায়, ‘সমুদ্র ছিল বিক্ষুব্ধ,
কে কাকে দেবে শূল?’
নীল জলরেখায় সূর্যের হাসি, তার আলোয়
ধরা পড়ে সব ছল
কে কাকে গিলেছে, কার ক্ষত কত-তিমিদের বয়ান
লিখে যায় জল।
রাজনীতির ঢেউয়ে লাশ ভাসে বটে, তবু কেউ কেউ
উঠে আসে ঠিক
দোষারোপের এই সমুদ্র-গান, কেবল ঝড় থামার
আগের টেকনিক।
জলের নিচে থেকে যায় কথা, ইতিহাস ঘুমিযে পড়ে
নীরবতার কফিনে
তিমিরা চুপচাপ চলে যায় দূরে, তাদের গল্প ফুরায়,
বহমান রক্তজমিনে।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ



অফিসের অধীনে সেনিয়র স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন বড় ব্যবসা সুযোগ বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার আওতে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

আমেরিকায় ১ মিলিয়ন বা সমমানের ৫ লক্ষ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার আওতে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনানোর সময়ে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন রেজিস্টার্ড মালিকানা/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৫ বছরের ভিসা নিয়ে পরবর্তীতে ২ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাজাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্লিপ ফল দুর্ঘটনা
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- ফ্র্যাকচার বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- বিনিবাস প্রুফ বা ওয়ারটাইম না পাওয়া
- বর্ষ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member: naea

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

আবশ্যক

দোভাষী আবশ্যকঃ ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।

Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাই: ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়স: ২৭, উচ্চতা: ৫'৮", কমপ্লেক্সশন: উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগ:
abdurrahman.bd144@gmail.com (পাত্র নিজে)

পাত্র চাইঃসম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুম ভাড়াঃ
জ্যাকসন হাইটস এলাকায় ৭ সাবওয়ের সন্নিকটে এলমহার্স্ট এভিনিউতে ফার্নিচারসহ দোতলায় ১টি রুম কর্মজীবী পুরুষের নিকট ১লা এপ্রিল হতে ভাড়া হবে। কিচেন, বাথ শেয়ারে। ফোনঃ ৩৪৭-৬২৬-৯০১৮.

রুম ভাড়াঃ
জ্যামাইকায় হিলসাইড এভিনিউ ও ১৬৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ে এবং সিটি ব্যাংকের নিকটে আলাদা একটি বড় রুম ভাড়া হবে অধূমপায়ী ব্যাচেলর এর নিকট এখনই। যোগাযোগঃ ৬৪৬-৩০২-৩২২০

রুম ভাড়া :
হিলসাইড ২৪১ স্ট্রিট ও ৮৭ এভিনিউ বেলরোজে সেমিবেসমেন্টে ১টি বেডরুম একজন ব্যাচেলারের কাছে ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। বাসার নিকট কিউ-৪৩ বাস। যোগাযোগঃ ৭১৮-৯০৯- ৭৫৩৩, ৩৪৭-৬৬৪-৩৭৭৬.

রুম ভাড়াঃ
১লা এপ্রিল থেকে জ্যামাইকায় ১৭৩ স্ট্রীটে একজন অধূমপায়ী পুরুষ ব্যাচেলারের নিকট একটি রুম ভাড়া হবে। বাথরুম ও কিচেন শেয়ার। ভাড়া ৬৫০ ডলার। যোগাযোগঃ ৩৪৭-৩০৬- ৮৬৬৩.

রুম ভাড়াঃ
১লা মে থেকে কর্মজীবী মহিলাদের জন্য ৮৮-২১ ১৭০তম স্ট্রিট ১ম তলা, জ্যামাই-কার রুম ভাড়া। যোগাযোগ: ৯২৯-৬২৩-৮২৭৫, ৩৪৭-৫৯৩-৬৬১২

রুম ভাড়াঃ
৩৪-১০, ৮৪ স্ট্রীট, ৭ ট্রেন, কিউ-৩২/৩৩ বাস দুই ব্লকের মধ্যে এপার্টমেন্ট বিল্ডিংয়ের প্রথম তলায় একটি
বড় রুম, দুই জন কর্মজীবী মুসলিম বা স্বামী-স্ত্রীর নিকট এপ্রিল মাস থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৩৮-৭৬৬৬.

রুম ভাড়াঃ
ইস্টএলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে এক তলায় ছেলেদের জন্য একটি রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ : ৯১৭-৩০১-২০৬৩

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়া:
প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ:
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR
Mobile. 646-934-3056

বাড়ি ভাড়াঃ
উডহ্যাভেনে দুই বেডরুমের একটি বড় বাসা সাবওয়ের কাছে ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯০৭-৪০০৮, ৯২৯-৩৯৩-১৪৬৪.

বাসা ভাড়াঃ
১৬৪-৪ th Street, Hicksvill, NY 11108, সুন্দর মনোরম পরিবেশে (ব্রান্ডনিউ) হার্ট অফ হিক্সবিল মিডিল স্কুল এবং হাই স্কুল সাথে, হিক্সভিল সাবওয়ের কাছে। তিন বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। ৬৪৬-৯৮৩-৫৭৪৯.

বাসা ভাড়াঃ
৮১-১৫, ১৩৮ স্ট্রীট, ব্রায়ারউড (কিউ গার্ডেন সাবওয়ের সন্নিকটে) দোতলা (৩ বেডরুম, ১.৫ বাথরুম, ১ বেলকনি)র জন্য ভাড়াটিয়া আবশ্যক। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ ৬৪৬-৮৮৬-৬৪০৮, ৬৪৬-৬৬৪-৬৮৮৯.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা,হিলসাইড এভিনিউ এবং ২০৮ স্ট্রীট এর সন্নিকটে ২য় তলা ২ বেডরুম, লিভিং, ডাইনিং, কিচেন, বাথরুমসহ বাসা ভাড়া হবে। বাসার নিকটে মসজিদ, স্কুল, বাস ইত্যাদি। যোগাযোগঃ ৯২৯-৩০৯-৮৫৯৬.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ সংলগ্ন ২৫ এভিনিউ এবং ৯৮ স্ট্রীটে ২ বেডরুমের বাসা, ১ বেড রুমের বেসমেন্ট ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। নিউলি রিনোভেটেড।
ফোনঃ ৭১৬- ৬৩৮-৩০৪২.

বাসা ভাড়াঃ
২ বেডরুমের বাসা ভাড়া। জ্যামাইকা ইয়র্ক কলেজ সন্নিকটে ২ বেডরুমের ১টি ২য় তলা বাসা ১লা এপ্রিল থেকে ফ্যামিলির নিকট ভাড়া দেয়া হবে। ই ট্রেন এফ ট্রেন সাবওয়ে থেকে ১০ মিনিট দূরত্ব। ফোনঃ ৩৪৭-৪৮৪-৫২৮৩.

বাসা ভাড়াঃ
ওজনপার্ক লিবার্টি এভিনিউ এ ট্রেন বাইতুন নূর মসজিদের সংলগ্ন দ্বিতীয় তলা ৫টি রুম- দুটি বাথ, বড় কিচেন, ২টি চুলা, ২টি ফ্রিজ আছে। দুই পরিবার শেয়ার করতে পারবে। ৩৪৭-২৫৯-২৯৫৪/৩৪৭-২৫৫-৪৮৪৬

বাসা ভাড়াঃ
এলমহার্স্ট হাসপাতালের কাছে ছোট ফ্যামিলি বা দুইজন কর্মজীবী মহিলার কাছে বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ ৭১৮-৪৪৬-২৭৫০, ৩৪৭-৬৭১-৫০৯৪.

বাসা ভাড়াঃ
Basement for rent (1 to 2 people max), con-sists of 1 bedroom and 1 living room with newly ren-ovated kitchen, located near Sayres Avenue 111-36 177th Street Jamaica, NY 11433. Please call 917-326-1370.

banglapatrikausa@gmail.com
সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

বাসা ভাড়া:
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693. যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)। যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

বাসা ভাড়াঃ
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য। যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ। যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার। ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.
ড্রাইভারঃ TLC **বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ ৬৪৬-৭০৪-৫৭৪৯.**

‘তাকওয়া’-এর পরিচর্যা অব্যাহত রাখুন

জাফর আহমাদ

‘তাকওয়া অর্জন’ (To achieving Takwa) শিরোনামে সিয়াম নামক ক্যাম্পে এক মাসের একটি প্রশিক্ষণ কোর্সে ভর্তি হয়েছিল সারা বিশ্বের মুসলিম প্রশিক্ষণার্থীরা। এই তো সবেমাত্র শেষ হলো সেই প্রশিক্ষণ। প্রতিটি প্রশিক্ষণার্থী ভাই-বোনকে একটি মাস জ্বালিয়ে-পুড়িয়ে খাঁটি সোনায় রূপান্তর করা হয়েছে। ক্রমাগত একটি মাস তাক্ওয়ার অনুশীলনে প্রতিটি প্রাণ এখন উজ্জিবিত। মানুষের জীবনের প্রতিটি ক্ষেত্রে তথা ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রের প্রতিটি স্তরে পৃথিবী এখন তাকওয়ার বাস্তব প্রয়োগ ও প্রতিফলন দেখবে। রমজান এমন খাঁটি মুত্তাকি তৈয়ার করেছে যারা তাকওয়ার পথে পথ চলবে। এটিই ইসলামের প্রত্যাশা, এটিই রমযানের লক্ষ্য-উদ্দেশ্য। বাস্তব প্রতিফলন বা তাকওয়ার পথে পথ চলতে হলে তো ভালো-মন্দের পার্থক্য জানা চাই। প্রশিক্ষণার্থী ভাই-বোনদের মনে থাকার কথা, ঐ প্রশিক্ষণ চলাকালীন সময়ে আমাদেরকে তাকওয়ার পথে সঠিকভাবে চলার জন্য একটি গাইড বুকও (ুহুড়ঢ়ংরং) বা ঈড়ঁৎংব গধঃবৎরধষ হিসাবে দেয়া হয়েছিল সেটির নাম হলো আল কুরআন। “রমযান তো সে মাস যাতে এ কুরআন নাযিল করা হয়েছে। আর এ কুরআন হচ্ছে মানব জাতির জন্য পথের দিশা। মানুষের জন্য (হক বাতিলের) পার্থক্যকারী।” (আল কুরআন ২:১৮৫) তাকওয়া অর্থ আল্লাহর ভয়ে ভালো-মন্দ, হক-বাতিল, সত্য-মিথ্যা মোট কথা আল্লাহর পথ ও তাগুতের পথ বাছাই করে চলা। কুরআন সেই পার্থক্যের পথ দেখাবে। সুতরাং তাকওয়ার বাস্তব প্রয়োগের জন্য আল কুরআনে প্রাত্যহিক অধ্যয়ন ও অনুশীলন চালিয়ে যেতে হবে। কুরআন অনুযায়ী নিজের পরিবার, সমাজ ও রাষ্ট্র পরিচালনা করার উদ্যেগ গ্রহণ করতে হবে। তবে এটিই হবে তাকওয়ার পরিচর্যা, এটিই হবে তাকওয়ার বাস্তব প্রতিফলন।

তাকওয়ার পরিচর্যা অব্যাহত রাখা একজন প্রকৃত তাকওয়াদারী বা মুত্তাকীর অত্যাবশ্যকীয় দায়িত্ব ও কর্তব্য। বিশেষভাবে মনে রাখা প্রয়োজন, রমযানের পর যদি তাকওয়ার ধারাবাহিকতা না থাকে, তবে বুঝতে হবে তাঁর রমযানের সারাদিনের ক্ষুধা, কিয়ামুল লাইল, রাত্রি জাগরণ, ইবাদাত কবুল হয়নি অর্থাৎ তার প্রশিক্ষণ ভেস্তে গেছে। একটি মৌলিক কথা হলো, যে কোন কাজ পূর্বের কাজের সঠিকতার উপর পরবর্তী কাজটি নির্ভর করে। আল্লাহর ইবাদাতের বেলায়ও একই কথা প্রযোজ্য। একটি ভালো কাজ কবুল হওয়ার লক্ষণ হলো, ভালো কাজের পর আরেকটি ভালো কাজ করা। একটি ভালো কাজ করার পর আবার ভালো কাজ করা মানে প্রথমটি কবুল হওয়ার আলামত। ধারাবাহিকতা বজায় রাখা আল্লাহর কাছে অতি প্রিয়। বুখারীর একটি হাদীস থেকে তাই জানা যায়। আয়েশা রাঃ থেকে বর্ণিত রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে কাজ কেউ সর্বদা (নিয়মিত) করে, সেটিই আল্লাহর নিকট প্রিয়তম।” (বুখারীঃ ৪৩, কিতাবুল ঈমান, বাব আহাব্বুদ দ্বীন, সংক্ষেপিত) এ হাদীসের ব্যাখ্যায় একজন ইসলামী স্কলার বলেছেন, ‘মুমিনের সমস্ত কাজই একটা নিয়ম-শৃংখলার অধীন হওয়া উচিত। আল্লাহর দ্বীনের সমস্ত কাজই বেশ সাজানো গুছানো। আল্লাহর নিজের সমস্ত কাজের মধ্যেও পরিপূর্ণ নিয়ম-শৃংখলা বিরাজমান। দ্বীনের কাজ কখনো খুব বেশী করা কখনো খুব কম করা অথবা না করা আল্লাহ পছন্দ করেন না। অল্প হলেও সব কাজ সাজিয়ে গুছিয়ে রুটিন অনুযায়ী সর্বদা নিয়মিতভাবে করা আল্লাহ পছন্দ করেন। এতে তিনি বরকত দেন। আর এভাবে বাস্তব জীবন সুশৃংখল ও সুনিয়ন্ত্রিত কোন প্রতিফলন তো আমাদের চোখে পড়ে না। এর কারণ কি? এটি কি প্রশিক্ষণের ত্রুটি? না কি প্রশিক্ষণার্থীর ত্রুটি? প্রকৃত কারণ হলো, না বুঝে প্রশিক্ষণে অংশগ্রহণ করা। প্রশিক্ষণের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আমাদের ভুল ধারণা রয়েছে। সেই বিষয়গুলো হলো, রমযান, তাকওয়া ও আল কুরআন। সেই ভুলটি হলো, রমযান থেকে আমরা কুরআন ও তাকওয়াকে আলাদা করে চিন্তা করি। যিনি অন্ধ তার কাছে টর্স লাইটের আলোর কোন মূল্য নাই এবং এ আলো তাকে পথ দেখাতে পারে না। এমনি ভাবে আমরা যারা রমযানের রোযাকে আল কুরআন থেকে বিচ্ছিন্ন করেছি এবং আল কুরআনকে সঠিকভাবে বুঝতে ও মানতে এবং তদনুযায়ী জীবন গঠন করতে চাই না। তাদেরকে রোযা ও আল কুরআন যৌথ ভাবে তাকওয়ার পথে পরিচালিত করতে পারছে না। আমাদের দৈনন্দিনের প্রতিটি ইবাদাত এবং আল-কুরআনের প্রকৃত লক্ষ্য-উদ্দেশ্যকে ভুলে গিয়ে আমরা সস্তা সওয়াবের ডিজিট গণনায় মত্ত হয়ে আছি।

প্রথমেই বলা হয়েছিল যে, রমযান এলে হয়।’ আল্লাহ তা’আলা বলেন, “অবধারিত মৃত্যু আসা পর্যন্ত নিজের রবের বন্দেগী করে যেতে থাকো।” (হিজর :৯৯)

কিন্তু দু:খের বিষয় হলো, রমযান আসে, রমযান যায়, আমরা যেখানটায় ছিলাম সেখানটায় থেকে যাই। কোন পরিবর্তন বা পানি তেমন একটা আটকায় না। বৃষ্টি পড়ে কিছুক্ষণের মধ্যে সেখানে পানিশূণ্য হয়ে যায়। কারণ সেখানে পানি ধারণ করার মতো কোন গভীরতাই নেই। গভীরতা না থাকার কারণ কি? কারণ হলো এগারটি মাস গভীরতা সৃষ্টির জন্য চেষ্টা-সাধনা করা হয়নি। ফলে যতোটুকু গভীরতা ছিল তাও ভরাট হয়ে গেছে। রমযানে মানুষের যতোটুকু গভীরতা সৃষ্টি হয় তা ক্রমাগত ড্রেজিং তথা তাকওয়ার পথে না চলার কারণে পরবর্তি রমযানে সেখানে তাকওয়া নামক আল্লাহর রহমত আটকায় না অর্থ্যাৎ তাকওয়া তার মধ্যে কোন প্রভাব সৃষ্টি করতে পারে না। রমযানের রহমত, বরকত ও মাগফিরাত কোনটিই তার ভাগ্যে জুটে না। যদি জুটতো তাহলে পরবর্তি এগারটি মাসেও সে অবশ্য অবশ্যই আল্লাহর রহমত দ্বারা সিক্ত হতো। সবুজ সমারোহে তার প্রতিটি কার্যক্ষেত্র ফুলে ফলে সুশোভিত হয়ে যেতো। সমতল ভুমির ন্যায় সিয়াম শুধু ক্ষুধা এবং কিয়ামুল লাইল শুধু রাত্রি জাগরণ ছাড়া আর কোন ফায়দাই দিতে পারে নাই।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রহমতের বারিধারা মুষলধারে বর্ষিত হতে থাকে। কোথাও মুষলধারে বৃষ্টি হলে যেমন মাঠ-ঘাট, নদী-নালা ও খাল-বিল প্রত্যেকটির ধারণ ক্ষমতা অনুযায়ী পানি ধরে রাখে। যার গভীরতা যতো বেশী, তার ধারণ ক্ষমতাও ততবেশী। কিন্তু সমতল ভুমিতে বলেছেন, “অনেক রোযাদার এমন রয়েছে কেবল ক্ষুধা আর পিপাসা ছাড়া ভাগ্যে অন্য কিছুই জোটে না। তেমনি রাত্রিতে ইবাদাতকারী অনেক মানুষও এমন রয়েছে, যারা রাত্রি জাগরণ ছাড়া আর কিছুই লাভ করতে পারে না।” অন্য হাদীসে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন “যে ব্যক্তি মিথ্যা কথা ও কাজ পরিত্যাগ করতে পারল না তার শুধু খানা-পিনা করায় আল্লাহর কোন প্রয়োজন নেই।”

রমযানের তাকওয়ার ধারাবাহিকতা চালু রাখার জন্য যেই কাজটি করতে হবে তা হলো, নিজের ক্ষতি হয় এমন কাজ থেকে বিরত থাকা। এটাই তাকওয়া বা আল্লাহর ভয়। কিন্তু মানুষের যদি এ জ্ঞানই না থাকে কিসে তার ক্ষতি কিসে তার ভালো, তবে সে কিভাবে সেই পার্থক্য নিরূপণ করবে? তাই ভালো-মন্দ যাচাই করার জন্য দরকার একটি কষ্টিপাথর। আল-কুরআনই হলো সেই কষ্টিপাথর যার মাধ্যমেই একমাত্র হক ও বাতিল, ন্যায় ও অন্যায়ের পার্থক্য নিরূপণ করা যায়। সিয়াম সাধনার উদ্দেশ্য হচ্ছে তাক্ওয়া গুণ সৃষ্টি করা, আল্-কুরআনের উদ্দেশ্য হচ্ছে তাক্ওয়া সম্পন্ন ব্যক্তিদেরকে সঠিক পথের দিশা দেয়া। আল্লাহ তা’আলা বলেন, “আলিফ-লাম-মিম। (এই নাও) সেই কিতাব (আল-কুরআন) তাতে সন্দেহের কোন অবকাশ নাই, ইহা মুত্তাকী লোকদের পথ দেখাবে।” (আল কুরআন ২:১-২) তাহলে আমরা এভাবে বলতে পারি যে, আল কুরআনের কাজ হচ্ছে, প্রাথমিকভাবে সৈন্যবাহিনীতে লোক নিয়োগদান করে রমযানের রোযার হাতে ছেড়ে দেওয়া এবং রমজানের রোযা একটি মাস তাকে জ্বালিয়ে পুড়িয়ে খাঁটি সোনা তথা দক্ষ সৈনিকে রূপান্তর বা তৈরী করে আবার কুরআনের হাতে সোপর্দ করবে। এবার আল কুরআন তাকে সামনে পথ চলার কর্মসূচী বাতলে দেবে। কুরআন বলবে কোনটি আল্লাহর মর্জির পথ, আর কোনটি তাগুতের পথ। আল্লাহর মর্জির পথ হলো তাঁর প্রতিনিধি হিসেবে তাঁর জমিনে তাঁরই অনুশাসন মেনে চলার চেষ্টা করা। এটিই রমযান, তাক্ওয়া ও কুরআনের চূড়ান্ত লক্ষ্য ও উদ্দেশ্য।

আল কুরআন হলো রমযানের মধ্যমনি। রমযান ফরয করা হয়েছে আল কুরআনের

২৯-এর পৃষ্ঠায় দেখুন

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!
এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত
ইউনাইটেড ট্রাভেলস ইনক
Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন
ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম
UNITED TRAVELS INC.
37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-
Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট
Concorde Travels
কনকর্ড ট্রাভেল
২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত
আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ
সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে
সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়
Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS
37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগঃ
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25% Discount** sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

NIGAR
SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



রাষ্ট্রের মূলনীতি প্রশ্নে বিপরীত অবস্থানে বিএনপি-জামায়াত

৩ নং পৃষ্ঠায় পর

সংসদ সদস্য একই সাথে প্রধানমন্ত্রী, সংসদনেতা ও রাজনৈতিক দলের প্রধান যেকোনো একটির বেশি পদে অধিষ্ঠিত হবেন না' এই সুপারিশের বিষয়েও দ্বিমত জানিয়েছে জামায়াত। দলটির প্রস্তাব, একজন সংসদ সদস্য যেকোনো দুটির বেশি পদে অধিষ্ঠিত হবেন না।

জামায়াত চায়, প্রস্তাবিত সংসদের উভয় কক্ষের মেয়াদ পাঁচ বছর করা, নিম্নকক্ষের ৩০০টি সাধারণ আসনে সাধারণ নির্বাচন এবং সংরক্ষিত ৫০ আসনে সংখ্যাভিত্তিক পিআর পদ্ধতিতে রাজনৈতিক দলগুলো দ্বারা মনোনীত হবে।

অর্থবিল ব্যতীত নিম্নকক্ষের সদস্যরা তাঁদের মনোনয়নকারী দলের বিপক্ষে ভোট দেওয়ার পূর্ণ ক্ষমতা পাবেন; কমিশনের এমন সুপারিশে আংশিক একমত বলে জানিয়েছে জামায়াত। তবে এ ক্ষেত্রে দলটি 'অর্থবিলের' সঙ্গে 'আস্থা ভোট' যুক্ত করেছে।

এ ছাড়া সংস্কার কমিশন ১০৫ জন সদস্যের সমন্বয়ে সংসদের উচ্চকক্ষ গঠনের কথা বলেছে। তার মধ্যে পাঁচজন রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত হবেন। জামায়াত উচ্চকক্ষের আসন ১০০ জনে সীমিত রাখার পক্ষে। আর 'পূর্ণ গণতন্ত্র চর্চার জন্য রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত উচ্চকক্ষের পাঁচটি আসন পূরণের সুযোগ না রাখার' পক্ষে মত দিয়েছে দলটি।

রাষ্ট্রপতির মেয়াদ চার বছর করা এবং একই ব্যক্তি রাষ্ট্রপতি পদে সর্বোচ্চ দুবারের বেশি অধিষ্ঠিত হবেন নাসংস্কার কমিশনের এই সুপারিশের ক্ষেত্রে আংশিক একমত জামায়াত। দলটি রাষ্ট্রপতির মেয়াদ পাঁচ বছর চায়।

জরুরি অবস্থা ঘোষণা প্রসঙ্গে

জরুরি অবস্থা ঘোষণাসংক্রান্ত সুপারিশে কমিশন বলেছে, কেবল জাতীয় সাংবিধানিক কমিশনের (এনসিসি) সিদ্ধান্তক্রমে রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করতে পারবেন। জরুরি অবস্থার সময় নাগরিকদের কোনো অধিকার রদ বা স্থগিত করা যাবে না এবং আদালতে যাওয়ার অধিকার বন্ধ বা স্থগিত করা যাবে না। তাই সংবিধানের অনুচ্ছেদ ১৪১(খ) ও অনুচ্ছেদ ১৪১(গ) বাতিল হবে।

এই ক্ষেত্রে কেবল 'এনসিসির সুপারিশক্রমে রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করতে পারবেন'এ বিষয়ে জামায়াত একমত।

অবশ্য এই বিষয়ে বিএনপি বলেছে, জরুরি অবস্থা জারির সঙ্গে সরকারের নির্বাহী কর্তৃত্বের বিষয়টি অঙ্গাঙ্গিভাবে জড়িত বিধায় এ-সংক্রান্ত ক্ষমতা সরকার ও সংসদের বাইরে অন্য কোনো কর্তৃপক্ষের কাছে থাকা সংগত নয়। এ ছাড়া নাগরিকদের কোনো অধিকার রদ বা স্থগিত না করে জরুরি অবস্থা জারির সুপারিশ বোধগম্য নয় বলেছে বিএনপি।

'আল্লাহর প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাস'

পঞ্চদশ সংশোধনীর আগে সংবিধানের প্রস্তাবনায় 'আল্লাহর প্রতি পূর্ণ আস্থা ও বিশ্বাস' কথাটি ছিল। পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানের প্রস্তাবনা থেকে এটি সরিয়ে দেওয়া হয়। জামায়াত এখন 'সর্বশক্তিমান আল্লাহর ওপর পূর্ণ আস্থা ও বিশ্বাস' কথাটির সঙ্গে 'ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ, সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার ও গণতন্ত্র' এ কথাগুলো সংবিধানের মূলনীতিতে সংযুক্ত করার মত দিয়েছে।

এ বিষয়ে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, 'আমরা মনে করি, আল্লাহর ওপর পূর্ণ আস্থা ও বিশ্বাস এটা একটা মৌলিক বিষয়। দলের নীতিনির্ধারণী পর্যায়ে বিস্তারিত আলোচনার ভিত্তিতে সংবিধানের মূলনীতিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেছি।' তিনি বলেন, 'আমরা সংবিধানের মূলনীতির পরিবর্তন চাই; এ কারণে যে ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র বাংলাদেশের জনগোষ্ঠীর সঙ্গে যায় না। এর সঙ্গে এই জনগোষ্ঠীর বিশ্বাস ও নৈতিকতার প্রশ্ন আছে।'

জামায়াতের এই নেতার দাবি, স্বাধিকার আন্দোলনের সময়ও ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রের কথা আসেনি। স্বাধীনতার পরে ভারতের প্রভাবে সে দেশের সংবিধানের সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশের সংবিধানের মূলনীতিতে ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্র যুক্ত করা হয়।

নোবেল জয়ীর ভিসা বাতিল করলো যুক্তরাষ্ট্র

শেষ পৃষ্ঠায় পর

তিনি। বার্তা সংস্থা এএফপি-র এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

অস্কার আরিয়াস জানিয়েছেন, তার যুক্তরাষ্ট্রের ভিসা বাতিল করা হয়েছে। কোস্টারিকার দুইবারের এই প্রেসিডেন্ট ১৯৮৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। মধ্য-আমেরিকায় গৃহযুদ্ধের অবসানে তার প্রচেষ্টার জন্য নোবেল কর্তৃপক্ষ তাকে এই স্বীকৃতি দেয়।

মঙ্গলবার সকালের দিকে যুক্তরাষ্ট্রের পর্যটক ও ব্যবসায়িক ভিসা বাতিল করার তথ্য ইমেইলের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়েছে।

যুক্তরাষ্ট্র কেন তার ভিসা বাতিল করেছে তা পুরোপুরি পরিষ্কার নয়। তবে তিনি যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন নীতি ও শুল্কনীতির একজন কট্টর সমালোচক বলে বিভিন্ন গণমাধ্যমের প্রতিবেদনে জানা গেছে।

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy





ভাটেরা এসোসিয়েশনের ঈদ উপহার

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ভাটেরা অব এসোসিয়েশন ইউএসএ'র পক্ষ থেকে দেশের অসহায় মানুষের মাঝে নগদ অর্থ প্রদান করেছেন। ঈদের আগের দিন মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ভাটেরা ইউনিয়নের ১২০জন নর-নারীর মাঝে জনপ্রতি ৩ হাজার ৫০০ টাকা এবং অন্যান্য লোকদের মাঝেও নগদ অর্থ প্রদান করা হয়। স্থানীয় ইউনিয়ন চেয়ারম্যান সৈয়দ এ কে এম নজরুল ইসলামের তত্ত্বাবধানে ইউপি'র সদস্য প্যানেল চেয়ারম্যান সাইদুল ইসলাম পাখি, আব্দুল লতিফ মেম্বার, মোখলেসুর রহমান, রিপন মেম্বর, মনসুর আহমেদ তালুকদার, আব্দুল মজিদ মেম্বার, রিয়াজ আহমদ, হেলন মেম্বার এবং সেলিম মেম্বার সংশ্লিস্টদের মাঝে অর্থ তুলে দেন। এসময় এলাকার বিশিষ্টজনের মধ্যে সাবেক মেম্বার আব্দুল হান্নান তালুকদার, আকমল হোসেন তালুকদার, সৈয়দ সিরাজুল ইসলাম, সৈয়দুল ইসলাম, অধ্যাপক আব্দুল করীম, অধ্যাপক সদর উদ্দিন সিদ্দিকী, প্রভাষক শাহীদুল ইসলাম, সৈয়দ সদর আহমদ, হেলাল সিদ্দিকী উপস্থিত ছিলেন। এসময় বক্তারা ভাটেরা এসোসিয়েশনের ভূয়সী প্রশংসা করেন।















৪র্থ বাংলাদেশ রেমিট্যান্স ফেয়ার ২০২৫

বৈধ রেমিট্যান্স, উন্নত বাংলাদেশ

১৯-২০ এপ্রিল ২০২৫
(শনিবার এবং রবিবার)

বিকাল ৩টা - রাত ৮ টা

সানাই রেস্তোরাঁ ও পার্টি হল
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক, ইউএসএ

ENTRY FREE

মেলার আকর্ষণ

- মেলায় থাকবে বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ২০টির অধিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
- মানি ট্রান্সফার কোম্পানির অংশগ্রহণ
- প্রবাসী বাংলাদেশিদের ব্যাংক একাউন্ট খোলার সুযোগ
- রেমিট্যান্স অফশোর ব্যাংকিং ও প্রবাসী ব্যবসা সংক্রান্ত সেমিনার আলোচনা এবং প্রশ্ন/উত্তর পর্ব
- সেরা ১০ বাংলাদেশি-আমেরিকান রেমিট্যান্স প্রেরককে পুরস্কার প্রদান
- বাংলাদেশের শীর্ষ ৩ রেমিট্যান্স রিসিভার ব্যাংককে পুরস্কার প্রদান
- শীর্ষ ৩ মানি এক্সচেঞ্জ কোম্পানি/ রেমিট্যান্স চ্যানেল পার্টনারকে পুরস্কার প্রদান
- রেমিট্যান্স নেটওয়ার্কিং ডিনার ও প্রবাসী নেটওয়ার্কিং ডিনার

মেলায় অংশগ্রহণ করছে

- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
- অফশোর ব্যাংকিং সেবা প্রদানকারী
- মানি ট্রান্সফার অপারেটর
- মানি ট্রান্সফার এবং রেমিট্যান্স অ্যাপ
- রেমিট্যান্স চ্যানেল পার্টনার
- মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস
- প্রবাসী ক্ষুদ্র উদ্যোক্তাবৃন্দ

কারা মেলা পরিদর্শন করবেন?

- রেমিট্যান্স প্রেরণকারী মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশি প্রবাসী
- প্রবাসী ফোরাম ও সমিতির সদস্য
- পেশাজীবী সম্প্রদায় ও সাংস্কৃতিক সংস্থার সদস্য
- প্রবাসী উদ্যোক্তা ও ব্যবসায়ী প্রমুখ

স্টল বুকিং ও যোগাযোগ
+১(৩৪৭)৬৫৬-৫১০৬ | +১(৩৪৭)৮৬৪-১২১৮
info@bangladeshremittancefair.com

অতিথিবৃন্দ

প্রধান অতিথি



জনাব ড. আহসান এইচ মনসুর
মাননীয় গভর্নর, বাংলাদেশ ব্যাংক

বিশেষ অতিথি



জনাব ড. মো. হাবিবুর রহমান
ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক



জনাব মো. হাফিজুর রহমান
প্রশাসক, এফবিসিসিআই



জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী
চেয়ারম্যান, সোনালী ব্যাংক পিএলসি



জনাব আব্দুল হাই সরকার
চেয়ারম্যান
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস

এছাড়া বাংলাদেশ এবং আমেরিকার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অনেক স্বনামধন্য ব্যক্তিবর্গ মেলায় উপস্থিত থাকবেন

In association with

Media Partners

Organized by

গ্রোসারীতে দাম বাড়ছে যে সব পণ্যের

শেষ পৃষ্ঠায় পর কফি, ওয়াইন, বাদাম ও পনিরের মতো পণ্যের দাম বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে। এমনকি ক্যাশ কাউন্টারে দাঁড়িয়ে চকলেট বার কিনতেও আপনাকে অতিরিক্ত খরচ করতে হতে পারে।

খাদ্য শিল্প বিশ্লেষক ফিল লেম্পার্ট অনুমান করেন, ''সুপারমার্কেটের প্রায় অর্ধেক পণ্য যেমন ৪০,০০০ আইটেম ট্রাম্পের ঘোষিত ট্যারিফ দ্বারা প্রভাবিত হবে। এসব পণ্য নিত্য প্রয়োজনীয়।''

পারডিউ বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতির অধ্যাপক জোসেফ বালাগটাস বলেন, কানাডা থেকে সারের উচ্চ মূল্য ও ইউএস ডলারের দুর্বলতার মতো ট্যারিফ-সম্পর্কিত অন্যান্য কারণও খাদ্য মূল্যকে প্রভাবিত করবে।

যেগুলোর পণ্যের দাম বৃদ্ধির সম্ভাবনা রয়েছে: সামুদ্রিক খাবার প্রধান সরবরাহকারী: চিলি (১০%), ভারত (২৬%), ইন্দোনেশিয়া (৩২%), ভিয়েতনাম (৪৬%) থেকে আমদানীকৃত পণ্যের ওপর ট্যারিফ ঘোষণা করেছে। যুক্তরাষ্ট্র এসব দেশ থেকে ৮৫% পর্যন্ত সামুদ্রিক খাবার আমদানি করে।

কফি, প্রধান উৎস: ব্রাজিল (১০%), কলম্বিয়া (১০%) থেকে আমদানীকৃত পণ্যের ওপর ট্যারিফ ঘোষণা করেছে। যুক্তরাষ্ট্র বিশ্বের বৃহত্তম কফি আমদানিকারক।

ফল, প্রধান উৎস: গুয়াতেমালা (১০%), কোস্টারিকা (১০%), পেরু (১০%) থেকে আমদানীকৃত পণ্যের ওপর ট্যারিফ ঘোষণা করেছে। এসব দেশ থেকে যুক্তরাষ্ট্র কলা, তরমুজ, আনারস ও আমসহ ফল আমদানী করে থাকে।

গরুর মাংস, প্রধান উৎস: নিউজিল্যান্ড (১০%), অস্ট্রেলিয়া (১০%) থেকে আমদানীকৃত পণ্যের ওপর ট্যারিফ ঘোষণা করেছে। যুক্তরাষ্ট্রে গবাদি পশুর সংখ্যা ১৯৫১ সালের পর সর্বনিম্ন।

চাল, প্রধান উৎস: থাইল্যান্ড (৩৬%), ভারত (২৬%) থেকে আমদানীকৃত পণ্যের ওপর ট্যারিফ ঘোষণা করেছে। এতে করে যুক্তরাষ্ট্রে জেসমিন ও বাসমতি চালের দাম প্রভাবিত হতে পারে।

পনির, প্রধান উৎস: ইতালি, ফ্রান্স, স্পেন (২০% ইউ ট্যারিফ),পারমিজান, ব্রি ও গৌডা পনিরের দাম বাড়তে পারে।

বাদাম, প্রধান উৎস: ভিয়েতনাম (৪৬%), আইভরি কোস্ট (২১%), ব্রাজিল (১০%)। এতে কাজু ও ম্যাকাডামিয়া বাদামের দাম বাড়বে।

৯. চকলেট, প্রধান উৎস: আইভরি কোস্ট (২১%), ইকুয়েডর (১০%)। কোকো বিনের মূল্য ইতিমধ্যেই বৃদ্ধি পেয়েছে।

১০. জলপাই, তেল প্রধান উৎস: ইইউ (২০%), বিশেষত স্পেন, ইতালি। জলপাই তেলের দাম ইতিমধ্যেই আকাশছোঁয়া, আরো বৃদ্ধিতে ক্রয়ক্ষমতার ঊর্ধ্বে থাকবে জলপাই তেল।

বিশ্লেষকরা সতর্ক করেছেন, এই ট্যারিফ কেবল নির্দিষ্ট পণ্যের দামই নয়, বরং সুপারমার্কেটের হাজারো পণ্যের প্রাপ্যতাকেও প্রভাবিত করতে পারে। পণ্যের সম্পূর্ণ মূল্য কতটা বৃদ্ধি পাবে তা এখনই সঠিকভাবে বলা সম্ভব না, তবে ভোক্তাদের জন্য ব্যয়বহুল সময় আসতে চলেছে বলে বিশেষজ্ঞরা মত দিচ্ছেন।

ইমিগ্র্যাশনের ভুল ইমেইল: ৭ দিনের নোটিশে দেশ ছাড়ার নির্দেশ!

শেষ পৃষ্ঠায় পর করা 'ইউক্রেনিয়ান প্যারোল প্রোগ্রাম' বাতিল করা হয়নি। কতজন ইউক্রেনীয় এই ই-মেইল পেয়েছিলেন তা স্পষ্ট নয়।

বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, এ সপ্তাহে বৈধভাবে অবস্থান করা ইউক্রেনীয়রা একটি ই-মেইল পান যাতে বলা হয় যে, তাদের 'স্ট্যাটাস' বাতিল করা হয়েছে এবং সাত দিনের মধ্যে দেশ ছাড়তে বলা হয়েছে, অন্যথায় 'ফেডারেল সরকার তাদের খুঁজে বের করবে।'

রয়টার্স গত মাসে জানিয়েছিল, ট্রাম্প প্রশাসন রাশিয়া-ইউক্রেন সংঘাত থেকে পালিয়ে আসা প্রায় ২ লাখ ৪০ হাজার ইউক্রেনীয়র অস্থায়ী আইনি মর্যাদা বাতিলের পরিকল্পনা করছে। এই পদক্ষেপ প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসনের অধীনের বিপরীত।

গত বৃহস্পতিবার পাঠানো ই-মেইলটিতে লেখা ছিল, 'যদি আপনি অবিলম্বে যুক্তরাষ্ট্র ত্যাগ না করেন তবে আপনি সম্ভাব্য আইন প্রয়োগকারী সংস্থার পদক্ষেপের শিকার হবেন, যার ফলে আপনাকে যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কার করা হবে। পুনরায় বলছি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় আপনার প্যারোল বাতিল করছে। যুক্তরাষ্ট্রে থাকার চেষ্টা করবেন না।'

এই ই-মেইলের পর হোমল্যান্ড সিকিউরিটি দপ্তর শুক্রবার একটি ফলো-আপ নোট ই-মেইল পাঠিয়েছে, যাতে তাদের জানানো হয়েছে যে, আদেশটি ভুল ছিল এবং 'আপনার প্যারোলের শর্তাবলি আগে যেমন ছিল, তেমনই অপরিবর্তিত রয়েছে।'

নাম প্রকাশে অনিচ্ছুক এক ইউক্রেনীয় নারী বলেন, ই-মেইলটি পাওয়ার পর তিনি 'স্বাভাবিকভাবে শ্বাস নিতে পারছিলেন না এবং অনিয়ন্ত্রিতভাবে কাঁদছিলেন।' তিনি জানান, গত আগস্টে তিনি তাঁর অভিবাসন 'স্ট্যাটাস' নবায়ন করেছেন এবং তাঁকে বলা হয়েছিল, এটি এটি আরও দুই বছরের জন্য বৈধ।

মেইল পাওয়ার পর ওই নারী যুক্তরাষ্ট্র থেকে তাঁকে বের করে দেওয়ার ক্ষেত্রে তাঁর কী ভুল থাকতে পারে, তা বোঝার চেষ্টা করছিলেন। তিনি কোনো কারণ খুঁজে পাননি জানিয়ে বলেছেন, 'আমার একটি পার্কিং টিকিটও নেই, সোশ্যাল মিডিয়ায় পোস্টও করি না।'

আইওয়া অঙ্গরাজ্যে ইউক্রেনীয় আশ্রয়প্রার্থীদের অর্থায়ন করা এনজিও আইএ নাইসের সভাপতি অ্যাঞ্জেলা বোয়েলেন্স বলেন, তিনি অন্তত দু'জন মহিলাকে চেনেন যারা এই ই-মেইল পেয়েছেন, যাদের মধ্যে একজন আবার গর্ভবতী। বোয়েলেন্স বলেন, 'এটি খুবই ভীতিকর ই-মেইল। আমার পুরো পরিবার সম্পূর্ণ আতঙ্কিত।'

'তাকওয়া'-এর পরিচর্যা অব্যাহত রাখুন

২৩-এর পৃষ্ঠায় পর প্রাতিষ্ঠানিক রূপদান করার ট্রেনিং হিসেবে। শুধুমাত্র রমযান নয় এমনিভাবে আমরা যতোগুলো ইবাদাত পালন করে থাকি, যেমন: নামায, যাকাত ও হজ্জ প্রতিটি ইবাদাতের লক্ষ্য উদ্দেশ্য হলো সেই একটিই, আর তা হলো, আল-কুরআন অনুশীলনের সংগ্রামে একজন আদর্শ সৈনিকে পরিণত করা।

রমযান, কুরআন ও তাক্ওয়া এ তিনটি পরিভাষা একই লক্ষ্য-উদ্দেশ্যকে সামনে রেখে চক্রাকারে আমাদের মাঝে আবর্তিত হয়। আর সেই লক্ষ্য-উদ্দেশ্য হলো ইসলামী সমাজ উপযোগী সৎ নাগরিক তৈরী করা।


সুতরাং রমযান চলে গেলে এ পবিত্র মাসে আমাদের মধ্যে তাকওয়ার যে শক্তি অর্জিত হয়েছে, তার ধারাবাহিকতা বজায় রাখতে হবে। যেই তাকওয়া আমাদেরকে আল্লাহর দেয়া জীবন-বিধান এবং কুরআনের মিশনকে পুরো করার যোগ্য করে তুলতে পারে। সেজন্য কুরআনের সাথে গভীর সম্পর্ক গড়ে তুলতে হবে। কারণ পূর্বেই বলা হয়েছে যে, এ পবিত্র মাসের রোযাসহ সবকিছুই কুরআনের সাথে কেন্দ্রীভূত করে দেয়া হয়েছে। অধিকাংশ সময় আমাদেরকে কুরআনের সাথে সম্পর্ক বৃদ্ধির জন্য তা বুঝে পড়ার চেষ্টা করতে হবে। দ্বিতীয়ত: কুরআনের প্রতি এ বিশ্বাস রাখতে হবে যে, কুরআনই একমাত্র পারে ব্যক্তি, সমাজ ও যুগকে পাল্টে দিয়ে একটি কল্যাণমুখী ও সোনালী সূর্যের সন্ধান দিতে। এছাড়া অন্য কোন মত বা পথে দুনিয়ার কল্যাণ ও আখিরাতে মুক্তির কোন সম্ভবনাই নেই। এ মহাগ্রন্থ আল কুরআন ছাড়া মানুষের মুক্তির চিন্তা করা একটি বাস্তবতাকে উপেক্ষা করা ছাড়া আর কিছুই নহে। বর্তমান এ বিপর্যস্ত পৃথিবীটাই এর প্রধান স্বাক্ষী। সারা পৃথিবী জুড়ে মানব রচিত বা মানুষের মস্তিষ্ক তৈরী আইন-কানুন দিয়ে শান্তি আনয়নের চেষ্টা বা সাধনা করা হচ্ছে। কিন্তু শান্তি তো দূরের কথা, বরং মানুষের জীবন দূর্বিসহ হয়ে উঠছে।

আসুন তাকওয়ার অনুশীলনের জন্য কুরআনকে নিত্যসঙ্গী হিসেবে গ্রহণ করি। একটি তাকওয়া সম্পন্ন জাতির উন্নয়নে আল্লাহ তা'আলা আসমান ও জমিনের দ্বার খুলে দেন। এটি আল্লাহর ওয়াদা। আল্লাহ তা'আলা বলেন, "লোকালয়ের মানুষগুলো যদি ঈমান আনতো ও তাক্ওয়া বা ভয় করতো তাহলে আমি তাদের উপর আসমান জমিনের যাবতীয় বরকতের দুয়ার খুলে দিতাম, কিন্তু তারা মিথ্যা প্রতিপন্ন করল। সুতরাং তাদের কর্মকান্ডের জন্য আমি তাদের পাকড়াও করলাম।" *(সুরা আরাফ-৯৬)*









PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



COMMITTED HOME CARE



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস **TRANSFER** এ সহযোগিতা করে থাকি।

আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট **833-247-5346** নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য **COMMITTED HOME CARE** নাম উল্লেখ্য করতে হবে।



CORPORATE OFFICE:
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



Syed Alamin
Administrator
Email: cdpap@bestcare.com

Bestcare Corporate
3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210

ইউনূস-মোদি বৈঠকের পর আওয়ামী শিবিরে প্রচণ্ড হতাশা



বাংলা পত্রিকা রিপোর্ট: ইউনূস-মোদি বৈঠকের পর প্রচণ্ড হতাশা আওয়ামী শিবিরে। শুরুতে বলা হয়েছিল, বৈঠকের আদৌ কোনো সম্ভাবনা নেই। শেষ মুহূর্তে অনেকটা নাটকীয়ভাবে বৈঠকটি অনুষ্ঠিত হয়। তাও বিশ মিনিটের স্থলে চল্লিশ মিনিটে গিয়ে পৌঁছায়। যদিও বৈঠকে আহামরি কোনো ফলাফল আসেনি। তবে, দুজনের সাক্ষাৎ ছিল আলোচিত, রহস্যেভরা। বৈঠকের আগে ভারতীয় সংবাদমাধ্যমগুলো এক নাগাড়ে বলে আসছিল মোদির সঙ্গে ইউনূসের বৈঠক হওয়ার সম্ভাবনা নেই। এমনকি নরেন্দ্র মোদি নিজে যে টুইট করেছিলেন তাতেও বৈঠক সম্পর্কে কোনো আভাস-ইঙ্গিত ছিল না। প্রফেসর ইউনূসের চীন সফর এবং সেভেন সিস্টার্স নিয়ে তার খোলামেলা বক্তব্যে নতুন মেরুকরণ তৈরি হয়। ভারত প্রকাশ্যেই হতাশা ব্যক্ত করে। এসব কারণে বৈঠকটি অনিশ্চিত হয়ে পড়ে। কিন্তু কীভাবে হলো এই বৈঠক। শুধু কি ভারতীয় হাইকমিশন বলল আর বৈঠকটি হয়ে গেল? তা কিন্তু নয়। যতটুকু শোনা যাচ্ছে, একটি তৃতীয় পক্ষের আগ্রহেই 'সোফা বৈঠকে' রাজি হয় ভারত। এই পক্ষটা কে বা কারা- তা জানা সম্ভব হয়নি। ঢাকার কূটনৈতিক মহলে এ নিয়ে নানা কথাই চাউর হয়ে আছে।

ঢাকার ভারতীয় হাইকমিশন যথার্থই বার্তা পাঠিয়েছিল। যেভাবে বাংলাদেশের মানুষজন ভারতবিরোধী হয়ে যাচ্ছে তা যদি অব্যাহত থাকে তাহলে পাকিস্তানের মতো পরিবেশ হয়ে যেতে পারে। ভারত তার অবস্থান কিছুটা পরিবর্তন করেছে। এখন তারা বলছে, কোনো একটি দল নয়, তারা জনগণের সঙ্গে সম্পর্ক রাখতে চায়। যাইহোক, বৈঠকের আলোচ্য বিষয় নিয়েও কূটনৈতিক মহলে জোর আলোচনা চলছে। বলা হচ্ছে, ভারত বিশ্বাসই করতে পারেনি প্রফেসর ইউনূস এভাবে শেখ হাসিনার প্রত্যর্পন চেয়ে বসবেন মুখোমুখি অবস্থানে থেকে। তারা ভেবেছিল, শেখ হাসিনার প্রত্যর্পণ চেয়ে বাংলাদেশের তরফে যে কূটনৈতিক চিঠি পাঠানো হয়েছে তাই যথেষ্ট। নরেন্দ্র মোদির সামনে বসে প্রফেসর ইউনূস সরাসরি তার প্রত্যর্পণ চাইবেন না। কিন্তু বাস্তবে তাই ঘটেছে।

হাজার হাজার আওয়ামী লীগের নেতাকর্মী এখন ভারতে। অনেকেই পালিয়ে বেড়াচ্ছেন। কেউ কেউ 'ম্যানেজ' করে থাকার চেষ্টা করছেন। এর মধ্যে নতুন এক খেলা শুরু হয়েছে। বাড়িঘরে দেয়া হচ্ছে আগুন। যা দেশের গণতন্ত্রের জন্য সহায়ক নয়। স্থিতির জন্যও অনুকূল নয়। কারা এই খেলায় মেতেছে তদন্ত হওয়া দরকার। এ নিয়ে নানা গল্প চালু আছে। ভারতে যারা পালিয়ে আছেন তারমধ্যে অনেকেই রাজনৈতিক আশ্রয় চেয়েছেন। অনেকে আবার অপেক্ষায় আছেন। পরিস্থিতি যদি পাল্টায় অথবা যদি দ্রুত নির্বাচন হয় তাহলে হয়তো ফিরে আসার সম্ভাবনা সৃষ্টি হতে পারে। ঢাকা-দিল্লি সম্পর্কের তিক্ততার মধ্যে অনুষ্ঠিত বৈঠকে সংখ্যালঘু নির্য্যাতনের প্রসঙ্গটি এসেছিল। বাংলাদেশ বরাবরই বলে আসছে এগুলো অনেকটাই প্রোপাগান্ডা। বাস্তব পরিস্থিতি তা নয়। নরেন্দ্র মোদিকে এমনটাই বলে দিয়েছেন বাংলাদেশের প্রধান উপদেষ্টা। ভারতীয় মিডিয়ায় বাংলাদেশ সম্পর্কে যেসব খবরাখবর আসে তাও বৈঠকে অন্যতম প্রসঙ্গ হয়ে ওঠে। ভারত তার অবস্থান থেকে নড়েনি। এমন কোনো প্রতিশ্রুতিও দেয়নি যে, মুহূর্তেই এই প্রোপাগান্ডাগুলো নিঃশেষ হয়ে যাবে। কূটনৈতিক বৈঠকগুলোতে কতকিছুই তো আলোচনা হয়। দু একটি বিষয় সবার নজর কাড়ে। শেখ হাসিনার প্রত্যর্পণ নিয়েই এখন সবচাইতে বেশি আলোচনা হচ্ছে। তাহলে কি শেখ হাসিনার প্রত্যর্পন ইস্যুটি দ্রুতই ফয়সালা হবে? ওয়াকিবহাল কূটনীতিকেরা বলছেন, এমন সম্ভাবনা নেই। তবে ভারত যে আন্তর্জাতিক চাপে পড়বে এ নিয়ে কোনো সন্দেহ নেই। ভারত দ্রুত নির্বাচনের কথা বলেছে। যেটা বাংলাদেশের জনগণেরও প্রত্যাশা।

একটি নির্বাচনের জন্য বছরের পর বছর মানুষ অপেক্ষায় রয়েছে। ভালো নির্বাচন, অংশগ্রহণমূলক নির্বাচন বাংলাদেশের চলমান সংকটের সমাধান দিতে পারে এ নিয়ে কোনো বিতর্ক নেই। অনেকে অবশ্য নির্বাচনী প্রক্রিয়া দীর্ঘায়িত করার পুরনো কৌশল নিয়েই খেলছেন পর্দার আড়ালে। ওদিকে বাংলাদেশ যে বদলে যাচ্ছে তার কিছু আলামত আন্তর্জাতিক মিডিয়াতে স্থান পাচ্ছে। নিউ ইয়র্ক টাইমসের প্রতিবেদন এক কথায় খারিজ করে দেয়া হলেও বিষয়টি নিয়ে যথেষ্ট ভাববার যে কারণ রয়েছে এমনটাই বলছেন বিশ্লেষকরা।

ফের প্রশ্নের মুখে টিউলিপ

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশে ৬ লাখ পাউন্ড মূল্যের একটি ফ্ল্যাট নিয়ে প্রশ্নের মুখে টিউলিপ সিদ্দিক। ওই ফ্ল্যাটটি তিনি হেবা প্রক্রিয়ায় তার বোন আজমিনা সিদ্দিককে দিয়েছেন বলে দাবি করেছেন। কিন্তু আইন বিশেষজ্ঞরা বলছেন, হেবা করে কাউকে সম্পদ হস্তান্তর করলে তা সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে করতে হয়। থাকে পাকা দলিল। কিন্তু টিউলিপ তা করেননি বা তা করতে গিয়ে স্বাক্ষর জাল করেছেন। ফলে আবারো টিউলিপ সিদ্দিককে নিয়ে সরগরম বৃটিশ মিডিয়া। এবার ডেইলি মেইল তাকে নিয়ে সংবাদ প্রকাশ করেছে। এর শিরোনাম 'কোয়েশ্চেনস রেইজড ওভার হোয়েদার ফরমার লেবার মিনিস্টার মিসলিড পার্লামেন্ট ওভার ওনারশিপ অব ৬,০০,০০০ পাউন্ড বাংলাদেশ ফ্ল্যাট'। অর্থাৎ বাংলাদেশে ৬ লাখ পাউন্ডের একটি ফ্ল্যাটের মালিকানা নিয়ে তিনি বৃটিশ পার্লামেন্টকে বিভ্রান্ত করেছেন কিনা তা নিয়ে প্রশ্ন উঠেছে। শনিবার দিবাগত রাতে এমন প্রশ্নের মুখোমুখি হয়েছেন তিনি। উল্লেখ্য, বাংলাদেশের ক্ষমতাচ্যুত ও পালিয়ে ভারতে গিয়ে আশ্রয় নেয়া সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগ্নি টিউলিপ সিদ্দিক। তার বিরুদ্ধেও ব্যাপক দুর্নীতির অভিযোগ আছে। এর মধ্যে আওয়ামী লীগ সংশ্লিষ্ট দুই ব্যক্তির কাছ থেকে লন্ডনে দুটি ফ্ল্যাট নেয়ার অভিযোগ আছে। তার বাইরে বাংলাদেশের ফ্ল্যাট ও সম্পদের মালিক হয়েছেন। লেবার দল ক্ষমতায় আসার পর তাকে নগরমন্ত্রী বা সিটি মিনিস্টার বানান তার ঘনিষ্ঠ বন্ধু ও বৃটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার। লন্ডনের ফ্ল্যাটের বিষয়ে বৃটিশ মিডিয়া জোর দিয়ে রিপোর্ট প্রকাশের বেশ কিছুদিন পরে মন্ত্রিত্ব ত্যাগ করেন টিউলিপ। ডেইলি মেইল লিখেছে, বাংলাদেশের দুর্নীতি দমন কমিশনের অনুরোধে রাজধানী ঢাকায় ৬,০০,০০০ পাউন্ড মূল্যের অ্যাপার্টমেন্টটি জব্দের আদেশ দেয়া হয়েছে। এ নিয়ে লেবার দলের এই এমপি'র বিরুদ্ধে তদন্ত চলছে। ৪২ বছর বয়সী মিসেস সিদ্দিক কোনো অন্যায় কাজ করার কথা অস্বীকার করেছেন। তিনি ডেইলি মেইলকে বলেছেন, ২০০২ সালে তার পিতামাতার কাছ থেকে



উপহার হিসেবে ওই ফ্ল্যাটটি পেয়েছেন। তারপর ২০১৫ সালের মে মাসে পার্লামেন্ট সদস্য নির্বাচিত হওয়ার কয়েক সপ্তাহের মধ্যেই তা 'আইনসম্মত এবং বৈধভাবে' তার বোন আজমিনা (৩৪) সিদ্দিক রূপন্তিকে হেবাসূত্রে হস্তান্তর করেছেন। কিন্তু বিশেষজ্ঞরা বলছেন, বাংলাদেশের সম্পদ হস্তান্তর বিষয়ক আইনের অধীনে মালিকানা যদি সাব-রেজিস্ট্রি অফিসে পরিবর্তন না করা হয়, তাহলে কোনো সম্পদ হস্তান্তর আইনগতভাবে বৈধ বলে বিবেচ্য নয়। দুর্নীতি দমন কমিশন দাবি করেছে, তিনি যে হেবা করেছেন তা ভুয়া। এক্ষেত্রে যে ব্যারিস্টার জড়িত বলে বলা হয়েছে তিনি তা অস্বীকার করেছেন। তার দাবি, তার স্বাক্ষর জাল করা হয়েছে। ওদিকে গত সপ্তাহে ঢাকা সাব-রেজিস্ট্রি অফিসে অনুসন্ধান করে ডেইলি মেইল। তাতে দেখা যায়, মিসেস সিদ্দিক এখনো ফ্ল্যাটটির মালিক। দুদকেরও একই অভিযোগ। বাংলাদেশের আদালত এখন সিদ্ধান্ত নেবে যে ওই ফ্ল্যাটটি কার মালিকানাধীন। গত মাসে দুদক বলেছে, মিসেস সিদ্দিক ২০১৫ সালে হেবা ব্যবহার করে ফ্ল্যাটের মালিকানা আজমিনার কাছে 'হস্তান্তর' করার চেষ্টা করেন। হেবা একটি ইসলামিক পদ্ধতি। এর অধীনে একজন ব্যক্তিকে 'ভালোবাসার বশবর্তী হয়ে' পরিবারের সদস্যের কাছে সম্পদ হস্তান্তর করার অনুমতি দেয়। তবে বিশেষজ্ঞরা বলছেন, বাংলাদেশি আইন অনুসারে সাব- রেজিস্ট্রি অফিসে মালিকানা পরিবর্তন না হওয়া পর্যন্ত সম্পত্তি হস্তান্তর বৈধ বলে বিবেচিত হয় না। তবে মিসেস সিদ্দিকের আইনজীবীরা বলেছেন, হেবা প্রক্রিয়া সঠিকভাবে কার্যকর করা হয়েছে। তিনি ঘোষণা করেছেন যে, ফ্ল্যাটটি 'পরিবারের একজন সদস্যের সঙ্গে সহ-মালিকানাধীন'। কারণ সমস্ত ভাড়া পেয়েছেন তার বোন। তার প্রতিনিধিরা দুদকের অভিযোগগুলোকে 'মিথ্যা এবং বিরক্তিকর' বলে অভিহিত করেছেন। শনিবার দিবাগত রাতে তার আইনজীবী পল থোয়েট বলেন, একজন বাংলাদেশি আইন বিশেষজ্ঞ তাকে বলেছেন যে, হেবা নথিই সম্পত্তি স্থানান্তরের জন্য যথেষ্ট। রেজিস্ট্রি রেকর্ডগুলো এক্ষেত্রে অনির্ভরশীল। তিনি বলেন, মিসেস সিদ্দিক পার্লামেন্টকে বিভ্রান্ত করেছেন বলে যে অভিযোগ করা হয়েছে তা 'অসত্য এবং অর্থহীন'। মিসেস সিদ্দিক জানুয়ারিতে সিটি মিনিস্টার হিসেবে পদত্যাগ করেন। তার খালা শেখ হাসিনার সঙ্গে সম্পর্কিত যুক্তরাজ্য-ভিত্তিক একজন রিয়েল এস্টেট ব্যবসায়ী তাকে ৭,০০,০০০ পাউন্ডের লন্ডনের একটি ফ্ল্যাট দিয়েছিলেন। ২০২২ সালে টিউলিপ ডেইলি মেইলের কাছে দাবি করেন যে, এটি তার পিতামাতা তার জন্য কিনেছেন। স্যার লরি ম্যাগনাসের একটি তদন্তে দেখা গেছে, মিসেস সিদ্দিক অসাবধানতাবশত জনসাধারণকে বিভ্রান্ত করেছেন। গত সপ্তাহে এক্সে মিসেস সিদ্দিক তার বিরুদ্ধে দুদকের অভিযোগগুলোকে 'ভিত্তিহীন' বলে বর্ণনা করেন। তিনি বলেন- এখানে যুক্তরাজ্যে যথাযথ প্রক্রিয়া, আইনের শাসন এবং ন্যায্যতার ঐতিহ্য রয়েছে। আমি যেকোনো বৈধ প্রশ্নের উত্তর আনন্দের সঙ্গে দেবো। কিন্তু আমি নোংরা রাজনীতিতে জড়িয়ে পড়বো না, অথবা একজন বৃটিশ নাগরিক এবং যুক্তরাজ্যের পার্লামেন্টের একজন গর্বিত সদস্য হিসেবে আমার কাজকে দুর্বল করার জন্য তাদেরকে 'উইচহান্টের' অনুমতি দেবো না।

TITLE SPONSOR
river
POWERED BY
GOLDEN AGE HOME CARE
DIAMOND SPONSOR
Empire Care Agency
LHCSA Licensed Health Home Care
NURUL AZIM
President & CEO
Phone: 516-900-7860
Sarah Care USA
HOME CARE & PCA SERVICES
Cell: 201-982-3140
ShahGROUP
CELL: 212-920-0700
SHAH J. CHOUDHURY
SHAHEEN CHOWDHURY
Renowned Businessman and Activist
Cell: 405-493-3476



BANGLADESH DAY PARADE 2025

GOLD SPONSOR
Utshob Group
প্রবাসে থেকে নিশ্চিন্তে বাড়ি/ফ্ল্যাট কিনুন দেশে
CELL: 516-508-6698
KIM & ASSOCIATES P.C
Kwangsoo Kim, Esp
Attorney At Law
Eng. Mohammad A. Khalek
Cell: 917-667-7324
partner.co
Z R CHOWDHURY LETU
President
DIGITAL SECURITY SYSTEM
Cell: 941 822 3090

SUN, APRIL 13TH, 9 AM TO 2 PM

PLACE: 37 AVE BETWEEN 69TH ST & 87TH ST JACKSON HEIGHTS

ORGANIZED BY: BANGLADESH SOCIETY, INC
IN ASSOCIATION WITH: HUMANITY EMPOWERMENT RIGHTS FOUNDATION

News Print Partner
THIKANA
Media Partner
Rtv
BAYANNO.TV

GOLD SPONSOR
LAW OFFICE OF
H. BRUCE FISCHER P.C.
Cell: 917-597-6349
AKIB HUSSAIN
PHONE: 646-920-4799
CHAUDRI CPA P.C.

SPECIAL THANKS
আজকাল CHANNEL DESH পরিচয় BANGLA WEEKLY THE PARICHOY প্রবাস রূপসী বাংলা প্রথম আলো TBN 24 TIME নিউইয়র্ক বাংলা
বাঙ্গালী The Generation iBTV USA বাংলা পোস্ট Bornomalanews BANGLA PRESS নবযুগ KIRONTV MILLENNIUM বিডিসংবাদ

FOR MORE INFORMATION
MOHAMMAD ALI: 917-302-0443, FAHAD SOLAIMAN: 347-393-8504, FEMD ROCKY: 415-650-7294



পথচেয়ে ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ২৭ : সোমবার, চৈত্র ২৪, ১৪৩১
শাওয়াল ৮, ১৪৪৬

Vol. 29 : Issue 27 : April 07, 2925 USA
Free in NY, Other State $1

নোবেল জয়ীর ভিসা বাতিল করলো যুক্তরাষ্ট্র



অস্কার আরিয়াস সানচেজ

বাংলা পত্রিকা রিপোর্ট: শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ী কোস্টারিকার সাবেক প্রেসিডেন্ট অস্কার আরিয়াসের ভিসা বাতিল করেছে যুক্তরাষ্ট্র। মঙ্গলবার এক ইমেইল বার্তায় যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে ভিসা বাতিলের তথ্য তাকে জানানো হয়েছে বলে জানিয়েছেন *২৬-এর পৃষ্ঠায় দেখুন*

সাইদ তারেকের কলাম

হাউ ইজ দ্যাট-!



সংস্কার নিয়ে আট মাস এত গ্যাজাগেজি চলছে এখন তো সন্দেহ হচ্ছে এরা নিজেরাই তা চায় কি না! করার হলে অনেক আগেই করে ফেলা যেতো। এর আগে অনির্বাচিত যারা রাষ্ট্রের বা সংবিধানের সংশোধন বা *১২-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্পের ট্র্যাক্স প্রস্তাব

গ্রোসারীতে দাম বাড়ছে যে সব পণ্যের

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ট্রাম্পের ঘোষিত ট্যারিফের প্রভাবে যুক্তরাষ্ট্রজুড়ে সুপারমার্কেটের ১০টি পণ্যের দাম ব্যাপক হারে বাড়বে। এতে করে সুপারমার্কেট কিংবা গ্রোসারী থেকে নিত্যপণ্য ক্রয়ে অতিরিক্ত দাম গুণতে হবে ক্রেতাদের। সাধারণ মানুষের আয়ের ওপর এর প্রভাব পড়তে পারে বলে জানিয়েছেন অর্থনীতিবিদ ও সংশ্লিষ্টরা।

অর্থনীতিবিদদের মতে, প্রেসিডেন্ট ট্রাম্পের ঘোষিত নতুন ট্যারিফের ফলে গ্রোসারি দোকান বা লিকার স্টোরে কেনাকাটা আরও ব্যয়বহুল হয়ে উঠতে চলেছে। সামুদ্রিক খাবার, থেকে জলপাইয়ের তেল এই সমস্ত পণ্যের দাম বৃদ্ধির সম্ভাবনা তৈরি হয়েছে।

বুধবার প্রেসিডেন্ট ট্রাম্পের ঘোষিত আমদানি শুল্কের নতুন ধাপের পরিপ্রেক্ষিতে বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, দৈনন্দিন পণ্যের দাম বাড়বে। ব্যবসায়ীদের বিদেশি পণ্যের উপর দিতে হওয়া এই শুল্ক কানাডা, মেক্সিকো ও চীনের উপর পূর্ববর্তী শুল্কের পরিপূরক হিসেবে আসছে।

সামুদ্রিক খাবার, *৫-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্ক সিটি মেয়রের বাসভবনে বাংলাদেশ হেরিটেজ ডে উদযাপন

গ্রেসি ম্যানশন হয়ে উঠে এক টুকরো বাংলাদেশ

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামসের উদ্যোগে উৎসবমুখর পরিবেশে তৃতীয় বারের মতো উদযাপিত হলো 'বাংলাদেশ হেরিটেজ ডে'। বাংলাদেশ সোসাইটির সহযোগিতায় বৃ হস্পতিবার (৩ এপ্রিল) বিকেলে ইস্ট রিভারের পাড়ে মেয়রের সরকারি বাসভবন 'গ্রেসি ম্যানশন'-এ *১৬-এর পৃষ্ঠায় দেখুন*

৩ মে নিউ ইয়র্কে রিয়েল এস্টেট এক্সপো

বাংলা পত্রিকা রিপোর্ট: ইউএস বাংলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ড্রাষ্ট্রি - ইউএসবিসিসিআই'র উদ্যোগে নিইয়র্কে দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে ইউএসবিসিসিআই রিয়েল এস্টেট এক্সপো-২০২৫। গেলো বছরের এক্সপোর সফলতার আলোকে *১৫-এর পৃষ্ঠায় দেখুন*

ইমিগ্র্যাশনের ভুল ইমেইল: ৭ দিনের নোটিশে দেশ ছাড়ার নির্দেশ!

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে মানবিক সহায়তা প্রকল্পের আওতায় বৈধভাবে অবস্থান করা বিপুলসংখ্যক ইউক্রেনীয়কে সাত দিনের মধ্যে দেশটি ছাড়তে বলা হয়েছে। অন্যথায়, যুক্তরাষ্ট্র 'ফেডারেল সরকার তাদের খুঁজে বের করবে।' গত সপ্তাহে এই নির্দেশনা সংবলিত একটি ই-মেইল পেয়েছেন ইউক্রেন যুদ্ধ শুরুর পর থেকে যুক্তরাষ্ট্রে বৈধভাবে আশ্রয় নেওয়া বিপুল পরিমাণ ইউক্রেনীয়।

এদিকে শুক্রবার ইউএস হোমল্যান্ড সিকিউরিটি দপ্তর তথা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র বলেন, ই-মেইলটি ভুল করে পাঠানো হয়েছে এবং ২০২২ সালে রাশিয়ার আক্রমণের পর তৈরি *৫-এর পৃষ্ঠায় দেখুন*

কনস্যুলেট অফিসে সেবায় প্রবাসীরা বৈষম্যের শিকার না হন সেদিকে সতর্ক থাকতে হবে

নিউইয়র্কে কমিউনিটি নেতৃবৃন্দের সাথে রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারীর মতবিনিময়



বিশেষ প্রতিনিধি: মেক্সিকোতে নব নিযুক্ত রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব নিয়ে নিউইয়র্কে ফিরে কমিউনিটি নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করলেন সাংবাদিক মুশফিকুল ফজল আনসারি। শুক্রবার (৪ এপ্রিল) বিকেলে বাংলাদেশ কনস্যুলেটে এই সভার আয়োজন করা হয়। সভায় কনস্যুলেটে প্রবাসীদের সেবার মান আরো বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করেন রাষ্ট্রদূত মুশফিকুল বলেন, বিগত *৫-এর পৃষ্ঠায় দেখুন*

৫ মে কুলাউড়া এসোসিয়েশনের নবনির্বাচিতদের অভিষেক খসরু-সুয়েব পরিষদ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী কুলাউড়াবাসীদের সংগঠন 'কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ'র নবনির্বাচিত কার্যকরী *৫-এর পৃষ্ঠায় দেখুন*

বাংলাদেশ সোসাইটি ব্রঙ্কসে'র নির্বাচন ২৭ এপ্রিল

নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস, নিউইয়র্ক ইনকের নির্বাচন আগামী ২৭ এপ্রিল রোববার অনুষ্ঠিত হবে। সংগঠনের *৫-এর পৃষ্ঠায় দেখুন*

ইস্ট সাইড নেইবারহুডে আতংক

একদিনের ব্যবধানে ম্যানহাটনে বাংলাদেশী স্টোরে ২ দফা ডাকাতি

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির ম্যানহাটন বরোর ইস্ট সাইড নেইভারহুড এলাকায় অস্ত্রধারী ডাকাত-ছিনাতইকারীদের উৎপাত ও লুটপাট বৃদ্ধি পেয়েছে। ২৪ ঘন্টার ব্যবধানে *৭-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে দেখা মিললো আত্মগোপনে থাকা শামীম ওসমানের



বাংলা পত্রিকা রিপোর্ট: শেখ হাসিনার নেতৃত্বাধীন আ.লীগ সরকারের পতনের প্রায় ৮ মাস পর অবশেষে বহুল আলোচিত সাবেক এমপি শামীম ওসমানের দেখা মিললো নিউইয়র্কের জ্যামাইকাতে। স্থানীয় সময় বৃহস্পতিবার আনুমানিক রাত ৯ টার দিকে জ্যামাইকাতে অবস্থিত ঘরোয়া রেস্টুরেন্টে দেখা গেছে। বৃহস্পতিবার রাতে কমিউনিটি এক্টিভিস্ট আল আমীন রাসেল তার নিজ ফেসবুক আইডিতে ঘরোয়া রেস্টুরেন্টে বসে শামীম *১২-এর পৃষ্ঠায় দেখুন*

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: ২০২৪ সালের জুলাই-আগষ্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে শেখ হাসিনা নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর নোবেল পুরস্কার বিজীয় একমাত্র বাংলাদেশী প্রফেসর ড. মুহাম্মদ ইনউসের নেতৃত্বে নতুন অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে। এই সরকার ৮ মাস হতে চললো। আওয়ামী লীগ সরকারের পতন আর ইউনূস সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকেই দেশে বিদেশে নানা জল্পনা-কল্পনা চলছে। নিউইয়র্কেও প্রবাসী *২৯-এর পৃষ্ঠায় দেখুন*









Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com